আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

সাপ্তাহিক
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
বর্ষ ২৫ || সংখ্যা ৪৭ || সোমবার || ভাদ্র ৮ || ১৪২৮ || মুহররম ১৫ || ১৪৪৩ || Vol. 25 || Issue 47 || 23 August || 2021 || USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

সেপ্টেম্বরে টিকার বুস্টার ডোজ দিতে প্রস্তুত নিউইয়র্ক



বাংলা পত্রিকা ডেস্ক : নিউইয়র্কে করোনার টিকার বুস্টার ডোজ আগামী সেপ্টেম্বর মাস থেকেই শুরু করার (বাকি অংশ ৯ পাতায়)

তালেবানকে হটিয়ে তিন জেলা দখলে নিল বিরোধীরা

বাংলা পত্রিকা ডেস্ক : কয়েকদিন আগেই কাবুল দখলে নিয়েছে কট্টর ইসলামপন্থী গোষ্ঠী তালেবান। তবে গতকাল শুক্রবার তালেবান যোদ্ধাদের কাছ থেকে আফগানিস্তানের (বাকি অংশ ১৯ পাতায়)

বিশ্বে করোনায় মৃত্যু ৪৪ লাখ ২৮ সহস্রাধিক



বাংলা পত্রিকা ডেস্ক : সারা বিশ্বে এখন পর্যন্ত করোনাভাইরাসে আক্রান্ত হিসেবে শনাক্ত হয়েছে ২১ কোটি ১৫ লাখ ৭৫ হাজার ৫১৯ জন এবং মারা গেছে ৪৪ লাখ ২৮ হাজার ১১১ জন। বিশ্বে করোনায় আক্রান্তদের মধ্যে সুস্থ হয়েছে ১৮ কোটি ৯৩ লাখ ২৭ হাজার ৪৭৭ জন এবং বর্তমানে আক্রান্ত অবস্থায় রয়েছে এক কোটি ৭৮ লাখ ২০ হাজার ২৯৫ জন। বিশ্বে করোনায় আক্রান্তদের মধ্যে (বাকি অংশ ১৯ পাতায়)

আমেরিকান নাগরিকদের কাবুল বিমানবন্দরে যেতে নিষেধ করেছে

বাংলা পত্রিকা ডেস্ক : আফগানিস্তানে নিযুক্ত যুক্তরাষ্ট্রের দূতাবাস তাদের নাগরিকদের নিরাপত্তা সংশ্লিষ্ট একটি সতর্ক বার্তা দিয়েছে। ওই বার্তায় যুক্তরাষ্ট্রের নাগরিকদের কাবুল বিমানবন্দরে (বাকি অংশ ১৯ পাতায়)



মঙ্গলবার থেকে গভর্নরের দায়িত্ব নিচ্ছেন ক্যাথি হকুল

বাংলা পত্রিকা ডেস্ক : মঙ্গলবার থেকে নিউইয়র্কের প্রথম নারী গভর্নর হিসেবে ক্ষমতা গ্রহণ করছেন লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হকুল। ক্যাথি হকুল ক্ষমতা গ্রহণের পর কে হচ্ছেন নতুন লেফটেন্যান্ট গভর্নর এ নিয়ে আলোচনা শুরু হয়ে গেছে। নাম প্রকাশ না করা হলেও নিউইয়র্কের বিভিন্ন সংবাদমাধ্যমে রাজ্য সিনেটর জামাল বেইলি এবং ব্রায়ান বেঞ্জামিনের নাম প্রকাশ হয়েছে। যৌন হয়রানির দায় কাঁধে নিয়ে ক্ষমতা থেকে ২৪ আগস্ট সরে দাঁড়াচ্ছেন রাজ্য গভর্নর অ্যান্ড্রু কুমো। তাঁর পদত্যাগের কারণে রাজ্য আইনসভা অ্যান্ড্রু কুমোর বিরুদ্ধে অভিশংসন প্রস্তাব গ্রহণের উদ্যোগ থেকে সরে এসেছে। নিউইয়র্ক রাজ্যের লেফটেন্যান্ট গভর্নর পদটি অনেকটাই আনুষ্ঠানিক। নানা অনুষ্ঠানে ফিতা কাটা ছাড়া লেফটেন্যান্ট গভর্নরকে তেমন কোনো গুরুত্বপূর্ণ কাজে দেখা যায় না। ক্যাথি হকুল (বাকি অংশ ১৯ পাতায়)

সন্ত্রাসী হামলার ভয়ে সতর্কতা জারি

বাংলা পত্রিকা ডেস্ক : যুক্তরাষ্ট্রে ১১ সেপ্টেম্বরের হামলার বার্ষিকীর আগে বিভিন্ন হুমকিতে নতুন করে সন্ত্রাসী হামলার ভয়ে সতর্কতা জারি করা হয়েছে। দেশটির হোমল্যান্ড সিকিউরিটি ডিপার্টমেন্ট (বাকি অংশ ১৯ পাতায়)

আজিজ মোহাম্মদ ভাই ও তার পরিবারের ব্যাংক হিসাব জব্দ



বাংলা পত্রিকা ডেস্ক : পরিবারসহ আজিজ মোহাম্মদ ভাইয়ের ব্যাংক হিসাব জব্দ করেছে এনবিআর। তার মালিকানাধীন এমবি (বাকি অংশ ১৯ পাতায়

আফগান ইস্যু

শফি সামির ভাবনা



বাংলা পত্রিকা ডেস্ক : আফগানিস্তানের পরিবর্তিত রাজনৈতিক পরিস্থিতিতে বাংলাদেশের যথেষ্ট বিচার বিশ্লেষণপূর্বক সিদ্ধান্ত গ্রহণ সমীচীন হবে বলে মনে করেন সাবেক পররাষ্ট্র (বাকি অংশ ১৯ পাতায়)

APOLLO INSURANCE BROKERAGE INC.
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Avenue, Astoria, NY 11106
Tel: 718-472-9800 Fax: 718-472-9801
Email: apollobrokerageinc@gmail.com exitluxuryinc@gmail.com Website: www.exitluxuryinc.com

বাংলাদেশের তরুণ প্রজন্ম কেন রাজনীতিবিমুখ



বাংলা পত্রিকা ডেস্ক : বাংলাদেশের তরুণ প্রজন্মের কাছে সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোর মধ্যে নিঃসন্দেহে ফেসবুকই সবচেয়ে জনপ্রিয়। তরুণদের একটি বড় অংশ দিনের অনেকটা সময় ফেসবুকে কাটান। সুতরাং তরুণরা কি চান বা কি চান না তা বুঝতে ফেসবুক হলো গুরুত্বপূর্ণ এক প্ল্যাটফরম। প্রত্যেক ফেসবুক ব্যবহারকারীকে তার প্রোফাইলে (বাকি অংশ ৪৪ পাতায়)

জামানের পদত্যাগ

সিলেট বিএনপি'র দ্বন্দ্ব প্রকাশ্যে

বাংলা পত্রিকা ডেস্ক : আবারো সেই পুরনো দ্বন্দ্ব সিলেট বিএনপিতে। প্রতিবাদে সব সময়ই অগ্রজ একাংশের নিয়ন্ত্রক এডভোকেট (বাকি অংশ ১৯ পাতায়)

QA TEK SOLUTIONS
NO MORE ODD JOBS
GET A JOB WITH $80K PLUS SALARY!
Locations: New York & Virginia
OUR MOST POPULAR COURSES:
Basic Computing for IT Help Desk Support
Software Testing with Selenium
Data Analysis with Power BI
ADMISSION GOING ON
QA TEK SOLUTIONS INC.
An Information Technology Company
NY (347) 259-1930 NY (347) 658-9284 VA (571) 457-0371
167-11 Hillside Avenue # 2a, Jamaica, NY 11434
admin@qateksolutions.com www.qateksolutions.com



কে এই মহিব্বুল্লাহ বাবুনগরী

বাংলা পত্রিকা ডেস্ক : নুরুল ইসলাম জিহাদী সংগঠনের প্রধান উপদেষ্টা আল্লামা মহিব্বুল্লাহ বাবুনগরীকে ভারপ্রাপ্ত আমীর হিসেবে ঘোষণা করেছেন। ফলে (বাকি অংশ ১৯পাতায়)

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
Bangla Travel
JACKSON HEIGHTS NEW YORK
আমরা IATA আমরা ARC
সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
7305 37th Road, Jackson Heights, NY 11372
Email: digitalonetravel@gmail.com (কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজা)
Phone: 917-396-4140, 917-592-7828
সুপার সেল $৬৪৯+
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আই আর এস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আপনার ট্যাক্স ফাইল একজন সিপিএ দিয়ে করুন
আহাদ আলী, সিপিএ
Tel: (929)371-9915 | info@ahadandco.com
2153 Westchester Ave Suite 200, Bronx, NY 10462
47-01 Van Dam Street Long Island City, NY 11101

SUNNATI HAJJ & UMRAH GROUP
IATA
Haji trusted since 2000
All Air Tickets Visa Services
Peace Tour
Tel: 718-739-3189
Cell: 347-527-6276, 347-750-3909
87-26, 175 Street, Apt. #1A, Jamaica, NY 11432
Email: sunnatihajj@gmail.com
Web: www.hajjmakkah.com

CENTURY 21
AMERICAN HOMES
বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-446-1300
F: 718-452-2152
khanf04@yahoo.com
c21amhomes.com
76-26 Broadway, Elmhurst, NY 11373
Ferdous Khan
Real Estate Licensed Sales Assoricate

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

স্বল্পমূল্যে Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
crescentinsurance@gmail.com
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372
KABIR CHOWDHURRY

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

www.banglapatrikausa.com

BANGLA HOME CARE
BANGLA CDPAP SERVICES

LOVE WITH CARE IS HUMANITY"

বাঙালীর জন্যে বাঙালীর সেবা, মানুষ মানুষের জন্যে




Corporate Office

72-26 BROADWAY (2ND FL.)
JACKSON HEIGHTS, NY 11372

WE ARE HIRING HHA
HHA CERTIFICATE CLASS AVAILABLE

HHA সার্টিফিকেট এর মাধ্যমে আপনি ঘরে-বাইরে
যে কোন রোগীকে স্বাস্থ্য-সেবা দিতে পারেন।

- Highest Rate • Home Care Services
- CDPAP Services • MLTC Related Supports
- Medicaid Apply, Renewal & Code Removal



BROOKLYN OFFICE : 518 McDONALD AVENUE, BROOKLYN, NY 11218

FOR MORE INFO

718-708-9751 | 646-769-0966 | 718-415-3924 | 718-629-7169
718-414-7210 | 718-500-2388

E-MAIL: BANGLACDPAP.CLIENTS@GMAIL.COM

বাংলা পত্রিকা

৩-এর পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

The Weekly Bangla Patrika // Monday // August 23 // 2021


নিউজ প্রেজেন্টার দিমা'র অ্যাওয়ার্ড লাভ



নিউইয়র্ক: আহমেদ হোসেন সিক্সটিন ড্রীম ফাউন্ডেশন-এর বিশেষ মিডিয়া অ্যাওয়ার্ড পেলেন টাইম টেলিভিশন-এর নিউজ প্রেজেন্টার দিমা নেফারতিতি। সংগঠনের সভাপতি আলী হোসেন তার হাতে অ্যাওয়ার্ড তুলে দেন। অতি সম্প্রতি নিউইয়র্কে অয়োজিত আহমেদ হোসেন সিক্সটিন ড্রিম ফাউন্ডেশনের ৭ম প্রতিষ্ঠা বার্ষিকীর অনুষ্ঠানে গুণীজন সম্মাননা প্রদান করা হয়। অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধা, লেখক, সাংবাদিক, শিল্পী ও কমিউনিটির স্বনামধন্য ব ্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। এবছর এই সংগঠনের পক্ষ থেকে অন্যদের পাশাপাশি বিশেষ মিডিয়া অ্যাওয়ার্ড প্রদান করা হয় মিডিয়া ব্যক্তিত্ব, টিভি নিউজ প্রেজেন্টার এবং ডকুমেন্টারি ফিল্ম মেকার দিমা নেফারতিতিকে। উল্লেখ্য, গত সাত বছর ধরে দেশে এবং প্রবাসে বাঙালী সংস্কৃতির বিকাশ, সুবিধাবঞ্চিত শিশুদের জীবনমান উন্নয়ন, নারীর ক্ষমতায়ন, গুনীজন সংবর্ধনাসহ বিভিন্ন কর্মসূচী নিয়ে কাজ করছে আহমেদ হোসেন সিক্সটিন ড্রীম ফাউন্ডেশন সংগঠনটি। -প্রেস বিজ্ঞপ্তি।

আল্লামা জুনায়েদ বাবুনগরীর জানাজা সম্পন্ন





ঢাকা ডেস্ক: হেফাজতে ইসলামের আমীর ও দারুল উলূম হাটহাজারী মাদ্রাসার শিক্ষা পরিচালক, শায়খুল হাদিস আল্লামা জুনায়েদ বাবুনগরী ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। বৃহস্পতিবার (১৯ আগষ্ট) বেলা সাড়ে ১২টায় তিনি চট্টগ্রাম নগরীর বেসরকারি হাসপাতাল সিএসসি-সআর-এ চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। এরআগে বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টায় হঠাৎ উচ্চ রক্তচাপের কারণে তিনি অনেকটা সংজ্ঞাহীন হয়ে পড়ায় বেলা সাড়ে ১১টার দিকে সিএসসিআর-এ ভর্তি করা হয়। হেফাজতে ইসলাম বাংলাদেশ কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক মাওলানা মীর ইদরীস বলেন, 'কয়েকদিন আগেও হুজুরের নিয়মিত চেকআপে সবকিছু ঠিক ছিল। তবে বৃহস্পতিবার বেলা সাড়ে ১০টায় হঠাৎ উচ্চ রক্তচাপের কারণে তিনি অনেকটা সংজ্ঞাহীন হয়ে পড়েন। তাকে বেলা বারোটার দিকে চট্টগ্রাম নগরীর সিএসসিআর-এ ভর্তি করা হয়। তিনি ডাক্তার ইব্রাহিমের তত্ত্বাবধানে চিকিৎসাধীন ছিলেন। প্রথমে সাধারণ ওয়ার্ড ও পরে অবস্থার অবনতি হলে তাকে আইসিইউতে স্থানান্তর করা হয়।

প্রসঙ্গত ৭৩ বছর বয়সী আল্লামা বাবুনগরী বার্ধক্যজনিত দুর্বলতার পাশাপাশি দীর্ঘদিন ধরে কিডনির জটিলতা, ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপে ভুগছিলেন। হযরত আল্লামা জুনায়েদ বাবুনগরী (রহ.) ১৯৫৩ সালে ফটিকছড়ি উপজেলার নাজিরহাট বাবুনগর এলাকায় জন্মগ্রহণ করেন। তার পিতার নাম হযরত আল্লামা মরহুম আবুল হাসান (রহ.)। তিনি ৫ কন্যা ও ১ পুত্র সন্তানের জনক। তিনি আজিজুল উলুম বাবুনগর মাদ্রাসা থেকে প্রাথমিক শিক্ষা সম্পন্ন করেন। এরপর মাধ্যমিক স্তর থেকে শুরু করে দাওরায়ে হাদিস সম্পন্ন করেন দারুল উলূম হাটহাজারী মাদ্রাসায়। তারপর পাকিস্তানের দারুল উলূম আল্লামা বিন্নুরি টাউন মাদ্রাসায় ভর্তি হয়ে ইলমে হাদিসের উপর উচ্চতর ডিগ্রি অর্জন করে দেশে প্রত্যাবর্তন করেন। পরবর্তীতে আজিজুল উলূম বাবুনগর মাদ্রাসায় মুহ-াদ্দিস পদে শিক্ষকতায় যোগদান করেন। ২০০৫ সালে দারুল উলূম হাটহাজারী মাদ্রাসায় মুহাদ্দিস পদে যোগদান করেন। ২০১৭ সালে তিনি এই প্রতিষ্ঠানের শায়খুল হাদিস পদে পদোন্নতি পান। ২০২০ সালের সেপ্টেম্বরে শায়খুল ইসলাম আল্লামা শাহ আহমদ শফীর (রহ.) ইন্তেকালের পর তিনি দারুল উলূম হাটহাজারী মাদ্রাসার শিক্ষা সচিব পদে নিয়োগ-প্রাপ্ত হন। ২০১৩ সালে তিনি হেফাজতে ইসলাম বাংলাদেশের মহাসচিবের দায়িত্ব পান। পরবর্তীতে শায়খুল ইসলাম আল্লামা শাহ আহমদ শফীর (রহ.) ইন্তেকালের পর ২০২০ সালের নভেম্বরের ১৫ তারিখ হেফাজত আমীর পদে মনোনীত হন।

ফটিকছড়ির 'শওক সাহেব' যেভাবে বাবুনগরী হয়ে ওঠেন: ২০১০ সালের হেফাজত গঠনের সময়ও পরিচিত ছিলেন না জোনায়েদ বাবুনগরী। তবে মাওলানা শওক সাহেব নামে উত্তর চট্টগ্রামে একজন ভালো ওয়ায়েজ হিসেবে জনপ্রিয় ছিলেন তিনি। পাশাপাশি ফটিকছড়ির বাবুনগর মাদ্রাসায় শিক্ষকতা করতেন। আর ইসলামী রাজনৈতিক দল নেজামে ইসলাম পার্টির রাজনীতির সঙ্গে সম্পৃক্ত ছিলেন। তবে বাবুনগর মাদ্রাসা ছেড়ে হাটহাজারী মাদ্রাসায় শিক্ষক হিসেবে যোগদান ও আল্লামা শফীর হেফাজতে ইসলাম গঠনের পর পাল্টে যান তিনি। সারা দেশের মানুষের কাছে জোনায়েদ বাবুনগরী নামে রাতারাতি পরিচিতি পেয়ে যান এই আলেম। জানা যায়, ছাত্রজীবন শেষে ফটিকছড়ির বাবুনগর মাদ্রাসায় শিক্ষক হিসেবে যোগদানের পর ছাত্ররা তাকে শওক সাহেব নামে ডাকতে থাকেন। আরবি শাওকুন অর্থাৎ আগ্রহী থেকে তার নাম এই শওক রাখা হয়। হেফাজতের মহাসচিব হওয়ার আগ পর্যন্ত তিনি এই নামেই ফটিকছড়িসহ চট্টগ্রামে পরিচিত ছিলেন। পরে নিজের নানার প্রতিষ্ঠিত বাবুনগর মাদ্রাসায় পরিচালকের সঙ্গে মতানৈক্যের কারণে ২০০৫ সালে প্রতিষ্ঠানটি ছেড়ে তিনি দেশের বৃহত্তর কওমি হাটহাজারী মাদ্রাসায় শিক্ষক হিসেবে যোগদান করেন।

এদিকে যোগদানের অল্পদিনেই হাটহাজারী মাদ্রাসায় জনপ্রিয় হয়ে উঠেন জোনায়েদ বাবুনগরী। হেফাজতে ইসলাম প্রতিষ্ঠিত হলে বাবুনগরী এর প্রথম সারির নেতা হয়ে ওঠেন। আলেমদের কাছে গ্রহণযোগ্যতা থাকায় ২০১৩ সালে তাকে সংগঠনটির মহাসচিব হিসেবে নিযুক্ত করা হয়। মূলত এরপরই দেশ বিদেশে পরিচিত হয়ে ওঠেন বাবুনগরী। সর্বশেষ শাপলা চত্বরের ঘটনার পর সারা দেশের রাজনীতিতে আলোচিত হয়ে ওঠেন তিনি।

জানা যায়, বাবুনগরী ২০১৭ সালে হাটহাজারী মাদ্রাসার শায়-খুল হাদীস পদে পদোন্নতি পান। ২০২০ সালের সেপ্টেম্বরে আল্লামা শাহ আহমদ শফীর (রাহ.) ইন্তেকালের পর তিনি হাটহাজারী মাদ্রাসার শিক্ষাসচিব পদে নিয়োগপ্রাপ্ত হন। ২০১৩ সালে তিনি হেফাজতে ইসলাম বাংলাদেশের মহাসচিবের দায়িত্ব পান। পরবর্তীতে শায়খুল ইসলাম আল্লামা শাহ আহমদ শফীর (রাহ.) ইন্তেকালের পর ২০২০ সালের নভেম্বরের ১৫ তারিখ হেফাজত আমীর পদে মনোনীত হন। শায়খুল হাদীস আল্লামা বাবুনগরী ১৯৫৩ সালের ৮ অক্টোবর চট্টগ্রামের ফটিকছড়ি থানার বাবুনগর গ্রামে জন্মগ্রহণ করেন। তার পিতা আবুল হাসান নদভী ছিলেন উপমহাদেশের অন্যতম হাদিস বিশারদ ও দারুল উলুম দেওবন্দের মুহাদ্দিস। তার নানা আল্লামা হারুন বাবুনগরী ছিলেন দেশের সেই সময়ের শীর্ষ আলেম ও বাবুনগর মাদ্রাসার প্রতিষ্ঠাতা।

আল্লামা বাবুনগরী ছিলেন একজন ইসলামী পন্ডিত, শিক্ষাবিদ, লেখক, গবেষক। হেফাজত আমীরের পাশাপাশি তিনি দারুল উলুম হাটহাজারী মাদ্রাসার শিক্ষা সচিব ও শায়খুল হাদিস, বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশের সহ-সভাপতি, চট্টগ্রাম নূরানী তালীমুল কোরআন বোর্ডের চেয়ারম্যান ছিলেন। আপসহীন ব্যক্তিত্বের কাছে কওমি আলেমদের মধ্যে তার আকাশচুম্বী জনপ্রিয়তা ছিল।

শীর্ষ হাদিস বিশারদের পাশাপাশি বাবুনগরী একজন প্রসিদ্ধ লেখক ছিলেন। তার লেখা কয়েকটি বইয়ের মধ্যে উল্লেখযোগ্য হলো- সীরাতুল ইমামিদ দারিমী ওয়াত তারিখ বি শায়খিহী (১৯৭৮), বিশ্ববরেণ্য মুহাদ্দিসগণের দৃষ্টিতে ইমাম আবু হানিফা, তালীমুল ইসলাম (আরবি), বাড়াবাড়ি ছাড়াছা-ড়ির কবলে শবে বরাত, ইসলামে দাড়ির বিধান, তাওহীদ ও শিরক: প্রকার ও প্রকৃতি, জোনায়েদ বাবুনগরীর রচনাসমগ্র: ইলমে হাদিসের ভূমিকা, খুতবার ভাষা, মহাগ্রন্থ আল কোরআন ও বিশ্বনবী মুহাম্মদ (স.)। (মানবজমিন)

Hillside Medical & Pain Management
164-05 Hillside Ave. Jamaica, NY 11432
Ph: (718-297-6090
PHYSICAL THERAPY
আমরা বাংলা, হিন্দী, স্প্যানিশ ও ফিলিপিন ভাষায় কথা বলি
ফিজিক্যাল থেরাপি
আমরা আপনাদের সেবায় নিয়োজিত







WE ARE OPEN
We have missed you



Mask, gloves, face shield, hand sanitizer available for all patients

Our primary goal is health safety of our patient. We provide extra care & pre-cautions to safely treat our patients in compliance with CDC & DOH guidelines. During COVID-19 we monitor vital signs of our patients to ensure ongoing good health. We take most medical insurances. Medicare, Worker's Compen-sation and N/F

সেইফ হেল্‌থ মেডিকেল কেয়ার
অভিজ্ঞ বাংলাদেশী ডাক্তার দ্বারা পরিচালিত



MOHAMMED HELAL UDDIN, M.D.
মোহাম্মদ হেলাল উদ্দিন, এম.ডি.
আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ
শাদমান নোশিন
ফিজিশিয়ান এ্যাসিসট্যান্ট

কার্ডিওলজী — তরুণজিৎ সিং, এম.ডি.
বোর্ড সার্টিফাইড জেনারেল, নিউক্লিয়ার এন্ড ইন্টারভেনশনাল কার্ডিওলজিস্ট

পডিয়াট্রি — ডা. সাদী আলম, ডিপিএম
পায়ের পাতা ও গোড়ালী রোগ বিশেষজ্ঞ

সাইকিয়াট্রিস্ট — সোহেল এম. শিপু, এম.ডি.
বোর্ড সার্টিফাইড এডাল্ট সাইকিয়াট্রিস্ট

We Accept most Insurance
আমরা সকল প্রকার ইন্স্যুরেন্স গ্রহন করি

৩০৯৯ বেইনব্রিজ এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক ১০৪৬৭
ফোন: ৭১৮-৯৯৪-৭০০০
safehealth02@gmail.com

৯৩৮১ ক্যাসেলহিল এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক ১০৪৬২
ফোন: ৭১৮-৯৭৫-৭৪৩১
safehealth02@gmail.com

الحرمين
AL HARAMAIN
50 Years
SINCE 1970 منذ ١٩٧٠

AL HARAMAIN PLATINUM OUD
AL HARAMAIN SINCE 1970

AL HARAMAIN GOLDEN OUD
AL HARAMAIN SINCE 1970

AL HARAMAIN ROSE OUD
AL HARAMAIN SINCE 1970

الحرمين
بلاتينيوم عود
AL HARAMAIN
PLATINUM OUD

الحرمين
روز عود
AL HARAMAIN
ROSE OUD

AL HARAMAIN
GOLDEN OUD
الحرمين
جولدن عود

OFFICE: P.O.Box: 13754, Dubai - UAE CORPORATE OFFICE & INDUSTRY: New Industrial Area 1, Munah Street, P.O.Box: 1885, Ajman - UAE
Tel: 800-42 72 62 46 / +971 6 74 80 555 +971 52 102 6080 shop.alharamainperfumes.com
SAUDI ARABIA • U.A.E. • KUWAIT • OMAN • QATAR • BAHRAIN • MOROCCO • SINGAPORE • MALAYSIA • BANGLADESH • U.K. • U.S.A.

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

Editor : **Abu Taher**

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

ই-কমার্সের নামে প্রতারণা এখনই কঠোর ব্যবস্থা নিতে হবে

বাংলাদেশে ডিজিটাইজেশন দ্রুত এগিয়ে চলেছে। সেই সুযোগ নিয়ে গড়ে উঠেছে প্রচুর ই-কমার্স প্রতিষ্ঠান। কিন্তু সুষ্ঠু নজরদারি ও বিদ্যমান নীতিমালার যথাযথ বাস্তবায়ন না থাকায় অনেক প্রতিষ্ঠান ই-কমার্স বা অনলাইন শপিং ব্যবস্থার নামে গ্রাহকদের সঙ্গে প্রতারণা করছে। তারা লাখ লাখ গ্রাহকের শত শত কোটি টাকা হাতিয়ে নিচ্ছে, সেই অর্থ বিদেশে পাচার করেছে এবং নিজেরাও বিদেশে পালিয়ে যাচ্ছে। আর এতে বিপদে পড়েছেন এদের সঙ্গে বিনিয়োগ করতে আসা শত শত তরুণ উদ্যোক্তা। জানা যায়, কোনো কোনো তরুণ উদ্যোক্তা ২০-৩০ লাখ টাকা পর্যন্ত বিনিয়োগ করে এখন চোখে অন্ধকার দেখছেন। বিশেষজ্ঞরা মনে করছেন, প্রতারণাকারী প্রতিষ্ঠানগুলোর বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা নিতে হবে এবং গ্রাহক ও তরুণ উদ্যোক্তাদের রক্ষা করতে হবে।

অনলাইনে পণ্য কেনাবেচা ক্রমেই জনপ্রিয় হয়ে উঠছে। প্রচুর মানুষ ঘরে বসেই নিজেদের চাহিদা অনুযায়ী পণ্য কিনছে; কিন্তু এতে ভয় সৃষ্টি করছে এমন কিছু প্রতারক প্রতিষ্ঠান। এসব প্রতিষ্ঠানের বিরুদ্ধে গ্রাহকদের অর্থ আত্মসাৎ, পণ্য সরবরাহে বিলম্ব, বিদেশে টাকা পাচারসহ নানা ধরনের অপকর্মের অভিযোগ উঠছে। ইভ্যালি নামের প্রতিষ্ঠানটির বিরুদ্ধেও রয়েছে এমন অনেক অভিযোগ। এরই মধ্যে এ রকম আরো দুটি প্রতিষ্ঠান ই-অরেঞ্জ ও ধামাকার বিরুদ্ধে বিস্তর অভিযোগ উঠতে শুরু করেছে। লাখ লাখ টাকা পরিশোধ করেও মাসের পর মাস পণ্য পাচ্ছেন না বলে অভিযোগ করেছেন অনেক গ্রাহক। গত মে মাসে ই-অরেঞ্জের শীর্ষ পাঁচ কর্মকর্তার বিরুদ্ধে রাজধানীর শিল্পাঞ্চল থানায় ৬৬৩ কোটি টাকা আত্মসাতের অভিযোগে মামলাও হয়েছে। জানা যায়, ধামাকা শপিং ডটকম নামের প্রতিষ্ঠানটি এরই মধ্যে ৫০ কোটি টাকা বিদেশে পাচার করেছে বলে তথ্য পেয়েছে সিআইডি। সিআইডি বর্তমানে ইভ্যালি, ই-অরেঞ্জসহ ১৪টি ই-কমার্স প্রতিষ্ঠানের কার্যক্রম তদন্ত করছে। তারা দেখেছে, প্রতিষ্ঠানগুলো ডাবল ভাউচার, সিগনেচার কার্ড, বিগ বিলিয়ন রিটার্নসসহ চটকদার কিছু অফার দিয়ে গ্রাহকদের ফাঁদে ফেলে। এরপর গ্রাহকদের কাছ থেকে অর্থ নিয়ে পণ্য সরবরাহে গড়িমসি করে। আবার কেউ কেউ ই-কমার্সের নামে নিষিদ্ধ এমএলএম ব্যবসাও করছে। এর মধ্যে বেশ কয়েকটি ব্যাংক ইভ্যালি, ই-অরেঞ্জ, আলেশা মার্টসহ ১০টি ই-কমার্স প্রতিষ্ঠানের সঙ্গে অনলাইন মার্চেন্ট ক্রেডিট, ডেবিট ও প্রিপেইড কার্ডের লেনদেন স্থগিত করেছে। বলা যায়, ক্ষেত্রটিতে এখনো বেশ বড় ধরনের বিশৃঙ্খলা বিরাজ করছে।

শুরুতে ই-কমার্সের জন্য কোনো নীতিমালাই ছিল না। এখন নীতিমালা হলেও তার যথাযথ বাস্তবায়ন বা মনিটরিংয়ের অভাব রয়েছে। আর সেই সুযোগই নিচ্ছে প্রতারণাকারী প্রতিষ্ঠানগুলো। সংশ্লিষ্ট বিশেষজ্ঞরা মনে করেন, যে বিপজ্জনক পরিস্থিতি সৃষ্টি হয়েছে, এখনই তার লাগাম টেনে ধরতে হবে। গ্রাহকরা কোনোভাবেই প্রতারিত হবে না- এমন ব্যবস্থা নিতে হবে। অনলাইন ব্যবসায়ীদের যেসব প্ল্যাটফর্ম রয়েছে, তাদেরও এমন প্রতারণামূলক ঘটনার দায় নিতে হবে। তা না হলে অনলাইন ব্যবসা যেমন ক্ষতিগ্রস্ত হবে, তেমনি লাখ লাখ গ্রাহক প্রতিনিয়ত প্রতারিত হতে থাকবে, যা কোনোভাবেই কাম্য নয়।

তালেবানের ফিরে আসা আকস্মিক ঘটনা নয়

মুঈদ রহমান

২০ বছর পর আফগানিস্তানের ক্ষমতায় তালেবানের ফিরে আসার মধ্যে কিছুটা নাটকীয়তা ছিল। এ মাসের গোড়ার দিকে আন্তর্জাতিক গোয়েন্দা সংস্থাগুলোর আভাস ছিল, আগামী ৯০ দিনের মধ্যে তালেবানরা কাবুলের দখল নিতে পারে। সেই ৯০ দিনের ঘটনা ঘটল মাত্র ৩ দিনে। পালিয়ে গেলেন দেশটির প্রেসিডেন্ট; পালিয়ে গেলেন দেশটির প্রধান সেনাপতি। তালেবানরা বিন্দুমাত্র প্রতিরোধের সম্মুখীন হয়নি। বরং তালেবানের ভয়ে মানুষের দেশ ছেড়ে পালিয়ে যাওয়ার মরিয়া চেষ্টা গণমাধ্যমে প্রচারিত ও প্রকাশিত হয়েছে। যুক্তরাষ্ট্রের মদদপুষ্ট ২০ বছরের শাসনব্যবস্থা তাসের ঘরের মতো ভেঙে পড়ল বিনা প্রতিবাদে, বিনা প্রতিরোধে। তালেবানের এ সাফল্যকে হঠাৎ করে ঘটে যাওয়া কোনো ঘটনা ভাবা ঠিক হবে না। ২০০১ সালে আমেরিকান ও মিত্রদের আক্রমণের মুখে তালেবান সরকার ও তাদের নেতা মোল্লা ওমরের পতন ঘটেছিল বটে; কিন্তু তালেবানকে নির্মূল করা যায়নি। রাজধানীর বাইরে একটি বড় মাত্রায় তাদের উপস্থিতি ছিল।

আফগানিস্তানের তালেবানরা ক্ষমতাচ্যুত হওয়ার ১০ বছর পর ২০১১ সালের এক তথ্যে দেখা যায় তৎকালীন প্রেসিডেন্ট হামিদ কারজাইয়ের সময়ে যুক্তরাষ্ট্রের নেতৃত্বাধীন ন্যাটো বাহিনীর নিয়ন্ত্রণে ছিল আফগানিস্তানের ১২১ জেলার মধ্যে মাত্র ২৯টি। এর মানে হলো, প্রায় ৬৫ শতাংশ জেলাই ছিল তালেবানের দখলে। সাধারণ মানুষের বাইরে কেবল আমেরিকান সৈন্য দ্বারা টিকে থাকতে চেয়েছিল কাবুল সরকার। যেহেতু যুক্তরাষ্ট্র সৈন্য প্রত্যাহারের সিদ্ধান্ত নিয়েছে, সেহেতু সরকারের আর অস্তিত্ব টিকিয়ে রাখা সম্ভব নয় এবং হয়েছেও তাই। অনেক বিশ্লেষক, এমনকি যুক্তরাষ্ট্রের ডেমোক্র্যাট রাজনীতিকরাও মনে করেন, এত তড়িঘড়ি সৈন্য প্রত্যাহার করে জো বাইডেন ঠিক করেননি। আরেকটু সময় নিয়ে সিদ্ধান্ত নিলে ভালো হতো। এর বিপরীতে জো বাইডেন সরাসরিই বলেছেন, আমেরিকান সেনারা আরও ৫ বছর আফগানিস্তানে থাকলেও পরিস্থিতির কোনো পরিবর্তন হতো না। আফগান সেনাবাহিনী বেতনের বিনিময়ে মার্কিনিদের সহায়ক ভূমিকা পালন করেছে মাত্র। সত্যিকার অর্থে স্বাধীনভাবে লড়াই করার মতো মানসিকতা তারা অর্জন করতে পারেনি। বাইডেনের কথার যুক্তিটি উপেক্ষা করার মতো নয়। যুদ্ধে জড়িয়ে এরই মধ্যে যুক্তরাষ্ট্রের কয়েক হাজার মানুষ প্রাণ হারিয়েছে। এর সঙ্গে যুক্ত হয়েছে অর্থ। আফগান যুদ্ধে মার্কিন যুক্তরাষ্ট্রের খরচ হয়েছে প্রায় ৮০ হাজার কোটি ডলার (১ ডলার সমান ৮৫ টাকা ধরলে বাংলাদেশি মুদ্রায় অঙ্কটা দাঁড়ায় প্রায় ৬৮ লাখ কোটি টাকা, যা আমাদের চলতি বাজেটের ১০ গুণেরও বেশি)। বিপরীতে কী পেয়েছে তারা, তা বিশ্ব জানে। সুতরাং যুক্তরাষ্ট্রের জন্য এটি একটি নিষ্ফল যুদ্ধ ছাড়া আর কিছুই নয়। যুক্তরাষ্ট্রের মদদপুষ্ট আফগান সরকারগুলো কখনোই জনগণের সঙ্গে সম্পৃক্ত হওয়ার চেষ্টা করেনি; রাজনীতিতে কোনো গণতান্ত্রিক পরিবেশ আনতে পারেনি। তাই পরিণতি যা হওয়ার তা-ই হয়েছে।

২০ বছর আগের কথা আমাদের স্মরণে রাখতে হবে। সে সময় মোল্লা ওমরের নেতৃত্বাধীন সরকারকে আমরা অনেকেই একটি রক্ষণশীল কিংবা বলা চলে অতিমাত্রায় রক্ষণশীল শাসন পদ্ধতি হিসাবে চিহ্নিত করেছিলাম। সে কারণে মানবাধিকারের প্রশ্নে তালেবানদের অনেকে পছন্দ করতেন না, বিশেষ করে নারী অধিকার রক্ষা ও বিকাশের স্বার্থে। কিন্তু যুক্তরাষ্ট্রের আফগান দখলদারিত্ব মূলত এই রক্ষণশীল মানসিকতার বিরুদ্ধে ছিল না। ছিল আল কায়দার নেতা ওসামা বিন লাদেন ও তার সংগঠনের বিরুদ্ধে। ২০০১ সালের ১১ সেপ্টেম্বর নিউইয়র্কের টুইন টাওয়ারে একটি ঘৃণ্য হামলার জন্য লাদেন ও আল কায়দাকে দায়ী করা হয়, যা পরবর্তী সময়ে ৯/১১ নামে পরিচিতি পায়। তখন লাদেনের অবস্থান ছিল আফগানিস্তানে; তিনি ছিলেন মোল্লা ওমরের বিশেষ অতিথি। আফগানিস্তানে থেকেই লাদেন বিশ্বব্যাপী তার কার্যক্রম পরিচালনা করতেন। যুক্তরাষ্ট্র সন্ত্রাসবিরোধী পদক্ষেপ হিসাবে লাদেনকে তাদের হাতে তুলে দেওয়ার জন্য মোল্লা ওমরকে অনুরোধ করে। কিন্তু মোল্লা ওমর তাতে রাজি না হওয়ায় আফগানিস্তানে আক্রমণ করার সিদ্ধান্ত নেয় যুক্তরাষ্ট্র। সুতরাং তালেবানদের রাজনৈতিক দর্শনভিত্তি কী তা নিয়ে যুক্তরাষ্ট্রের মাথাব্যথা ছিল না, ছিল আল কায়দার নেটওয়ার্ক নিয়ে। সেটা যেহেতু তারা ধ্বংস করতে পেরেছে, তাই আর আফগানিস্তান নিয়ে তাদের কোনো আগ্রহ নেই এবং এটাকে একটি প্রতিদানহীন ব্যয় বলে ভাবছে। তবে হ্যাঁ, যুক্তরাষ্ট্রের আফগান সিদ্ধান্তের একটি বড় নেতিবাচক প্রভাব হলো আস্থাহীনতা। মধ্যপ্রাচ্য ও এশিয়ার দেশগুলোতে যুক্তরাষ্ট্রের যে অঙ্গীকার রয়েছে, তা পালনের সক্ষমতা নিয়ে এখন প্রশ্ন উঠবে। পাশাপাশি চীন ও রাশিয়ার প্রতিশ্রুতির প্রতি আস্থা বাড়বে।

তালেবানদের পুনরায় ক্ষমতা দখল যে প্রশ্নটিকে বিশ্বের সামনে তুলে ধরেছে তা হলো, তাদের সম্পর্কে বিশ্ববাসীর অতীতে যে নেতিবাচক ধারণা ছিল তার পরিবর্তন হবে



কিনা কিংবা হলে কতটা পরিবর্তন হবে? সোজাসুজি যে মন্তব্য করা যায় তা হলো, সারা বিশ্বে ইসলামী জঙ্গিবাদ আবারও মাথাচাড়া দিয়ে উঠবে। আবারও বিশ্বের বিভিন্ন দেশে মৌলবাদী তৎপরতা বৃদ্ধি পাবে। এই সোজাসুজি উত্তরের পেছনে কাজ করছে আল কায়দা ও তালেবানদের অভিন্ন চোখে দেখা। কিন্তু এভাবে দেখাটা পুরোপুরি সঠিক নয়। মতাদর্শগত দিক দিয়ে বা ধর্মীয় বিশ্বাসের জায়গা থেকে তালেবান ও আল কায়দা অভিন্ন হলেও প্রায়োগিক দিক থেকে তাদের মধ্যে কিছুটা ভিন্নতা আছে। তালেবানরা চায় একটি ইসলামি শরিয়াভিত্তিক রাষ্ট্র কায়েম করতে। এ লক্ষ্যটি শুধুই আফগানিস্তানকে ঘিরে এবং তা আফগান সীমানার বাইরে সম্প্রসারিত করার কোনো অভিলাষ তাদের নেই। অন্যদিকে আল কায়দার কর্মকাণ্ড বিশ্বব্যাপী। যে কোনো দেশ কিংবা সম্প্রদায়কে তারা নিজেদের শত্রু জ্ঞান করে এবং সে অনুযায়ী কর্মকাণ্ড পরিচালনা করে। তাদের কোনো জাতীয়তার প্রশ্ন নেই, ভৌগোলিক সীমানা নেই, সীমান্তবিহীন একটি মতাদর্শ প্রতিষ্ঠা করাই ছিল তাদের লক্ষ্য। সে অর্থে বলা যায়, তালেবানদের ক্ষমতা দখলকে কেন্দ্র করে কোনো কোনো দেশের ক্ষুদ্র জঙ্গিগোষ্ঠী উৎসাহিত হলেও তা কোনো ফলদায়ক প্রভাব ফেলতে পারবে না। তবে তালেবানরা তাদের সন্ত্রাসী তকমা ঘুচাতে পারবে কিনা এ প্রশ্নের উত্তরে লন্ডন স্কুল অব ইকোনমিক্সের আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ের অধ্যাপক ফাওয়াজ এ জর্জেসের বক্তব্য হলো-'এখন আফগানিস্তান আন্তর্জাতিক সন্ত্রাসবাদের সূতিকাগার হতে পারে এমন ধারণাকে বিশ্বের একেবারে অগ্রাহ্য করা ঠিক হবে না। আবার তালেবানের ক্ষমতায় থাকার কারণে দেশটিতে মানবাধিকার পরিস্থিতি একেবারে ধূলিসাৎ হয়ে যাবে এমন আশঙ্কায় স্থির থাকাও উচিত হবে না। আফগানিস্তান থেকে পালাতে সাধারণ আফগান নাগরিকরা যেভাবে মরিয়া হয়ে বিমানে উঠেছে এবং সেই ছবি যেভাবে আন্তর্জাতিক সংবাদমাধ্যমে এসেছে, তা দেখে এটি স্পষ্ট হয়েছে যে, যুক্তরাষ্ট্র ও তার মিত্ররা তাদের সহযোগী সাধারণ আফগানদের বিপদের মুখে ফেলে চলে গেছে। এ অবস্থায় তালেবানরা যদি সর্বোচ্চ সহিষ্ণুতা দেখিয়ে সর্বস্তরের মানুষের আস্থা অর্জন করতে পারে, তাহলে হয়তো তাদের গা থেকে সন্ত্রাসী তকমা মুছতে পারে।' তারপরও প্রশ্ন থেকে যায়, যে সংগঠনটি চার দশকেরও বেশি সময় ধরে একটি বিশ্বাস ও সংস্কৃতি লালন করে এসেছে এবং তা প্রতিষ্ঠার জন্য রক্ত দিয়েছে, তারা রাতারাতি কোনো বড় মাপে পরিবর্তিত হতে পারবে কিনা কিংবা হবে কিনা।

গত চার দশকেরও বেশি সময় ধরে আফগানিস্তানে চলেছে ক্ষমতা দখলের লড়াই। কখনো বিদেশিদের বিরুদ্ধে, কখনোবা দেশি শাসকদের বিরুদ্ধে। কিন্তু সাধারণ মানুষের ভাগ্যোন্নয়নের কথা কেউ ভাবার ফুরসত পায়নি। তাই আর্থ-সামাজিক অবস্থার দিক থেকে দেশটি পৃথিবীর মাপকাঠিতে তো বটেই, দক্ষিণ এশিয়াতেও অনেকখানি পিছিয়ে। মানব উন্নয়ন সূচকের যে কয়টি নির্দেশক আছে তার সব কটিতেই দেশটির অবস্থা দুর্বল। মাথাপিছু আয় মাত্র ৫৮৮ ডলার, বাংলাদেশে যা ২২০০ ডলারেরও বেশি। শিক্ষার অবস্থা আরও খারাপ। সার্বিক সাক্ষরতার হার মাত্র ৫৩ শতাংশ। নারীদের বেলায় তা আরও নাজুক। মোট নারীর মাত্র ২৯ শতাংশের সাক্ষরজ্ঞান আছে, যে হার বাংলাদেশে প্রায় ৭২ শতাংশ। প্রত্যাশিত গড় আয়ুও তুলনামূলক কম, মাত্র ৬৪ বছর; বাংলাদেশে গড় আয়ু ৭৩ বছর। এই আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে তালেবানদের মতো রক্ষণশীল মানসিকতার একটি সংগঠন কতখানি সফল হবে, তা নিয়ে তো প্রশ্ন আছেই। প্রশ্ন আছে আধুনিক রাষ্ট্র গঠনে তালেবানদের সক্ষমতা নিয়েও। তাই বলা যায়, আফগান সাধারণ নাগরিকদের ভবিষ্যৎ অনিশ্চয়তার মধ্যেই থেকে গেল।

বাংলাদেশের দৃষ্টিভঙ্গি কী হওয়া উচিত? এ দেশের সঙ্গে আফগানিস্তানের বাণিজ্যিক ও কূটনৈতিক সম্পর্ক তৈরি হয় ২০ বছর আগে। অর্থাৎ মোল্লা ওমরের পতনের পর। আর্থ-সামাজিক উন্নয়নে বর্তমান সময়ে আফগানিস্তানে আমাদের দেশের এনজিও ব্র্যাকের একটি বড় প্রকল্পের কাজ চলছে। আমাদের দেখতে হবে এর প্রতি তালেবানদের দৃষ্টিভঙ্গি কী। কারণ আমাদের যেসব নাগরিক সেখানে কাজ করছেন, তাদের নিরাপত্তার বিষয়টি নিশ্চিত করতে হবে। আমাদের মোট রপ্তানি বাণিজ্যের একটি ক্ষুদ্র অংশই আফগানিস্তানের সঙ্গে হয়। বাংলাদেশ তুলনামূলক কম দামে মানসম্পন্ন ওষুধ রপ্তানি করে থাকে। এর একটি বাজার হলো আফগানিস্তান। সুতরাং বাণিজ্যিক সম্পর্কের বিষয়টিও উড়িয়ে দেওয়া যায় না। সবকিছু বিবেচনা করে বলা যায়, তালেবানদের স্বীকৃতি দেওয়ার ক্ষেত্রে বাংলাদেশের 'ধীরে চলো' নীতি অবলম্বন করা উচিত।

লেখক: অধ্যাপক, অর্থনীতি বিভাগ, ইসলামী বিশ্ববিদ্যালয়

নামাজের সময়-সূচী

আগস্ট	২৩	২৪	২৫	২৬	২৭	২৮	২৯
ফজর	৪.৫২	৪.৫৩	৪.৫৪	৪.৫৬	৪.৫৭	৪.৫৮	৪.৫৯
সূর্যোদয়	৬.১২	৬.১৩	৬.১৪	৬.১৫	৬.১৬	৬.১৭	৬.১৮
জোহর	১২.৫৯	১২.৫৮	১২.৫৮	১২.৫৮	১২.৫৮	১২.৫৭	১২.৫৭
আসর	৫.৪৫	৫.৪৪	৫.৪৩	৫.৪১	৫.৪০	৫.৩৯	৫.৩৮
মাগরিব	৭.৪৪	৭.৪৩	৭.৪১	৭.৪০	৭.৩৮	৭.৩৬	৭.৩৫
এশা	৯.০৪	৯.০২	৯.০১	৮.৫৯	৮.৫৭	৮.৫৫	৮.৫৩

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৪ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৫ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদেরকে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

এ কোন ডিপ্লোম্যাসি!



মতিউর রহমান চৌধুরী

সাম্প্রতিককালে আমরা এর ব্যত্যয় দেখছি। সকাল-বিকাল সিদ্ধান্ত পরিবর্তন রাজনীতিতে সম্ভব। কূটনীতিতে শুধু বেমানানই নয়, বিপজ্জনকও বটে। কূটনীতিতে প্রতিটি শব্দ, এমনকি দাড়ি-কমা, সেমিকোলনও মনিটর হয়। সময়ের পরিবর্তনে এখন কিছু বলে ফিরিয়ে নেয়া যায় না। বলা যায় না- আমি বলিনি। মুহূর্তেই চাউর হয়ে যায় দেশ-বিদেশে। পরিণত হয় 'শব্দবোমায়'। সাম্প্রতিক কয়েকটি ঘটনা উল্লেখ করছি। মেলাকাল কূটনৈতিক রিপোর্টার ছিলাম। ইত্তেফাকের স্বর্ণযুগে এই দায়িত্ব পালন করতে গিয়ে বহু পেশাদার কূটনীতিকের সঙ্গে আমার সখ্যতা ছিল, বন্ধুত্ব ছিল। অনেক ঘটনা আজও প্রকাশ করিনি। করা ঠিকও নয়। আন্তঃরাষ্ট্রীয় সম্পর্কে এর প্রভাব পড়তে পারে।

না। ক্যাটাগরি ভাগ করা যায় না। দোহা বোধকরি সেটা জানতেন না। পরদিন ব্যাপক প্রতিক্রিয়া হয় বন্ধু রাষ্ট্রসমূহে। বিশেষ করে ভারত ও যুক্তরাষ্ট্রে। এরশাদের প্রিন্সিপাল স্টাফ অফিসার মেজর জেনারেল চিশতি আমাকে ডেকে পাঠালেন তার দপ্তরে। রুমে ঢুকতেই- কি লিখেছেন? দোহা সাহেব তো অস্বীকার করছেন। তাই নাকি! আমার কাছে টেপ রয়েছে। এই নিন সে টেপ। যেখানে দোহা সাহেব আরও অনেক কথা বলেছেন- যা আমি ছাপিনি। সবকিছু ছাপা যায় না। চিশতি ব্যাপারটা বুঝে রক্তচক্ষু দেখাননি। লাল টেলিফোনে এরশাদকে পুরো ঘটনা জানালেন। এরপর মুক্তি পেলাম। তবে এজেন্সি পিছু ছাড়লো না।

ড. একে আব্দুল মোমেন। শিক্ষক কাম কূটনীতিক। সজ্জন

এখনো সহায়তা অব্যাহত রেখেছে। এই অবস্থায় যুক্তরাষ্ট্রকে অন্যদের কাতারে ফেলে দিয়ে বিচার করলে যৌক্তিক হবে না, এটা মন্ত্রীর না বুঝার কথা নয়। মন্ত্রীর বক্তব্যে যুক্তরাষ্ট্র বিব্রত। কোনো মন্তব্য আসেনি পররাষ্ট্র দপ্তর থেকে।

এরশাদের শাসনকালে পাঁচজন রুশ কূটনীতিককে বহিষ্কার করা হয়েছিল। আখেরে প্রমাণিত হয়েছে, সেটা ছিল এক ভুল সিদ্ধান্ত। অন্যকে খুশি করতে গিয়ে এরশাদ এই সিদ্ধান্ত নিয়েছিলেন। এত দূরে না গিয়ে নিকট অতীতের একটি ঘটনা পর্যালোচনা করলে দেখা যায়, সরকারি সিদ্ধান্ত এবং ডিপ্লোম্যাসি সঠিক ছিল। ইয়েমেনবিরোধী সৌদি জোটে বাংলাদেশের নৈতিক সমর্থন ছিল। কিন্তু সৈন্য পাঠাতে রাজি হয়নি বর্তমান সরকার। এখানে প্রাধান্য পেয়েছিল কূটনীতি। আরেকটি ঘটনা এখানে উল্লেখ করতেই হয়, অতি সম্প্রতি একজন বৃটিশ দূতকে ঢাকার বিদেশ মন্ত্রণালয়ে তলব করা হয়। তলব কূটনীতিতে নতুন বা অস্বাভাবিক ঘটনা নয়। ভেতরের আলোচনা প্রেস রিলিজ দিয়ে জানানোর মধ্যে আনন্দ থাকতে পারে, কিন্তু মূল্য দেয়ার আশঙ্কা থেকে





এখানে উল্লেখ করা যায় যে, বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ে পেশাদারী কূটনীতির মান বর্তমানে দেশের অন্য পাঁচটা সেক্টর থেকে ভিন্ন কিছু নয়। অনেকেই বলছেন, এর মান নিম্নমুখী। দলীয় দূষণে জেরবার পেশাদারিত্ব। এটা বলার অপেক্ষা রাখে না আমাদের কূটনীতি অবশ্যই কৌশলী, বুদ্ধিদীপ্ত ও জ্ঞানসম্মত হতে হবে। মনে রাখা দরকার, পরিবর্তিত বিশ্বে কূটনীতিই কেবল বাংলাদেশকে সামনের কাতারে রাখতে পারে।

ডিপ্লোম্যাসি। বাংলায় আমরা বলি কূটনীতি। আসলে বাংলায় কূটনীতি শব্দটি সংস্কৃত শব্দ 'কূটানীতি' থেকে এসেছে। প্রথম মৌর্য সম্রাট চন্দ্রগুপ্তের উপদেষ্টা চাণক্যের (কৌটিল্য হিসেবে পরিচিত) নাম থেকে 'কূটানীতি' শব্দটির উদ্ভব। ডিপ্লোম্যাসির জন্ম হয়েছে প্রাচীন গ্রীক শব্দ থেকে। ১৭৯৬ সনে অ্যাডমন বার্ক প্রচলিত ফরাসি শব্দ Diplomatie থেকে চালু হয়। তবে কেউ কেউ ধারণা করেন, গ্রীক 'ডিপ্লোমা' শব্দ থেকে ডিপ্লোম্যাসি শব্দটির সৃষ্টি। কূটনীতির ইতিহাসে ফরাসি কূটনীতিক চার্লস মাউ-রিস দ্য ট্যালেয়ারেন্ড পেরীগোর্ড হচ্ছেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ একজন কূটনীতিক।

সাধারণত কূটনীতি হচ্ছে আন্তর্জাতিক সম্পর্ক বিদ্যার একটি শাখা। যেখানে রাষ্ট্র ও রাষ্ট্র সম্পর্কিত প্রতিষ্ঠানগুলোর মধ্যে পারস্পরিক চুক্তি বা আলোচনা সম্পর্কিত কলাকৌশল অধ্যায়ন করা হয়। সাধারণ অর্থে কূটনীতি হচ্ছে, কোনো রাষ্ট্রের পররাষ্ট্রনীতি বাস্তবায়নের লক্ষ্যে পরিচালিত সরকারি কার্যক্রম। বলা হয়ে থাকে, একটি রাষ্ট্র কেমন তার অনেকখানি নির্ভর করে সে রাষ্ট্রের কূটনীতির ধরনের ওপর। বাংলাদেশ এক সময় ছিল ক্ষুদ্র রাষ্ট্র। দরিদ্রতা ছিল নিত্যদিনের সঙ্গী। ঝড়-ঝঞ্জা, জলোচ্ছ্বাস লেগেই থাকতো। কূটনীতির সুযোগই বা কি ছিল? আর এখন বাংলাদেশ বিশ্বের একটি অর্থনৈতিক শক্তি। ভূ-রাজনৈতিক অবস্থানের কারণে খুবই গুরুত্বপূর্ণ রাষ্ট্র। নিকট প্রতিবেশী ভারত একটি আঞ্চলিক শক্তি। বাংলাদেশের ডিপ্লোম্যাসি ছিল একসময় ভারতকেন্দ্রিক। বিশ্বে তেমন বিস্তৃত ছিল না। বিশ্ব রাজনীতিতে এখন চারটি শক্তি। যুক্তরাষ্ট্র, চীন, রাশিয়া ও ভারত। জোটভুক্ত ইউরোপ আরেকটি শক্তি। সবার সঙ্গে সমান সম্পর্ক রাখা বা ভারসাম্য বজায় রাখা খুবই কঠিন কাজ।

প্রেসিডেন্ট বুশ ক্ষমতায় এসে কূটনীতির সংজ্ঞা পাল্টে দেন। তার ভাষায়- With us or without us. অর্থাৎ 'আমার সঙ্গে থাকলে বন্ধু, বিরুদ্ধে অবস্থান নিলে শত্রু'। বুশের এই সংলাপ মেনে বহু দেশ কূটনীতিতে দেউলিয়া হয়ে গেছে। বাংলাদেশ আসলে কোথায়? অভিজ্ঞ কূটনীতিকরা বলে থাকেন, একদা বাংলাদেশের বিউটি ছিল কূটনীতি। এখন রাজনীতি সামনে এসেছে। কূটনীতি চলে গেছে পর্দার আড়ালে। তাই রাজনৈতিক সিদ্ধান্ত বাস্তবায়ন করতে গিয়ে অনেকটা হিমশিম খাচ্ছেন বাংলাদেশী কূটনীতিকরা। মোটা দাগে এটা ঠিক, রাজনৈতিক সিদ্ধান্ত বাস্তবায়ন করাটা কূটনীতিকদের কাজ। কিন্তু সে সিদ্ধান্ত হতে হবে অত্যন্ত কৌশলী। সমন্বিত পদক্ষেপের মাধ্যমে এটা সম্ভব।

হুসেইন মুহম্মদ এরশাদের জমানায় পররাষ্ট্রমন্ত্রী ছিলেন এআরএস দোহা। এরশাদের ঘনিষ্ঠ বন্ধু। চীন সফরে যাবেন এরশাদ। সম্ভবত ১৯৮২ সনের শেষদিকে। কৌতূহলবশত এআরএস দোহার সাক্ষাৎকার নেয়ার ইচ্ছে প্রকাশ করলাম। দোহা রাজি হয়ে গেলেন। তাকে জিজ্ঞেস করেছিলাম, বাংলাদেশের বন্ধু কারা? ছটফটে, অত্যন্ত স্মার্ট এআরএস দোহা বললেন, মুসলিম বিশ্বই আমাদের প্রথম বন্ধু। দ্বিতীয় বন্ধু চীনসহ প্রতিবেশী দেশসমূহ। তৃতীয়স্থানে পৃথিবীর অন্যান্য দেশ। '৮২ সনের ২৪ নভেম্বর ইত্তেফাকে এই সাক্ষাৎকারটি ছাপা হয়।

কূটনীতিতে এভাবে বন্ধুত্বের সম্পর্ক সংজ্ঞায়িত করা যায়

ব্যক্তি। খোলামেলা মানুষ। এক সময় জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ছিলেন। ২০১৮'র নির্বাচনে তিনি এমপি হয়েছেন। তার খোলামেলা বয়ানের জন্য কখনো প্রশংসিত, কখনো সমালোচিত। অতি সম্প্রতি যুক্তরাষ্ট্রের একটি প্রস্তাব যেভাবে তিনি নাকচ করেছেন, তা দেখে ওয়াকিবহাল কূটনীতিকরা লজ্জায় মুখ ঢেকেছেন। কয়েক হাজার আফগান নাগরিককে যুক্তরাষ্ট্র সাময়িককালের জন্য ঢাকায় আশ্রয় দেয়ার প্রস্তাব করেছিল। প্রস্তাব তারা দিতেই পারে। আমরা গ্রহণ করতে পারি কিংবা নাও পারি। সাধারণ কূটনীতি হচ্ছে, সম্ভব না হলে কূটনৈতিক চ্যানেলে অপারগতা প্রকাশ করা কিংবা ঝুলিয়ে রাখা। এভাবে জনসমক্ষে নাকচ করার মধ্যে কোনো বাহাদুরি নেই। আছে বিপদের আশঙ্কা।

অভিজ্ঞ কূটনীতিক মাসুদ বিন মোমেন খুব ঠান্ডা মাথায় বিষয়টি ব্যাখ্যা করেছেন মার্কিন রাষ্ট্রদূত আর্ল রবার্ট মিলারের কাছে। কাকপক্ষীও জানতে পারেনি কি কথা হয়েছে দু'জনের মধ্যে। কিন্তু সব ফাঁস করে দেন পররাষ্ট্রমন্ত্রী আব্দুল মোমেন। যেটা নিয়ে সরকারের ভেতরেই তোলপাড় হচ্ছে। মজার ব্যাপার হচ্ছে, রাষ্ট্রদূত মিলার পররাষ্ট্র সচিবের সঙ্গে বৈঠক শেষে মার্কিন পররাষ্ট্র দপ্তরে বার্তা পাঠানোর আগেই মোমেন নিজেই মিডিয়ার কাছে বলে দেন, যুক্তরাষ্ট্রের প্রস্তাবে আমাদের সায় নেই। বিদেশে অবস্থান করছেন- এমন একজন সাবেক কূটনীতিকের ভাষায়- সব প্রকাশ করে দেয়া যদি কূটনীতি হয়ে থাকে তাহলে বলবো, মোমেন সাহেব একশ'তে একশ' পাবেন। কিন্তু এটা কোনো ডিপ্লোম্যাসি নয়। এভাবে প্রস্তাব নাকচ করে কি বার্তা দিলেন পররাষ্ট্রমন্ত্রী? পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম দুপুরে কথা বললেন আফগান ইস্যুতে। মন্ত্রী মিডিয়াকে বড়জোর বলতে পারতেন নতুন কিছু নেই। প্রতিমন্ত্রী যা বলেছেন- এটাই আমাদের কথা। অথবা কোনো বিষয়েই মন্তব্য করা থেকে বিরত থাকতেন। তা না করে অন্য একটি দেশকে নিয়ে হাসি-মশকরা করেছেন। টেনে এনেছেন রোহিঙ্গা ইস্যু। এটা ঠিক, রোহিঙ্গাদের নিয়ে বাংলাদেশ প্রচন্ড চাপের মধ্যে রয়েছে। আন্তর্জাতিক সম্প্রদায় আর্থিক সহায়তা দেয়ার প্রতিশ্রুতি দিয়ে কথা রাখেনি। যুক্তরাষ্ট্র

যায়। এর কিছুটা আঁচ আমরা ইতিমধ্যেই টের পাচ্ছি। বৃটিশ সরকার লাল তালিকা থেকে করোনাক্রান্ত ভারত ও পাকিস্তানকে বাদ দিয়েছে। বাংলাদেশ এখনো রেডজোনে। অব্যাহত কূটনৈতিক প্রচেষ্টার পরও কোনো ফল আসেনি। বলা হয়ে থাকে, বাংলাদেশ সবার সঙ্গে বন্ধুত্ব চায়। চীন-ভারত সম্পর্কের টানাপড়েনে বাংলাদেশ এখন ভারসাম্যের কূটনীতি বেছে নিয়েছে। কখনো ভারতের দিকে কখনো চীনের দিকে। সামান্য ভুল হলেই ভারসাম্যের কূটনীতি নতুন সংকটের জন্ম দিতে পারে। বাংলাদেশের উন্নয়নে চীনের ভূমিকা অনস্বীকার্য। বাংলাদেশ রাষ্ট্রের অভ্যুদয়ে ভারতের ঐতিহাসিক ভূমিকা ছিল। এটা সবার জানা। নয় বছর আগে আমি আমার 'কূটনীতির অন্দরমহল' বইতে লিখেছিলাম, পররাষ্ট্রনীতি আর কিছুই নয়, এটি আসলে অভ্যন্তরীণ রাজনীতির একটি বর্ধিতাংশ। বাংলাদেশের অস্থির, ভঙ্গুর, গণতন্ত্র ও রাজনীতি মনে রাখলে তার বৈদেশিক নীতির দোদুল্যমান অবস্থা আঁচ করে নিতে কষ্ট হওয়ার কথা নয়। যেমনটা আমরা দেখছি ভ্যাকসিন কূটনীতিতে।

চীনের সঙ্গে ভ্যাকসিনের দাম নিয়ে ভুল বোঝাবুঝি হয়। একজন পদস্থ সরকারি কর্মকর্তা চুক্তির ধারা লংঘন করে দাম প্রকাশ করেছিলেন। পরিণতিতে ওএসডি হয়েছেন। এই নিয়ে যখন দুই দেশের মধ্যে পত্র চালাচালি হচ্ছিল মাঝপথে পররাষ্ট্রমন্ত্রী মোমেন দুঃখ প্রকাশ করে বসেন প্রকাশ্যে। ভারত-বাংলাদেশ সম্পর্ক নিয়ে মন্তব্য করতে গিয়ে "স্বামী-স্ত্রী" সম্পর্কের সঙ্গে তুলনা করেন। যা নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে ট্রল হচ্ছে। জাতিসংঘ বাংলাদেশের গুমের বিষয়ে একটা প্রতিবেদন প্রকাশ করে। এ নিয়ে মন্তব্য করতে গিয়ে পররাষ্ট্রমন্ত্রী ভারত-আমেরিকার উদাহরণ টানেন। বলেন, ওসব দেশেও গুম হয়, কিন্তু জাতিসংঘ কথা বলে না। ওরা আমাদের ঘাড়ে চেপে বসেছে।

এখানে উল্লেখ করা যায় যে, বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ে পেশাদারী কূটনীতির মান বর্তমানে দেশের অন্য পাঁচটা সেক্টর থেকে ভিন্ন কিছু নয়। অনেকেই বলছেন, এর মান নিম্নমুখী। দলীয় দূষণে জেরবার পেশাদারিত্ব। এটা বলার অপেক্ষা রাখে না আমাদের কূটনীতি অবশ্যই কৌশলী, বুদ্ধিদীপ্ত ও জ্ঞানসম্মত হতে হবে। মনে রাখা দরকার, পরিবর্তিত বিশ্বে কূটনীতিই কেবল বাংলাদেশকে সামনের কাতারে রাখতে পারে।

লেখক: প্রধান সম্পাদক, দৈনিক মানবজমিন

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

বাংলাদেশ কম্যুনিটিতে এখন সবচেয়ে বিশ্বস্ত ট্রাভেল এজন্সি

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া



SUPER WINTER SALE

আমরা IATA অনুমোদিত

ফোন: 718-721-2012

উমরাহ্ স্পেশাল

★ হোটেল ★ ভিসা ★ ট্রান্সপোর্টেশান

KUWAIT AIRWAYS

QATAR AIRWAYS القطرية

Emirates

TURKISH AIRLINES

السعودية SAUDIA

আমাদের অফিস শুধুমাত্র এস্টোরিয়ায়

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া

Digital Travel Astoria

2578, 31st Street, Astoria, NY 11102

সাবওয়েতে N ও W ট্রেনে 30th Avenue Station

Cell: 917-459-7181

We are on Facebook

website: www.digitaltraveltour.com

নারীকে ভালবাসুন, মর্যাদা দিন!



জসিম মল্লিক

১

নারীদের অপমান আমি একদম সহ্য করতে পারি না। নারীদের আমি কখনও কষ্ট দিয়ে কিছু বলি না। তারা আঘাত পেতে পারে এমন কাজ থেকে আমি বিরত থাকি। তারপরও কখনও এমনটা ঘটলে আমি লজ্জিত হই, দুঃখ প্রকাশ করি। আমার স্ত্রীর সাথে যদি আমি কখনও রূঢ় হই তারপর আমার অনেক মন খারাপ থাকে। রাগের সময় হিতাহিত জ্ঞান থাকে না। তবে আমি রাগ বেশিক্ষন ধরে রাখতে পারি না। পরমুহূর্তেই গলে যাই। তখন আশপাশ দিয়ে ঘুরঘুর করি। আমার মেয়ে অরিত্রির সাথে আমি রাগ করে খুব কমই কথা বলেছি। কখনও যদি বলেও থাকি, সাথে সাথে সরি বলে টেক্সট করেছি। অরিত্রিও রিপাই দিয়েছে, ইটস ওকে বাবা। অরিত্রি যাই বলে আমি আনন্দের সাথে করি। এখনও আমি অপেক্ষায় থাকি কখন আমাকে কিছু বলবে, কিছু চাইবে। আমার নারী বন্ধু, নারী আত্মীয়দের সাথে আমি সবসময় নাইস থাকি। এমনকি আমি কোনো নারীকে কখনও তুই করেও সম্বোধন করি না। আমার দ্বিধা হয়। আমার ছোট ছোট নারী আত্মীয়দের আমি তুমি করে বলি।



২

আমি আসলে ছিলাম আমার মায়ের সন্তান। বেড়েও উঠেছি মায়ের স্নেহ ছায়ায়। আমার বাবা মারা যান আমার দুই বছর বয়সে। সেই থেকে মা ছিল আমার সব। আমার মেন্টর, আমার ফিলোসফার। মা লেখাপড়া জানতেন না ঠিকই কিন্তু অসাধারণ প্রজ্ঞা ছিল মায়ের। আমি দেখেছি স্বামীহীন আমার মা কি অনন্ড় সংগ্রাম করেছেন আমাদের জন্য। বনে জঙ্গলে কচু ঘেঁটু জোগাড় করতে যেয়ে অনেকদিন হাত পা কেটে রক্ত ঝড়িয়েছেন। জিজ্ঞেস করলে বলতেন শামুকে পা কাটছে। কতদিন দেখেছি নিজের পাতের খাবার রেখে দিয়েছেন। কখনও আমাদের সাথে খেতে বসতেন না। আমাদের খাওয়া হলে একটা বাটিতে খাবার নিয়ে একলা চুপিসারে খেতেন। এর কারণ হচ্ছে মায়ের পাতে পর্যাপ্ত খাবার থাকত না। পেটও ভরত না হয়ত। একমাত্র মায়েরাই সন্তানের জন্য এমন উপোস দিতে পারেন। এই আধুনিক যুগেও, কানাডার মতো ধনাঢ্য দেশে থেকেও যেখানে আমার স্ত্রী ইনকাম করেন তাও দেখি খেতে বসলে ভাল ভালটা আমার পাতে দেওয়ার চেষ্টা করেন। এই ঔদার্য্য, এই প্রেম একমাত্র নারীরাই দেখাতে পারেন, এমন স্বার্থ ত্যাগ করতে পারেন।

৩

সেই নারীদের অপমান আমার সহ্য হয় না। নারীর লাঞ্ছনা কখনও একটা জাতিকে বড় করবে না। কানাডা এতো মহান দেশ এই কারণে যে, এখানে নারীর মর্যাদা সবার উপরে। বাংলাদেশের একজন অসহায় নারীকে নিয়ে যা ঘটছে তা অবিশ্বাস্য। তার নাম পরী মনি। এর আগেও ১৩ আগষ্ট আমি পরী মনিকে নিয়ে লিখেছি। নারীর লাঞ্ছনা বন্ধ করার জন্য বলেছি। সেই লেখা পড়ে কতিপয় বিকৃত মানসিকতার পুরুষ আমাকে যাচ্ছেতাইভাবে আক্রমন করেছে। নারীর লাঞ্ছনা অনেক পুরুষকে আনন্দিত করে। অনেকে পুলক অনুভব করে। নারীকে রেপ করা, হত্যা করা, নির্যাতন করা, সম্পদ থেকে বঞ্চিত করা এঁদের পক্ষেই সম্ভব। তবে আনন্দের কথা প্রায় ৯৯ ভাগ মানুষ নারীর লাঞ্ছনার বিরুদ্ধে।

পরী মনিকে বার বার রিমান্ডে নিয়ে হেনস্থা করা হচ্ছে, জেল হাজতে পুরে রাখা হয়েছে কেনো? পরী মনি কয়টা খুন করেছে আমার জানতে ইচ্ছে করে! কত হাজার কোটি টাকা পাচার করেছে! তাকে কেনো জামিন দেওয়া হয় না! পরী মনি তো কারো কন্যা, কারো বোন কারো প্রেয়সী। যারা এই খেলা খেলছে তাদের ঘরেও নারী আছে। পরী মনি একজন শিল্পী। শিল্পীর এই অপমান বেদনার! অনেক বেদনার। পরী মনি আমার কেউ না। সে বাংলাদেশের একজন নারী। তার প্রতি সুবিচার করুন। নারীকে অপমান করলে আল্লাহর আরশ কেঁপে উঠবে জেনে রাখুন।

টরন্টো, কানাডা। ২১ আগষ্ট ২০২১

EFFICIENT MEDICAL CARE DHAKA DENTAL P.C.

ডা. বর্ণালী হাসান এমডি ও ডেন্টিস্ট মাহফুজুল হাসান ডি.ডি.এস
দুটি অফিসের মাধ্যমে দীর্ঘদিন ধরে চিকিৎসা সেবা দিয়ে আসছেন



DR. MAHFUJUL HASAN D.D.S



DR. BORNALI HASAN MD

চিকিৎসা সেবায় আগ্রহী ব্যক্তিরা যেকোন একটি অফিসে যোগাযোগ করতে পারেন।
প্রায় সব ধরনের মেডিকেইড, প্রাইভেট এবং ইউনিয়ন ইনসিওরেন্স গ্রহণ করা হয়।

মেডিকেইড, ফিডালিস কেয়ার, হেলথ ফার্স্ট ও এ্যাফিনিটি ইনসিওরেন্সের গ্রাহকেরা তাৎক্ষণিক ভাবে দাঁতের চিকিৎসা নিতে পারেন।

আমাদের শাখা দু'টি

JAMAICA
170-09 Hillside Ave. Jamaica, NY 11432
Tel: (718) 291-2710 (MEDICINE),
(718) 480-8877 (DENTAL)

SUNNY SIDE
40-14 Green Point Ave. Sunnyside, NY 11104
Tel: (718) 392-2858 (MEDICINE),
(718) 779-1300 (DENTAL)

উভয় অফিসে এপয়েন্টমেন্টের জন্য আমাদের সাথে যোগাযোগ করুন

General Dentist :
Dr. Hatim Gandhi, D.D.S
Dr. Frederik Fisher, D.D.S

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



- ইমিগ্রেশন
- রিয়েল এস্টেট
- এক্সিডেন্ট
- ল্যান্ডলর্ড-টেনেন্ট
- ব্যাংক্রাপসি
- ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, Email: azizbbu@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় ন্যূনতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

তাছাড়া ১ মিলিয়ন বা ন্যূনতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার ৭ বছরের সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিগ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282. Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

SHARIF TAX SERVICE



IRS Authorize e-file provider
37-47 77th Street,
Jackson Heights, NY 11372
PH: 917-547-7298
917-858-4249
e-mail: shariftaxservice@gmail.com

SHARIF Q. ALAM (HIRA)
B.Sc. (Hons), MS, DU
20 Years experience
Tax Prepare
NYS-Lic! Real Estate Sale agent

SERVICES:
- Tax Service
- Immigration
- Real Estate

MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attomey & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET
$500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration

Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।
এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

37-47 73 ST. #215, JAKSON HEIGHTS NY 11372

TEL: 718-701-2666

সেপ্টেম্বরে টিকার বুস্টার ডোজ

(প্রথম পাতার পর)

প্রস্তুতি নেওয়া হচ্ছে। নগরের স্বাস্থ্য কমিশনার ডেভ চোকশি ১৭ আগস্ট এ তথ্য জানিয়েছেন।

করোনার পূর্ণ ডোজ টিকা গ্রহণের আট মাস পরে বুস্টার ডোজ দেওয়ার নির্দেশনা আসছে বলে ১৬ আগস্ট মার্কিন সংবাদমাধ্যমে প্রতিবেদন প্রকাশ হয়। নিউইয়র্কের স্বাস্থ্য কমিশনার জানিয়েছেন, সে অনুযায়ী আগাম প্রস্তুতি নিয়ে রাখা হচ্ছে।

করোনার টিকা প্রদানের জন্য নিউইয়র্ক নগরে অবকাঠামো প্রস্তুত করা আছে। ২০২০ সালের মার্চে মহামারির ধাক্কায় নাজুক হওয়া যুক্তরাষ্ট্রের এ নগরে টিকা প্রদান করা হয়েছে আগ্রাসীভাবে। ব্যাপক প্রচারণা এবং প্রয়াসের পরও নিউইয়র্ক নগরে কিছু জনসমাজের মধ্যে টিকা প্রদানের হার এখনো সন্তোষজনক না হওয়ায় স্বাস্থ্যসেবীদের মধ্যে উদ্বেগ বিরাজ করছে। টিকা না নেওয়া কমিউনিটিতে ডেলটা ধরনের সংক্রমণ বাড়ছে। টিকা দেওয়া হয়েছে এমন লোকজন সংক্রমিত হলেও তাদের হাসপাতালে ভর্তি ও মৃত্যুর হার একেবারেই নগণ্য।

যুক্তরাষ্ট্রের রোগ নিয়ন্ত্রণবিষয়ক সংস্থা সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (সিডিসি) থেকে টিকার বুস্টার ডোজ দেওয়ার নির্দেশনা আসছে। বুস্টার ডোজ কোভিড-১৯ ভাইরাসের বিরুদ্ধে প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করবে এবং ডেলটা ধরন প্রতিরোধেও কার্যকর বলে বলা হচ্ছে।

নিউইয়র্ক টাইমসের ১৩ আগস্টের প্রতিবেদনে বলা হয়েছে, নিউইয়র্ক নগরের ১৮ থেকে ৪৪ বছর বয়সী কৃষ্ণাঙ্গদের মধ্যে মাত্র ২৮ শতাংশ পূর্ণ ডোজের টিকা নিয়েছেন। নগরে ল্যাটিনো এবং হিস্পানিকদের মধ্যে ৪৮ শতাংশ এবং একই বয়স অর্থাৎ ১৮ থেকে ৪৪ বছর বয়সী শ্বেতাঙ্গদের মধ্যে ৫২ শতাংশ লোকজন পূর্ণ ডোজের টিকা গ্রহণ করেছেন।

কোভিড-১৯ এর টিকা গ্রহণে বিভিন্ন জনগোষ্ঠীর মধ্যে ভিন্ন ভিন্ন মনোভাব বিরাজ করার কারণে মহামারি নিয়ন্ত্রণ জটিল হয়ে উঠেছে বলে মনে করেন স্বাস্থ্যসেবীরা। একদিনে ডেলটা ভাইরাসের উৎকণ্ঠা, অন্যদিকে বিভিন্ন জনগোষ্ঠীকে সচেতন করে টিকা প্রদানে সম্মত করাই এখন বিশাল কাজ হয়ে দাঁড়িয়েছে।

দ্য ওয়াশিংটন পোস্টের প্রতিবেদনে বলা হয়েছে, আসছে সপ্তাহেই হোয়াইট হাউস থেকে বুস্টার ডোজের টিকা নিয়ে নির্দেশনা আসতে পারে। নার্সিং হোম, স্বাস্থ্যসেবী এবং স্বাস্থ্য ঝুঁকিতে থাকা বয়স্ক লোকজনকে ক্রমান্বয়ে বুস্টার ডোজ দেওয়া হবে এবং মধ্য বা সেপ্টেম্বরের শেষের দিকে তা ব্যাপকভাবে শুরু হবে বলে মনে করা হচ্ছে।

DR. SADI ALAM, DPM
Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis:
196-22 Hillside Ave, Hollis, NY 11423

Jackson Heights Office:
7017 37th Ave, Jackson Heights, NY 11372

Brooklyn Office:
486 McDonald Ave, Brooklyn, NY 11218

Alam Podiatry, P.C.

Ozone Park Office:
530 Conduit Blvd, Brooklyn, NY 11208

Bronx Office:
3099 Bainbridge Ave, Bronx, NY 10467

Parkchester Office:
1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড়
কুপন সহ
যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার
কুপন সহ
ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.

PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.





নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং





আমরা বাংলায় কথা বলি

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশাকরি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ কারণে এই বিভাগ আপনাদেরই জন্য। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহের আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানোর চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশাকরি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ কারণে এই বিভাগ আপনাদেরই জন্য। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহের আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানোর চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

সেপ্টেম্বর ২০২১ ভিসা বুলেটিন

ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) সেপ্টেম্বর ২০২১ ভিসা বুলেটিন প্রকাশ করেছে। বাংলাদেশের জন্য সেপ্টেম্বর মাসের পরিবার ভিত্তিক ভিসা প্রাপ্তির তালিকা নিচে দেওয়া হলোঃ

ফ্যামিলি স্পন্সরড অগ্রাধিকার

প্রথমঃ (এফওয়ান) আমেরিকান নাগরিকদের অবিবাহিত পুত্র ও কন্যাঃ ডিসেম্বর ১, ২০১৪।

দ্বিতীয়ঃ পারমানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র ও কন্যাঃ

এ. (এফ-২এ) পারমানেন্ট রেসিডেন্টদের স্বামী-স্ত্রী এবং ২১ নিম্ন বয়সের সন্তানের চলতি।

বি. (এফ ২ বি) পারমানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র ও কন্যা (২১ বছর বা তার উর্ধে)ঃ সেপ্টেম্বর ২২, ২০১৫

তৃতীয়ঃ এফ-৩) মার্কিন নাগরিকদের বিবাহিত পুত্র ও কন্যাঃ নভেম্বর ২২, ২০০৮।

পারিবারিক ও চাকুরিভিত্তিক অগ্রাধিকার সম্পর্কে আরও বিস্তারি জানতে মার্কিন স্টেট ডিপার্টমেন্টের ওয়েব সাইট ভিজিট করুনঃ https://travel.state.gov/content/travel/en/legal/visa-lawo/visa-bulletin/2021/visa-bulletin for-septemebr-2021.html

বায়োমেট্রিক্স সাক্ষাতকারের পুনর্নির্ধারনের জন্য নতুন প্রক্রিয়াঃ

অধিকাংশ আবেদনের ক্ষেত্রে ইউএসআইএস বায়োমেট্রিক/ফিঙ্গারপ্রিন্টস চায়। উল্লেখ্য যে, আপনার সাক্ষাতকারের তারিখ রক্ষা করা এ কারণে জরুরী যে বায়োমেট্রিক। ফিঙ্গারপ্রিন্টস দিতে ব্যর্থ হলে আপনার আবেদন বিলম্বিত বা প্রত্যাখাত হতে পারে। আপনি যদি মেইল এর মাধ্যমে ইউএসসিআইএস এ আবেদন করেন, তবে ইউএসসিআইএস ইউএস পোর্টাল সার্ভিস এর মাধ্যমে আপনার সাক্ষাতকারের নোটিশ জানিয়ে দেবে।

আপনি যদি ইলেকট্রিক্যাল ই-মেইল ইউএসসিআইএসএ আবেদন করেন, তবে ইউএসসিআইএস-ও অনুরূপভাবে অনলাইন সিস্টেমে সাক্ষাতকারের নোটিশ জানাবে। আগেই উল্লেখ করা হয়েছে যে, বায়োমেট্রিক খুবই জরুরী, কেননা বায়োমিট্রিক ছাড়া ইউএসসিআইএস কোন আবেদন অনুমোদন করবে না। ইমিগেশন যদি আবেদন বন্ধ অথবা প্রত্যাখ্যান করে দেয় তবে অবম্যই নতুন করে ফিস দিয়ে পুনরায় আবেদন করতে হবে। তাই প্রথমত বায়োমেট্রিক নির্ধারিত তারিখ এবং সময় রক্ষা করা উচিত। যদি সম্ভব না হয় তবে অবশ্যই আবেদনের তারিখ পুনঃনির্ধারণ করতে হবে।

কীভাবে সাক্ষাতকারের তারিখ পুনঃনির্ধারণ করা যাবে?

সাক্ষাতকারের তারিখ পুনঃনির্ধারণের ক্ষেত্রে আবেদনকারীকে ইউএসসিআইএসসেন্টারে কল করতে হবে নির্ধারিত সময় এবং তারিখের পূর্বেই। ফোন নম্বর ৮০০-৩৭৫-৫২৮৩। তারিখ পুনঃনির্দারণের জন্য অবশ্যই ভাল কারণ দেখাতে হবে। উল্লেখ করা প্রয়োজন যে, ইউএসসিআইএস বর্তমানে মেইলের মাধমে তরিখ পুনঃনির্ধারণের আবেদন গ্রহণ করছে না। অবস্থা বিবেচনা করে ইউএসসিআইএস তার বিশেষ ক্ষমতা প্রয়োগ করতে পারে সময় পার হয়ে যাওয়ার পর কোন আবেদন পেলে। তবে সম্ভব হলে এরকম পরিস্থিতি এড়িয়ে যাওয়ার চেষ্টা করাই শ্রেয়।



কীভাবে ঠিকানা পরিবর্তন করা যায়?

সম্প্রতি আমরা এমন কেসের কথা জেনেছি যে, তাদের আবেদন প্রত্যাখাত হয়েছে এ কারণে যে, ইমিগ্রেশনের পাঠানো চিঠির তারা জবাব দেননি। অধিকাংশ ক্ষেত্রে ক্লায়েন্টরা চিঠি পান না, তাদের ঠিকানা পরিবর্তন করার কারণে কোন কোন ক্ষেত্রে তারা ইউএসসিসআইএস চিঠি দিয়ে জানায় বা স্থানীয় পোস্ট অফিসে ঠিকানা পরিবর্তনের ফর্ম পুরণ করে দেয়। ইউএসসিআইএস এর পরামর্শ হচ্ছে ঠিকানা পরিবর্তনের সঙ্গে সঙ্গে তাদের নতুন ঠিকানা জানিয়ে দেয়া। এই কাজটি করতে হবে সঠিকভাবে। মনে রাখা দরকার যে, ইউএস পোস্টাল সার্ভিসে ঠিকানা পরিবর্তন করা মানেই অটোমেটিক্যালি ইউএসসিআইএস এ ঠিকানা পরিবর্তন রকা যাবে না। পোস্টাল সার্ভিস নিজ থেকে আপনার ঠিকানা পরিবর্তনের কথা ইউএসসিআইএস কে জানাবে না। এছাড় পোস্টাল সার্ভিস নতুন ঠিকানায় আপনার চিঠি পাঠাবে না। ইউএসসিআইএস এর পরামর্শ হচ্ছে আপনার বর্তমান ঠিকানা ইউএসআইএস এবং এসপিএস উভয়কে জানিয়ে দেয়া।

ঠিকানা পরিবর্তনের যথার্থ পন্থা কী?

সাধারণতঃ দুইভাবে ঠিকানা পরিবর্তন করা যায়ঃ ফর্ম অন লাইনে ফাইল করলে আপনার বর্তমান ইউএসসিসআইএস এর অন লাইন একাউন্টের মাধ্যমে অথবা ফর্ম এ আর-১১, এলিয়েনের ঠিকানা পরিবর্তনের কার্ড, অনলাইনে ঠিকানা পরিবর্তনের পেজ ফাইল করার মাধ্যমে। এআর-১১ ফর্ম অন লাইনে পূরণ করলে ঝুলে থাকা সব আবেদন হাল নাগাদ হয়ে যাবে। এআর-১১ ফর্ম মেইলে পাঠাতে হবে না।

নোটঃ আপনি যদি এটর্নীর মাধ্যমে আবেদন করেন তবে অবিলম্বে তার অফিসের সঙ্গে যোগাযোগ করবেন। আপনার হয়ে আপনার এটর্নী তখন ইউএসসিআইএস-এ ঠিকানা পরিবর্তন করে দেবেন। এটাও জরুরী যে, আপনার সর্বশেষ যোগাযোগের তথ্য জানা থাকতে হবে এটর্নীর। অধিকাংশ ক্ষেত্রে ইউএসসিআইএস আপনার এটর্নীর সঙ্গে প্রয়োজনমত যোগাযোগ করবে। ইমিগ্রেশনের কিছু কিছু তথ্য জানা খুব জরুরী এবং যার উত্তর নির্দিষ্ট সময়ের মধ্যে দেয়া আবশ্যক। প্রয়োজনীয় কাগজপত্র অথবা তথ্য দিতে ব্যর্থ হলে ইমিগ্রেশন আপনার আবেদন বন্ধ করে দিতে বা প্রত্যাখ্যান করতে পারে। আপনার আবেদন একবার বন্ধ বা প্রত্যাখ্যাত হলে শুধু আপনি ফিস হারাবেন না, সময় এবং অগ্রাধিকার ও ক্ষতিগ্রস্ত হবে। ঠিকানা পরিবর্তনের ব্যাপাওে আরো বিস্তারিত জানতে ইউএস ওয়েব সাইট ভিজিট করুন।

সর্বশেষ আবারো আপনাদের করোনামুক্ত সুস্থ ও সুন্দর জীবনের প্রত্যাশায় আজকের মত এখানেই শেষ করছি। ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানাঃ ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোনঃ ২১২-৫১৩-৭৪৭৪

ফ্যাক্সঃ ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইলঃ kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদঃ হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

সংবাদ মাধ্যম সারা বিশ্বেই রাষ্ট্রের ৪র্থ স্তম্ভ



এম এ মান্নান



সংবাদ মাধ্যমকে সারা বিশ্বেই রাষ্ট্রের ৪র্থ স্তম্ভ বলে গণ্য করা হয়। সংবাদপত্র তথা গণমাধ্যমের স্বাধীনতা একটি গণতান্ত্রিক রাষ্ট্রের পরিপূর্ণ বিকাশের গুরুত্বপূর্ণ পূর্বশর্ত। আমাদের মহান সংবিধানের ৩৯(২)(খ) অনুচ্ছেদে 'সংবাদক্ষেত্রের স্বাধীনতার নিশ্চয়তা দান করা হইল' মর্মে উদ্ধৃতি রয়েছে। গণমাধ্যমের প্রতি বর্তমান সরকারের আচরণ সংবিধানের এই ঘোষণা দ্বারা পরিচালিত হচ্ছে। স্বাধীনতার মূল স্বপ্ন বাঙালী জাতির জন্য একটি আইনের দ্বারা শাষিত সমাজ প্রতিষ্ঠা করা। সে সমাজে পার্থিব সব বিষয়ে বিশ্ব মানবতা যে উচ্চপর্যায়ে পৌঁছেছে, সেই মাত্রায় পৌঁছানোই হবে আমাদের লক্ষ্য। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তার সতীর্থ অযুত মুক্তিযোদ্ধার স্বপ্নের বাস্তবায়ন কেবল এই পথেই সম্ভব বলে আমরা বিশ্বাস করি। বিশ্বজুড়ে প্রিন্ট মিডিয়ার শক্তি সম্প্রতি ক্রমান্বয়ে কমে আসছে। উন্নত প্রযুক্তি, ইন্টারনেট, ফেসবুক ইত্যাদির উপস্থিতি ছাপার কাগজকে ক্রমান্বয়ে দূরে সরিয়ে দিচ্ছে। কিন্তু এর মধ্যেও উন্নতমানের সংবাদপত্রের স্থান এখনো রয়ে গেছে বলে অভিজ্ঞ মহল মনে করেন। পশ্চিমা জগতে প্রাপ্ত সর্বশেষ তথ্যানুযায়ী প্রিন্ট মিডিয়ার প্রতি মানুষের আগ্রহ পুনরায় ফিরে আসছে। আমাদের দেশেও সাক্ষরতার হার ও মাথাপিছু আয় বৃদ্ধির সঙ্গে সঙ্গে মানুষের খবরের কাগজ পড়ার প্রবণতা পুনরায় বৃদ্ধি পাবে বলে অভিজ্ঞ মহল মনে করেন। সরকার যে বিশাল উন্নয়ন কর্মযজ্ঞ সারা দেশে পরিচালনা করছে, তার বস্তুনিষ্ঠ বার্তা সব নাগরিকের কাছে দ্রুত পৌঁছে দেওয়ার জন্য আমরা গণমাধ্যমের উপর বহুলাংশে নির্ভর করি। বর্তমান সরকারপ্রধান জননেত্রী শেখ হাসিনা জনগণের জানার অধিকারকে সম্মান করেন এবং এর গুরুত্ব সম্পর্কে তিনি সম্পূর্ণ ওয়াকিবহাল। এমতাবস্থায় এই গুরুত্বপূর্ণ মাধ্যমের সঙ্গে যারা জড়িত, সব পর্যায়ের সংবাদকর্মী ও বিনিয়োগকারী, সবার অধিকার সংরক্ষণে সরকারপ্রধান সম্পূর্ণরূপে দায়বদ্ধ। সংবাদকর্মীদের জীবনমান উন্নয়নের লক্ষ্যে সরকার সম্প্রতি একটি ওয়েজবোর্ড প্রতিষ্ঠার ঘোষণা দিয়েছেন। এই বোর্ড সংবাদকর্মীদের সঙ্গত দাবিগুলোর প্রতি সম্মানশীল হয়ে, মালিকপক্ষের বিনিয়োগ সংরক্ষণের পূর্ণ নিশ্চয়তা বিধান করে, সবার কল্যাণ নিশ্চিত করবে আমরা এরূপ আশা করি। প্রেস কাউন্সিল স্থাপন, প্রেস প্রশিক্ষণ ইনস্টিটিউট প্রতিষ্ঠা ইত্যাদির মাধ্যমে সরকার গণমাধ্যমের প্রতি তার দায়বদ্ধতার কথা পরিষ্কার স্বীকার করেছে। বাংলাদেশ প্রেস ইনস্টিটিউটের জন্ম ১৯৭৪ সালে। 'জাতির জনক' বঙ্গবন্ধুর নেতৃত্বাধীন তৎকালীন সরকারের এ সংক্রান্ত সিদ্ধান্ত ১৯৭৪ সালের। আর ১৯৭৬ সালে একটি রেজিউলেশনের মাধ্যমে পিআইবি প্রতিষ্ঠা করা হয়। পরবর্তীতে প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) আইন-২০১৮ জাতীয় সংসদ পাস হয়। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির কাজে লাগিয়ে গণমাধ্যমের ক্ষেত্রে বাংলাদেশের অগ্রগতির ধারাকে বজায় রাখতে পিআইবি এবং একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রামের যৌথ উদ্যোগে ২০১৭ সালে অনলাইনে সাংবাদিকতা শেখার পস্ন্যাটফর্ম চালু করেন। প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ তৈরিতে ও শিক্ষাকে মানুষের দোরগোড়ায় পৌঁছে দিতে সারা দেশের হাজার হাজার সাংবাদিক, শিক্ষার্থী ও সাংবাদিকতায় আগ্রহী বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ যুক্ত হয়েছেন। যা তথ্য-প্রযুক্তির চ্যালেঞ্জ মোকাবিলায় সাংবাদিকতা নতুন মাত্রা যুক্ত হয়েছে। এখন সংবাদকর্মীরা মোবাইল ব্যবহার করে অনেক কাজ করতে পারছেন। যা করোনাভাইরাসকালে সরকারি বিধিনিষেধের সময় সংবাদকর্মীরা সর্বোত্তম ব্যবহার করেছে। যা সংবাদপত্রের জন্য একটি মাইলফলক ঘটনা। অবশ্যই এ ধারা আগামীতে অব্যাহত থাকবে। সংবাদপত্র প্রতিষ্ঠালগ্ন থেকেই বাংলাদেশের স্বাধীনতা, সুষম অর্থনৈতিক উন্নয়ন ও সুশাসন প্রতিষ্ঠার পক্ষে নিরলস কাজ করে আসছে। এই ঐতিহ্য সমুন্নত রেখে আগামী দিনেও জাতির প্রতি গণমাধ্যম তার দায়িত্ব যথাযথ পালন করবে। বাঙালীর মহান মুক্তিযুদ্ধ ও তার দীর্ঘ প্রস্তুতিকালে বাংলাদেশ আওয়ামী লীগ পরিচালিত সংগ্রামের সবপর্যায়ে গণমাধ্যমের ভূমিকা ও অবদান অনস্বীকার্য। বিশেষ করে সেই ৫০-৬০ দশকে 'শেখ মুজিব' ও তার লাখো সতীর্থদের অগ্নিঝরা বার্তা গ্রাম-বাংলায় ছড়িয়ে-ছিটিয়ে থাকা কোটি বাঙালির মধ্যে পৌঁছে দেওয়ার দায়িত্ব তৎকালীন প্রিন্ট প্রকাশনাগুলো ও অন্য গণমাধ্যমকর্মীরা সাহস ও সততার সঙ্গে পালন করেছেন। তখনকার দিনে ইলেক্ট্রনিক ও ডিজিটাল প্রযুক্তির অনুপস্থিতির মধ্যে ছাপার কাগজগুলো যে দুরূহ দায়িত্ব সাহসের সঙ্গে পালন করেছে তা অবিস্মরণীয়। গণমাধ্যমের সঙ্গে সম্পৃক্ত শত শত কর্মী নিগৃহীত হয়েছেন, লাঞ্ছিত হয়েছেন এবং মৃত্যুবরণও করেছেন। তাদের সবাইকে আজকের বাংলাদেশের সরব গণমাধ্যমের মধ্যে কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করে এ জাতি। বাংলাদেশের গণমাধ্যমের কর্মীরা স্বাধীনতার আগে থেকেই জাতি গঠনের সংগ্রামে ইতবাচক ভূমিকা পালন করছেন। বিশেষ করে চরম প্রতিক্রিয়া ও ইতিহাসের চাকা পিছন দিকে ঘুরিয়ে দেওয়ার প্রচেষ্টায় লিপ্ত বাংলা ও বাঙালীর বিরুদ্ধ শক্তিগুলোর মোকাবিলায় বাংলাদেশের বর্তমান প্রধানমন্ত্রী বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনা যে জীবনপণ সংগ্রামে লিপ্ত রয়েছেন সে কাজে বর্তমান শক্তিশালী গণমাধ্যম সামনের কাতারে থাকবে। নিরক্ষরতা, কুসংস্কার, পশ্চাৎপদতা ও একুশ শতকের মানবজাতির অর্জনের সমান অংশীদার হিসেবে পৃথিবীতে টিকে থাকার এই প্রচেষ্টায় গণমাধ্যমে কর্মরত সবার সহযোগিতা থাকবে। স্বাধীন বাংলাদেশ প্রতিষ্ঠার পেছনে বাঙালীর হাজার বছরের স্বপ্নের চূড়ান্ত বাস্তবায়ন বাংলাদেশের স্বাধীনতা। বাঙালীর স্বাধীনতার মহান সংগ্রামে লাখো লাখো মানুষ জীবনোৎসর্গ করেছেন। তাদের মধ্যে অনেক সংবাদকর্মীও রয়েছেন। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

লেখক: রাজনীতিবিদ ও বাংলাদেশ সরকারের পরিকল্পনামন্ত্রী

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী

Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

917-282-9256

Moin Choudhury, Esq

Email: moinlaw@gmail.com

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্ম
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration

(To Schedule Appointment Only)

Call:917-282-9256

E-mail: moinlaw@gmail.com



Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Manhattan Office By Appointment Only.

Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

আমরা সফল না স্বার্থক?



এইচ বি রিতা

একটা সময়ের পর আমাদের প্রত্যেকেরই জীবনের একটা লক্ষ্য থাকে-সর্বাবস্থায় সফল হওয়া। এই যেমন, ভাল ফলাফলে পড়াশুনা সম্পন্ন করা, ভাল চাকরী পাওয়া, নিজের ইচ্ছা পূরণ করা, পরিবার গঠন ও পরিবারের দায়ীত্বগুলো পালন করা। কঠোরপরিশ্রম ও চেষ্টার পর একটা সময় আমরা সফলতাও অর্জন করি। সফল হতে গিয়ে আমাদের স্বার্থপর হতে হয়। কখনো সেটা প্রকৃতিক নিয়মে, কখনো নিজ নিয়মে। কিন্তু স্বার্থক হতে কেবল দরকারসফলতার এক ধাপ উপরে আমাদের মননশীন ও উৎপাদনশীল চিন্তা-ভাবনা। স্বার্থকতা স্বার্থপরতার বাহিরে।

বিশ শতকের মহান মনোবিজ্ঞানী এরিক এরিকসনের মতে, অর্থবহ জীবনযাপন করতে হলে মানুষের অবশ্যই তাদের বিকাশের প্রতিটি পর্যায়ে একটি নির্দিষ্ট মূল্য বা দক্ষতা অর্জন করতে হবে। যেমন-কৈশোরে পরিচয়ের বোধ তৈরি করা মূল বিকাশেরচ্যালেঞ্জ। তরুণ বয়সের প্রাথমিক লক্ষ্যটি হল অন্যের সাথে অন্তরঙ্গ বন্ধন তৈরি করা। এবং যৌবনে, সর্বাধিক উল্লেখযোগ্য কাজহ'ল উৎপাদনশীলতার বিকাশ- অর্থাৎ পরবর্তী প্রজন্মের লক্ষ্যগুলি অর্জনে এবং তাদের সম্ভাব্যতা অর্জনে সহায়তা করা।

আমরা সন্তান জন্ম দিয়ে আশা করি ভাল ফলাফল করবে, উন্নত চাকরী করবে এবং সুন্দর স্বচ্ছল একটা পরিবার থাকবে। কিন্তুসেই সুন্দর স্বচ্ছল পরিবার গঠনে যে মূল উপাদানগুলো (মানবতা, বিশ্বাস, নৈতিকতা, নীতিবোধ, উদারতা, সহনশীলতা, গ্রহণক্ষমতা, সমঝোতা) প্রয়োজন, তা হয়তো শিক্ষা দিতে আমরা ভুলে যাই

স্বার্থকতা শব্দ দুটো একই রকম মনে হলেও এর মধ্যেবিস্তর পার্থক্য রয়েছে।

যখন আপনি ভাল ফলাফলে উচ্চ শিক্ষা গ্রহণ করছেন, চাকরী করে ভাল বেতন পাচ্ছেন, একের পর এক লিখে বিভিন্ন সংবাদমাধ্যমে আপনার পরিচিতি বাড়ছে, যুক্তি তর্কের মাধ্যমে অপর পক্ষকে পরাস্ত করতে পারছেন, ইউটিউভার হিসাবে ব্যাপক ভিউপাচ্ছেন, বিভিন্ন সভা সমিতিতে বক্তৃতার মাধ্যমে জনপ্রিয়তা অর্জন করছেন, অন্য কথায়, আমরা তখনই একজন সফল প্রাপ্তবয়স্ক ব্যক্তি হই, যখন আমরা আমাদের শৈশব এবং যৌবনের প্রাকৃতিক স্বার্থপরতা ছাড়িয়ে যাই। এবং বুঝতে পারি যে জীবন আর আমাদের নিজের পথকে অভিযুক্ত করার বিষয়ে নয়, বরং অন্যকেসাহায্য করার বিষয়ে। এটি হতে পারে সন্তান লালন-পালনের, সহকর্মীদের পরামর্শ দেওয়ার মাধ্যমে, বা সমাজ-বিশ্বের জন্য নতুন এবং দরকারী কিছু তৈরি করা। আর সেটাই আমাদের স্বার্থকতা। অর্থাৎ আমরা দেখতে পাচ্ছি যে, ব্যক্তির সফলতার পরেও আসে স্বার্থকতা। সফল সবাই হতে পারেন। সবাই স্বার্থক হতে পারেন না। সফলতা এবং জীবনে সফল ব্যক্তি। কিন্তু শুধু অর্থ উপার্জন বা খ্যাতি পাওয়াই যদি তারউদ্দেশ্য হয়, তিনি কেবল ব্যক্তি জীবনেই সফল, স্বার্থক নন। দেশ ও দশের সেবা করাটাই হবে তার জন্য স্বার্থকতা।

সফলতা একটি স্বতন্ত্র; স্বাধীন ইচ্ছা। কৌশল, চাটুকারীতা, দুর্নীতি, প্রতারণার মাধ্যমেও আমরা সফল হতে পারি। তবে সেটাতেআমরা স্বার্থক নই। কেননা, আমাদের কাজগুলো নিজের, সমাজের ও রাষ্ট্রের জন্য তখন আপনি সফল। অর্থাৎ এগুলোই আপনারসফলতা। আর যখন আপনার উচ্চ শিক্ষা ও চাকরী নিজ, কর্মজীবন এবং সমাজে একজন ভালোমানুষ হিসাবে আপনার কোন অবদানরাখছে, আপনার লিখা যখন কোন ব্যক্তি, গোষ্ঠী, সমাজ বা রাষ্ট্রের কোন কাজে লাগছে, আপনার যুক্তি-তর্ক, ভিডিও, বক্তৃতাযখন কারো বা কোন ব্যবস্থা বা অবস্থার পরিবর্তন ঘটাচ্ছে, তখনই আপনি স্বার্থক।

অর্থাৎ যে কোন কাজ আমরা সম্পন্ন করতে পারলেই সফল হতে পারি। এবং সে কাজটা যদি নিজের ও সমাজের জন্য উপকারেআসে, তবেই আমরা স্বার্থক।

একজন রাজনীতিবিদ অবশ্যয়ই তার নিজ ও সমাজ ক্ষতিকারক। স্বার্থকতা হলো ইতিবাচক কিছুযা মন্দ রেখে ভালটুকুই বহন করে। আমাদের জীবনে সফল হওয়া খুবই গুরুত্বপূর্ণ। তবে আরো গুরুত্বপূর্ণ বিষয়টা হল, জীবনটাকে স্বার্থক করে তোলা। সফলতামানেই স্বার্থকতা নয়, তবে স্বার্থকতার সাথে সফলতা জড়িত।

আমেরিকান নেভি ফিজিকান ড. থমাস ডলি বলেছিলেন, 'আপনার জীবনের কিছুটা অংশ অন্যকে উৎসর্গ করুন। আপনার উৎসর্গ ত্যাগ হবে না। বরং এটি একটি উদ্দী-পনাজনক অভিজ্ঞতা হবে, কারণ এটি অর্থবোধের শেষের দিকে প্রয়োগ করা একটি তীব্রপ্রচেষ্টা।'

বঙ্কিমচন্দ্র তাঁর 'কপালকুন্ডলা' উপন্যাসে লিখেছিলন, 'পুষ্প আপনার জন্য ফোটে না। পরের জন্য তোমার হৃদয় কুসুমকে প্রস্ফুটিত করিও।'

আমরা সন্তান জন্ম দিয়ে আশা করি ভাল ফলাফল করবে, উন্নত চাকরী করবে এবং সুন্দর স্বচ্ছল একটা পরিবার থাকবে। কিন্তুসেই সুন্দর স্বচ্ছল পরিবার গঠনে যে মূল উপাদানগুলো (মানবতা, বিশ্বাস, নৈতিকতা, নীতিবোধ, উদারতা, সহনশীলতা, গ্রহণক্ষমতা, সমঝোতা) প্রয়োজন, তা হয়তো শিক্ষা দিতে আমরা ভুলে যাই। ধরুণ, আপনার সন্তান বড় ডাক্তার বা প্রতিষ্ঠিত কেউ। কিন্তু তিনি রাস্তায় হেঁটে যেতে যেতে কোনদিন একজন শারীরিক অক্ষমতায় থাকা ব্যক্তির হাতটি ধরে তাকে রাস্তা পার করে দেবারতাগিদ অনুভব করেননি। কিংবা অন্যের প্রয়োজনে কোনদিন পাশে দাঁড়ানোর দরকার মনে করেননি। সেক্ষেত্রে আপনি একজনসফল পেরেন্টস, স্বার্থক পেরেন্টস নন।

বরং আপনার সন্তান যদি পরীক্ষায় ভাল ফলাফলে তেমন প্রতিষ্ঠিত বা বিখ্যাত কেউ নাও হন, কোন রকমে জীবন যাপন করারমত অবস্থায় থাকেন, কিন্তু উৎপাদনশীল মম-নশীলতায় অন্যের উপকারে যথেষ্ট অবদান রাখেন, তবে পেরেন্টস হিসাবে আপনারসফলতায় সামান্য ঘাটতি থাকলেও আপনি একজন স্বার্থক পেরেন্টস।

জন্ম নিলাম। সফল হলাম, ভোগ করলাম। জন্ম দিলাম, তারপর মরে গেলাম। এতেই কি আমাদের জীবন স্বার্থক হল? অন্যের ব্যথায় ব্যথিত হওয়া, অন্যের প্রতি সদয়, ক্ষমাশীল, মানবিক হওয়া এবং নিজের ও অন্যের জন্য সৃষ্টিশীল কর্মের মাধ্যমেমানবকল্যানে কোন অবদান রেখে যাওয়াই জীবনের স্বার্থকতা।

আফগানিস্তান : স্বাধীনতা থাকবে না গণমাধ্যমের

ফাতিমা তুজ জোরা

তালেবান-পরবর্তী ইসলামী শাসনব্যবস্থায় আফগানিস্তানের গণমাধ্যম কোন দিকে যাবে তা নিয়ে এরই মধ্যে সংশয়প্রকাশ করছেন বিশ্বরাজনীতিবিদরা। এই সংশয় ঘিরে আফগানিস্তানের বর্তমান প্রেক্ষাপটে গণমাধ্যামের স্বাধীনতা ও কর্মরত সাংবাদিকরা কী পরিস্থিতিতে পড়তে পারেন, আফ-গানিস্তানের রাজধানী কাবুলে কর্মরত সাংবাদিকদের সঙ্গে কথা বলে সেসব প্রশ্নের উত্তর খোঁজার চেষ্টা করেছে কালের কণ্ঠ। সেখানকার সাংবাদিকরা মনে করেন, এখানকার মানুষ তালেবানকে সন্ত্রাসী-চোর-ডাকাতের চেয়েও অনেক বেশি ভয় পায়। ফলে মানুষ চাপা ভয়ের মধ্যে আছে। ভবিষ্যতে গণমাধ্যমের বাকস্বাধীনতা থাকবে না।

কাবুলের আরিয়ানা নিউজের সাংবাদিক মোহাম্মদ আজমাল জালাজাই বলেন, 'তালেবান মুখে বলছে এক কথা; কিন্তু যেটা বলছে সেটা করবে কি না, তা সময় বলে দেবে। তারা বলছে, নারীরা চাকরি করতে পারবে। মেয়েরা স্কুলে যেতে পারবে। কিন্তু তারা তো এখনো আনুষ্ঠানিকভাবে ক্ষমতা পায়নি। যখন ক্ষমতা হাতে নেবে, তখনই চেনা যাবে আসল চেহারা।'

২০ বছর আগের উদাহরণ টেনে আজমাল বলেন, '২০ বছর আগে তালেবান যখন ক্ষমতায় ছিল তখন কোনো মেয়েকে ঘরের বাইরে যেতে দিত না। স্কুল-কলেজেও যাওয়া নিষেধ ছিল। মানুষ এখনো সেই ভয়েই আছে। মানুষের কথা হলো, তালেবান তো এখনো সেই তালেবানই আছে। হয়তো তারা বদলাতেও পারে। কিন্তু সেটা কতটুকু বিশ্বাসযোগ্য!'

গণমাধ্যমের কোনো বাকস্বাধীনতা থাকবে না জানিয়ে তিনি বলেন, 'তালেবান এখন শুধু আন্তর্জাতিক মিডিয়াকে জানাতে চাইছে, আমরা আর আগের মতো নেই। তারা বলছে, নিউজ করতে হলে সেটা কোনোভাবেই তাদের বিরুদ্ধে যাওয়া যাবে না। এখনই তারা এটা বলছে। সেখানে কিভাবে গণমাধ্যমের স্বাধীনতা থাকবে?'



আজমাল বলেন, 'তালেবান ইসলামের অনুশাসন অনুযায়ী সব কিছু চালাতে চাইছে। এসব টিভি চ্যানেল, পত্রিকা কিছুই থাকবে না। একেবারে শুরুতে যেভাবে ইসলামী অনুশাসনে চলত, সব কিছুই সেভাবে চলবে। তারা শুধু চাইছে যেকোনোভাবে ক্ষমতাটা হাতে নিতে। তাদের আদর্শ যেটা আছে, সেটাই প্রতিষ্ঠিত করবে। এখন খুব নরম হয়ে সব মেনে নিচ্ছে। কারণ এখন সবাই তাদের বিরুদ্ধে চলে গেলে সেটা তাদের জন্য ক্ষতিকর।'

এদিকে কাবুল নিউজ টিভির নারী সাংবাদিক রোমা আদিল বলেন, 'প্রতিদিনের মতো আজও আমি অফিসে এসেছি। শহরে সবখানেই তালেবানরা আছে, টহল দিচ্ছে। তারা তো তাদের মরজিমতো চলাফেরা করছে। তাদের মধ্যে কী চলছে সেটা তো আমরা বুঝতে পারছি না। একটু পরেই টিভিতে খবর পড়তে বসব। কিন্তু সব সময় একটা উৎকণ্ঠা-ভয় কাজ করছে। ভয়টা এত বেশি- মনে হচ্ছে, যেকোনো সময় মৃত্যুও হতে পারে। আসলেই জানি না কেন মৃত্যুর ভয় পাচ্ছি।'

তালেবানের দেওয়া বিধি-নিষেধের কথা উল্লেখ করে রোমা বলেন, 'তালেবান বলেছে ইসলামের অনুশাসন মেনে হিজাব পরতে হবে। হিজাব পরতে হবে বিষয়টি এতটুকুতেই সীমাবদ্ধ না। এর মানে শুধু এটা নয় যে হিজাব পরলেই সব সমস্যার সমাধান হবে। এর পেছনে আরো অনেক বাধা-নিষেধ আছে। যেটি আস্তে আস্তে প্রয়োগ করতে চাইবে।'

কাবুল নিউজ টিভির অফিসের পরিস্থিতির ব্যাখ্যা দিতে গিয়ে তিনি বলেন, 'অফিসে কেউ তেমন কিছুই বলছে না। সবাই কাজ করছে। কিন্তু মনের মধ্যে একটা শঙ্কা কাজ করছে সবার। এটা তো বুঝতেই পারছি। তবে সামনের দিনগুলোতে কী হতে যাচ্ছে এটা নিয়ে ভীষণ দুশ্চিন্তায় আছি। হয়তো মেয়েদের ঘর থেকে বের হওয়া নিষেধ করতে পারে। এটুকু বলতে পারি, সাংবাদিকরা যদি প্রতিবাদ করে, তার ফল খুব খারাপ হবে। তাদের কাউকে ছেড়ে দেবে না তালেবান।'

এদিকে সাংবাদিক হিসেবে স্বাধীনভাবে কাজ করতে পারবেন কি না? কাবুলের ওয়ান টিভি নিউজের সাংবাদিক মোহাম্মদ হাদি সাহার কাছেপ্রশ্ন করা হলে তিনি বলেন, "দুর্ভাগ্যজনক হলেও সত্য, এই প্রশ্নের উত্তর হলো 'না'। আমি এখন যতটা স্বাধীনভাবে সাংবাদিকতা করছি সেভাবে করতে পারব না। তারা সব কিছুই তাদের নিয়ন্ত্রণে নিচ্ছে। তাদের মতো করেই সব কিছু করতে হবে। তাদের বিরুদ্ধে কিছু বলা যাবে না। এমনকি সাংবাদিকতা কতটুকু টিকে থাকবে সেটাও ভাবার বিষয় এসেছে। আশা করি, তালেবান আগের ভুল করবে না। সারা বিশ্ব যেখানে তাদের কর্মকান্ড পর্যবেক্ষণ করছে। তারা যদি আবারও সুযোগের অপব্যবহার করে, এটা তাদের জন্যও ভালো ফল বয়ে নিয়ে আসবে না।"

নারীরা যেভাবে অপরাধে জড়িয়ে পড়ছে

আনিকা নাজনীন

বর্তমান সময়ে নারীরা বিভিন্ন ধরনের অপরাধের সঙ্গে জড়িয়ে পড়ছে। আপাতদৃষ্টিতে প্রচুরসংখ্যক নারীকে আইনের আওতায় আনা হয়েছে মনে হলেও এর বেশ বড় অংশই রয়ে যায় ধরাছোঁয়ার বাইরে। কখনো স্বেচ্ছায়, কখনো পরিস্থিতি বিবেচনায় বা প্ররোচনার শিকার হয়ে নারীরা অপরাধ কর্মকান্ডে জড়িয়ে পড়ে। স্বামী বা স্ত্রী নিজে পরকীয়ায় জড়িয়ে যাওয়ার কারণে স্ত্রীর হাতে স্বামীর হত্যা বা স্ত্রীর সহযোগিতায় স্বামীকে হত্যার মতো ঘটনা ঘটছে। ম্যারিটাল রেইপ বর্তমান সময়ের খুবই স্পর্শকাতর ঘটনাগুলোর একটি। বিষয়টি নিয়ে বিতর্ক থাকলেও তা অবহেলা করার সুযোগ নেই। কারণ বিয়ের পরও অনেক নারী যৌন নির্যাতনের শিকার হন। ফলে ম্যারিটাল রেইপ ধারণাটি বরাবরই প্রাসঙ্গিক।

আবার পারিবারিক বন্ধনের অভাবেও নারীরা বিভিন্ন রকম অপরাধের সঙ্গে জড়িয়ে পড়ে। ক্ষমতার অপব্যবহারের কারণেও নারীদের অপরাধ বাড়ছে। দুঃখজনক হলেও সত্য, বর্তমানে ধর্মের অপব্যাখ্যার কারণে নারীরা জঙ্গিবাদের সঙ্গে জড়িয়ে পড়ছে। হলি আর্টিজন সহিং-সতার পর বিভিন্ন সময় ৮৫ জন নারী জঙ্গিকে আটক করা হয়। তাদের মধ্যে ২১ শতাংশ নারীই জঙ্গিবাদে জড়িয়ে পড়ে স্বামীর প্ররোচ-নার মাধ্যমে। ১৪ শতাংশ পারিবারিকভাবে, ৪ শতাংশ শিক্ষকদের মাধ্যমে, ৩ শতাংশ নারী জড়িয়ে পড়ে সামাজিক যোগাযোগমাধ্যমের কারণে।



সামাজিকভাবে নারী ও পুরুষের মধ্যে নানা বিষয়ে অনেক বৈষম্য রয়েছে। ছোট বেলায় খেলনা থেকে শুরু করে বাবা-মায়ের দায়িত্ব নেওয়ার মতো বিষয়গুলোতেও ছেলেমেয়ের মধ্যে পার্থক্য করা হয়। এর ফলে নারীদের মধ্যে হতাশা কাজ করে এবং তাদের মধ্যে অপরাধ প্রবণতা বেড়ে যায়। বাবা-মায়ের কঠোর শাসনের কারণেও নারীরা অপরাধের সঙ্গে জড়িয়ে পড়তে পারে। অনেক সময় নারীরা নিজেদের অসহায় ও নির্যাতনের শিকার দাবি করে নিজেদের স্বার্থ উদ্ধারে অন্যকে ফাঁসানো, অন্যের মানহানির চেষ্টা করার মতো ঘটনা হয়ে থাকে। আবার অনেক সময় দীর্ঘদিন অত্যাচার ও নির্যাতনের করণে নারীরা অপরাধ প্রবণ হয়ে ওঠে।

নারীর অপরাধ প্রবণতা রোধে সবচেয়ে বেশি ভূমিকা রাখতে পারে পারিবারিক বন্ধন ও সম্পৃক্ততা। পিতামাতার ভূমিকা এখানে সবচেয়ে বেশি। কিশোর বয়সে যখন মেয়েরা কোথাও যেতে চায়, হুট করে নিষেধ না করে খোঁজখবর নিয়ে নিরাপত্তার ব্যবস্থা করে তাদের জায়গামতো পৌঁছে দেওয়া একান্তভাবে সম্ভব না হলে বাস্তব সমস্যা সম্পর্কে ধারণা দিয়ে বুঝিয়ে নিষেধ করা উচিত। তাদের বন্ধুরা কেমন তা যাচাই করে এবং তাদের পরিবারের সঙ্গে যোগাযোগ রেখে সমস্যা সমাধানে নিয়োজিত হতে হবে। এর ফলে মাদক, জঙ্গিবাদের মতো আরো অনেক অপরাধের সঙ্গে জড়িয়ে পড়া রোধ হবে। বন্ধু, শিক্ষকেরাও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারেন অপরাধ প্রবণতা রোধে।

পরিশেষে, নারী শিক্ষার মাধ্যমে নারীদের অর্থনৈতিকভাবে সক্ষম করতে হবে। নারী-পুরুষের মধ্যে যে বৈষম্য, তা দূর করে নারীদের মতামত দেওয়ার সুযোগ দিতে হবে। সুবিধাবঞ্চিত অনেক মেয়েশিশু রয়েছে, যাদের মৌলিক চাহিদা পূরণ হচ্ছে না। এর ফলে কর্মের সন্ধানে অপরাধের সঙ্গে জড়িয়ে যাচ্ছে। সরকারি-বেসরকারি ও এনজিওর সহযোগিতায় তাদের সুন্দর জীবন গঠনে সহ-য়তা করতে হবে। বিভিন্ন অপরাধের সঙ্গে জড়িয়ে পড়া নারীরা যদি অপরাধের পথ থেকে ফিরে আসতে চায়, তাদের সুযোগ দিতে হবে। তাহলেই নারীর অপরাধ প্রবণতা রোধ করার ক্ষেত্র তৈরি হবে এবং অনেকাংশে নিয়ন্ত্রণ করা যাবে।

লেখক: শিক্ষার্থী, ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়

Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে অর্থ উপার্জন করুন

$২১ প্রতি ঘন্টা

নিউইয়র্ক ষ্টেটের হেলথ ডিপার্টমেন্টের সিডিপেপ/হোম কেয়ার প্রোগ্রামের মাধ্যমে আপনি ঘরে বসেই আপনার পিতা-মাতা শ্বশুড়-শ্বাশুড়ী, আত্মীয়-স্বজন ও প্রতিবেশীদের সেবা দিয়ে প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন।

কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।

আজই যোগাযোগ করুন:

গিয়াস আহমেদ, চেয়ারম্যান / সিইও /৯১৭-৭৪৪-৭৩০৮

Corporate Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl	1 Blacksmith Lane	2148 Starling Ave.	175 B Forbell Street	642 Walden Avenue
Jackson Heights, NY 11372	Dix Hill, NY 11731	Bronx, NY 10462	Brooklyn, NY 11208	Buffalo, NY 14211
917-744-7308, 718-457-0813	718-406-5549	917-744-7308, 718-457-0813	Tel: 917-744-7308	Tel: 347-837-1162

তালেবান শাসন এবং জনগণের আস্থার সংকট



গাজীউল হাসান খান

বিশ্বের সর্বত্রই এখন আফগানিস্তানের বর্তমান ঘটনাবলি এবং তার ভূত-ভবিষ্যৎ নিয়ে এক তোলপাড় চলছে।প্রবহমান রয়েছে এক আলোচনার ঝড়। গণমাধ্যমে চলছে বিভিন্ন ঘটনার বহুমুখী ব্যাখ্যা-বিশ্লেষণ এবং ভবিষ্যৎ নিয়ে নানা মন্তব্য। এর মধ্যে গত বৃহস্পতিবার অর্থাৎ ১৯ আগস্ট ছিল আফগানিস্তানের ১০২তম স্বাধীনতা দিবস। তৃতীয় অ্যাংলো-আফগান যুদ্ধের পর ভারত উপমহাদেশের তৎকালীন ব্রিটিশ শাসকগোষ্ঠীর সঙ্গে এক বোঝা-পড়ার ভিত্তিতে ১৯১৯ সালের ১৯ আগস্ট আধুনিক আফগানিস্তানের জন্ম হয়েছিল। আফগানিস্তানে ঐতিহাসিক দুর-রানি শাসকদের শেষ বংশধর আবদুর রহমান খান ১৮৮০ সালের আগে একদিকে ব্রিটিশ এবং অন্যদিকে রুশদের সাম্রাজ্য বিস্তারের পরিকল্পনার মোকাবেলা করছিলেন। সে অবস্থায় ব্রিটিশরা 'ডুরান্ড লাইন' টেনে আফগানিস্তানের পাখতুন এলাকার এক বৃহৎ অংশ, যা উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ নামে পরিচিত (ভারত তখনো বিভক্ত হয়নি) এবং বেলুচিস্তানে নিজেদের দখল প্রতিষ্ঠা করে। খাইবার গিরিপথের পশ্চিম পাশে ব্রিটিশরা আফগানদের বিচ্ছিন্ন করে ফেলে। তাতে বিভক্ত হয়ে পড়ে আফগানিস্তানের পশতুভাষী বিশাল পাখতুন বা পশতুন জনগোষ্ঠী। এই বিভক্তি তারা সেদিন মেনে নেয়নি। ব্রিটিশ ও রুশ আগ্রাসনের মুখে বিষয়টি তখন কিছুটা চাপা পড়লেও ১৯৪৭ সালে ভারত বিভক্তির মাধ্যমে পাকিস্তান সৃষ্টি হলে আফগানরা তাদের অতীতের অসমাপ্ত ইস্যুটি আবার সোচ্চারভাবে তুলে ধরে। তারপর একপর্যায়ে আফগান নেতা আমানুল্লাহ খান আফগানিস্তানে রাজতন্ত্র প্রতিষ্ঠা করেন; যা প্রায় ৫০ বছর স্থায়ী হয়েছিল। আফগানরা সে শাসনও মেনে নেয়নি। সে কারণে এক অভ্যুত্থানে আমানুল্লাহর বংশধর জহির শাহ ক্ষমতা হারান এবং তারই ধারাবাহিকতায় ১৯৭৮ সালে ঘটে দ্বিতীয় আরেকটি অভ্যুত্থান। তাতে আফগানিস্ড়ান একটি সমাজতান্ত্রিক রাষ্ট্রে পরিণত হয়েছিল। আফগানিস্তানের সাধারণ মানুষ সেই চাপিয়ে দেওয়া ব্যবস্থা বা পরিবর্তন মেনে নেয়নি। তখন থেকে অর্থাৎ পরবর্তী প্রায় ১০ বছর বিদ্রোহী আফগান মুজাহিদীনরা স্থানীয় সরকার ও তাদের পৃষ্ঠপোষক সোভিয়েত ইউনিয়নের সশস্ত্র বাহিনীর বিরুদ্ধে যুদ্ধ করেছে।

শেষ পর্যন্ত সোভিয়েত বাহিনী পরাজিত হয়ে ফিরে গেছে। ভেঙে টুকরো টুকরো হয়ে গেছে সোভিয়েত ইউনিয়ন। তাদের বিরুদ্ধে আফগানিস্তানের বিদ্রোহী মুজাহিদ বাহিনীকে সার্বিকভাবে সহযোগিতা করেছিল যুক্তরাষ্ট্র। সোভিয়েত বাহিনীমুক্ত আফগানিস্তানে আবারও যখন নীতি ও আদর্শের প্রশ্নে মুজাহিদদের সঙ্গে পশ্চিমা শক্তির বিরোধ দানা বেঁধে ওঠে, তখনই যুক্তরাষ্ট্রে ২০০১ সালের ৯ সেপ্টেম্বর জঙ্গি হামলাটি সংঘটিত হয়েছিল। আল-কায়েদা নেতা ওসামা বিন লাদেনকে আফগানিস্তানে আশ্রয় দেওয়ার জন্য যুক্তরাষ্ট্র তৎকালীন কট্টর মুজাহিদীন গ্রুপ নিয়ে গঠিত আফগান তালেবান সরকারকে অভিযুক্ত করে। যুক্তরাষ্ট্রের ধারণা, ওসামা বিন লাদেনই যুক্তরাষ্ট্রে জঙ্গি হামলার জন্য দায়ী এবং তাতে তালেবানের মদদ ছিল। তারই সূত্র ধরে ২০০১ সালেই যুক্তরাষ্ট্র আফগানিস্তান আক্রমণ করে এবং ১৯৯৬ সালে প্রতিষ্ঠিত তালেবান সরকারকে উৎখাত করে। তখন থেকে ২০ বছর তারা (যুক্তরাষ্ট্র) আফগানিস্তানে অবস্থান করেছে এবং বিশিষ্ট আফগান নাগরিক আবদুল হামিদ কারজাই ও আশরাফ গনির নেতৃত্বে পর পর দুটি জাতীয় সরকার গঠন করেছে। যুক্তরাষ্ট্রের উদ্দেশ্য ছিল তাদের নিজস্ব (পশ্চিমা) ভাবধারায় এক নতুন জাতি গঠনের (Nation Building) মাধ্যমে আফগানিস্তানের রাষ্ট্রীয় কাঠামো ও রাজনীতির খোল-নলচে পরিবর্তন করে দেওয়া। কিন্তু দেশপ্রেমিক লড়াকু তালেবান তাদের রাজনৈতিক ভাবধারা যতই বিতর্কিত হোক, কোনো মতেই হাল ছাড়েনি। দেশব্যাপী প্রায় ৪৩টি প্রদেশে যুক্তরাষ্ট্রের দখলদারি ও তাদের দেশীয় (আফগান) তাঁবেদারদের উৎখাত করার জন্য নিরলসভাবে সংগ্রাম বা প্রচেষ্টা চালিয়ে গেছে। কাতারের রাজধানী দোহায় যুক্তরাষ্ট্রের সঙ্গে যুগ-পৎভাবে কূটনৈতিক সংলাপ চালিয়ে গেছে নিজেদের মাতৃভূমিকে বিদেশি প্রভাব থেকে মুক্ত করার জন্য। শেষ পর্যন্ত যুক্তরাষ্ট্র যখন আফগানিস্তান থেকে তাদের সেনা প্রত্যাহারের সিদ্ধান্ত নেয়, তখন থেকেই পুরো আফগানিস্তান ক্রমে ক্রমে দখল করে নেওয়ার প্রস্তুতি নিয়েছিল তালেবান। তারই চূড়ান্ত বহিঃপ্রকাশ ঘটে গত ১৫ আগস্ট রাজধানী কাবুল দখল করার মধ্য দিয়ে। যুক্তরাষ্ট্রের তাঁবেদার সরকার প্রধান আশরাফ গনি কাবুল থেকে পালিয়ে গিয়ে কোনো মতে নিজের প্রাণ এবং তাঁর সরকারি আফগান বাহিনীর সদস্যদের জীবন রক্ষা করেন। এ ঘটনাবলি সবারই জানা। তবে সামনে কী ঘটতে যাচ্ছে, সেটাই এখন আলোচনার বিষয়।



২.

আফগানিস্তানের ১০২তম স্বাধীনতা দিবস এবং কাবুলসহ দেশের বিভিন্ন প্রদেশে প্রধান প্রধান শহরে তালেবানের উপস্থিতি নিয়ে মধ্যপ্রাচ্যের বিভিন্ন প্রভাবশালী পত্রিকা ও টেলিভিশন চ্যানেলে অত্যন্ত গুরুত্বপূর্ণ বেশ কিছু তথ্য প্রচার করা হয়েছে। তাতে কেউ কেউ বলেছেন, তালেবান অতীতের ভুলভ্রান্তি থেকে শিক্ষা নিয়েই এবার দেশ শাসনে এগিয়ে এসেছে। এ ছাড়া ইসলামী আইনে অর্থাৎ শরিয়া ভিত্তিতে দেশ পরিচালনার জন্য সুদীর্ঘ ২০ বছরের প্রস্তুতি এবং 'হোমওয়ার্ক' কোনো মতেই অবহেলার বিষয় হতে পারে না। এ কথা অনস্বীকার্য, তালেবান 'আমেরিকান ডিক্লারেশন অব ইনডিপেনডেন্স' অথবা আব্রাহাম লিংকনের 'গ্যাটিসবার্গ অ্যাড্রেস'-এর তুলনায় ৬২২ খ্রিস্টাব্দে ইসলামে নবী মোহাম্মদ (দ.) ঘোষিত 'মদিনা সনদ' পড়েছে অনেক বেশি। যেহেতু তারা আফগানিস্তানে ইসলামী শাসন চায়, সেহেতু কোরআন, হাদিস ও ইসলামী শরিয়া আইনের আলোকে নিজেদের আবার তৈরি করার চেষ্টা করেছে। তালেবান নেতারা ভালো করেই জানেন, ২০০১ ও ২০২১ সাল এক নয়। তাঁরা এখন আফগানিস্তানের রাজনীতি, অর্থনীতি, প্রাকৃতিক ও মানবসম্পদ নিয়ে কথা বলতে শিখেছেন। কারণ তাঁরা এরই মধ্যে চীন, রাশিয়া ও ভারতের সঙ্গে সফলভাবে দ্বিপক্ষীয় আলোচনা সুসম্পন্ন করেছেন। প্রতিবেশী পাকিস্তানের সঙ্গে সামরিক ও অসামরিক বিষয়ে দীর্ঘ সময় ধরে মতবিনিময় করেছেন। সে কারণে এটাই স্বাভাবিক যে অতীতের মতো বিচ্ছিন্নতাবাদী পথে তাঁরা আর চলবেন না। নারীদের পর্দা প্রথা কিংবা তালেবানের একক শাসন নিয়ে নতুন বিতর্কের জন্ম দেবেন না। সে কারণে এবার কাবুলে উপস্থিত হয়েই তালেবানের মুখপাত্র জাবিউল্লাহ মুজাহিদ এক সংবাদ সম্মেলনের আহবান করেন। উচ্চ পর্যায়ের তালেবান নেতাদের পরামর্শে তিনি আফগানিস্তানব্যাপী শত্রু-মিত্র-নির্বিশেষে ঘোষণা করেছেন সাধারণ ক্ষমা। বলেছেন, শিগগিরই তাঁরা সবার অংশগ্রহণ বা প্রতিনিধিত্বের ভিত্তিতে একটি সরকার গঠন করবেন। সে সরকার হবে শরিয়া আইনের ভিত্তিতে একটি সরকার। সে সরকার কারো প্রতি (দেশি-বিদেশি) কোনো বিদ্বেষ পোষণ করবে না এবং আফগানিস্তানের মাটিতে কোনো বিদেশি জঙ্গি বাহিনীকে স্থান দেবে না। শিক্ষা ও কর্মসংস্থানের ক্ষেত্রে ইসলামী আইন অনুযায়ী নারীদের বৈধ ক্ষমতা নিশ্চিত করা হবে এবং ইসলামী প্রথা অনুযায়ী নারীদের পর্দা প্রথা অনুসরণ করতে হবে। তবে বোরকা পরার ব্যাপারে কোনো বাধ্যবাধকতা থাকবে না। ইসলামী শরিয়ত অনুযায়ী নারীর শালীনতা ও সম্ভ্রম বজায় রাখতে হবে। আফগানিস্তানের ভবিষ্যৎ সরকার সংবাদপত্রের স্বাধীনতা ও মানবাধিকারের প্রশ্নে যথেষ্ট যত্নবান থাকবে। এর পাশাপাশি অন্য আরো কিছু বিষয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাব দিয়েছেন তালেবান মুখপাত্র জাবিউল্লাহ।

আফগানিস্তানে তালেবানের পক্ষ থেকে দেশের নতুন প্রেসিডেন্ট হিসেবে মোল্লা আবদুল গনি বারাদারের নাম শোনা যাচ্ছিল প্রথম থেকেই। মোল্লা গনি বারাদার সাবেক তালেবান নেতা মোল্লা ওমরের একজন ঘনিষ্ঠ সহযোগী এবং সংগঠনের অন্যতম প্রধান প্রতিষ্ঠাতা। সংগঠনের বিভিন্ন পর্যায়ে তাঁর দক্ষতার সঙ্গে কাজ করার অভিজ্ঞতা রয়েছে। এ ছাড়া তিনি আফগানিস্তানে সোভিয়েত বাহিনীর বিরুদ্ধে প্রত্যক্ষভাবে যুদ্ধ করেছেন। সম্ভবত হামিদ কারজাইয়ের শাসনামলে তিনি পাকিস্তানের করাচিতে ২০১৮ সালে একবার গ্রেপ্তার হয়েছিলেন এবং যুক্তরাষ্ট্রের সু-পারিশে তাঁকে মুক্তি দেওয়া হয়েছিল। মোল্লা আবদুল গনি বারাদারের সঙ্গে আফগানিস্তানের সাবেক প্রেসিডেন্ট আবদুল হামিদ কারজাই, আশরাফ গনি সরকারের একজন অন্যতম প্রধান উপদেষ্টা আবদুল্লাহ আবদুল্লাহসহ দেশের বিভিন্ন প্রদেশের প্রভাবশালী নেতার যোগাযোগ রয়েছে বলে বিভিন্ন সংবাদে জানা গেছে। এ ছাড়া আফগানিস্তানে সবাই প্রতিনিধিত্বমূলক একটি সরকার গঠনের ব্যাপারে, বিশেষ করে পাকিস্তানসহ কয়েকটি দেশের নেতাদের সঙ্গেও তিনি মতবিনিময় করেছেন বলে আভাস পাওয়া গেছে। সে কারণে কাতার থেকে আফগানিস্তানে প্রবেশ করার পরও তাঁরা সরকার গঠন করতে কয়েক দিন সময় নিয়েছেন। এর মধ্যে পাঞ্জশির প্রদেশে তালেবানের কোনো কোনো কর্মকান্ডের বিরুদ্ধে বিক্ষোভ প্রদর্শন করেছেন সেখানকার প্রয়াত নেতা আহমদ শাহ মাসুদের পুত্র ও তাঁর অনুসারীরা। তালেবান ২০ আগষ্ট পর্যন্ত পাঞ্জশিরে প্রবেশ করতে পারেনি বলে জানা গেছে। তবে পর্দার অন্তরালে সেখানে কী ঘটছে তা এখনো নিশ্চিত নয়। আফগানিস্তানের ৩৪টি প্রদেশের কোথায় কী ঘটছে তা জানাও সহজ নয়। তবে উচ্চ পর্যায়ের তালেবান নেতারা অত্যন্ত ব্যস্ততার মধ্যে দিন কাটাচ্ছেন বলে জানা গেছে। এর অর্থ হচ্ছে বিশাল আফগানিস্তানের বিভিন্ন অঞ্চলে ছড়িয়ে-ছিটিয়ে থাকা প্রভাবশালী নেতাদের সঙ্গে যোগাযোগ ও সমন্বয় রক্ষা করার তাগিদ। মোল্লা আবদুল গনি বারাদার কাতারের রাজধানী দোহায় অবস্থিত তালেবানের কূটনৈতিক দপ্তরের প্রধান হিসেবে কাজ করেছেন। এ ছাড়া আফগানিস্তান থেকে আমেরিকান সেনা প্রত্যাহারের ব্যাপারে ওয়াশিংটনের সঙ্গে তালেবানের যে চুক্তি হয় তাতেও স্বাক্ষর করেছিলেন মোল্লা গনি বারাদার।

এত কিছুর পরও তালেবানের বিভিন্ন ঘোষণা ও আশ্বাসের প্রতি বিশ্বাস স্থাপন করতে পারছে না আফগানিস্তান এবং বিদেশের বিভিন্ন মহল। তাদের ধারণা, প্রাথমিক দুর্যোগপূর্ণ অবস্থা কাটিয়ে একবার ক্ষমতায় থিতু হয়ে গেলে তালেবান কোনো কথাই রাখবে না। তারা তাদের জঙ্গিবাদী ও কট্টরপন্থী নীতি ও কর্মকান্ডে আবার ফিরে যাবে। ইসলামের নামে আবার শুরু করবে আফগানিস্তানের বিভিন্ন জনগোষ্ঠী ও নারীদের ওপর বাড়াবাড়ি। কিন্তু এখানে একটি কথা বিশেষভাবে ভেবে দেখতে হবে, ২০ বছর আগের তালেবান সরকার আর এখনকার তালেবান নেতাদের কার্যকলাপ কিংবা কর্মপন্থা এক হতে পারে না। কারণ এখনকার তালেবান সরকারকে বিভিন্ন রাজনৈতিক ও অর্থনৈতিক স্বার্থে, বিশেষ করে প্রাকৃতিক সম্পদ আহরণ, বাণিজ্য ও উন্নয়নের স্বার্থে চীন, রাশিয়া, ইরান, তুরস্ক, ভারত ও পাকিস্তানের মতো দেশের সঙ্গে বিভিন্ন দ্বিপক্ষীয় কিংবা বহুপক্ষীয় চুক্তি স্বাক্ষর করতে হবে। বিশ্বব্যাংক কিংবা আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) সঙ্গে অর্থনৈতিক লেনদেনের জন্য তদবির করতে হবে। সেখানে বিশ্বাসযোগ্যতার অভাব থাকলে তালেবান একঘরে হয়ে যাবে অতি তাড়াতাড়ি। তাতে অর্থনৈতিক সংকটে নিপতিত হবে তারা। দেশে খাদ্যাভাবের কারণে দুর্ভিক্ষও দেখা দিতে পারে। এ ছাড়া উন্নয়ন ও কর্মসংস্থান সৃষ্টির গতি ত্বরান্বিত করতে না পারলে দেশের তরুণ জনগোষ্ঠীর মধ্যে দেখা দিতে পারে বিদ্রোহ। এতে অতি দ্রুত একটি ব্যর্থ রাষ্ট্রে পরিণত হতে পারে আফগানিস্তান। এ ক্ষেত্রে শরিয়া আইন কিংবা ইসলামী শাসনের বুলি আওড়ে কোনো ফল পাবে না তালেবান সরকার। পবিত্র কোরআনে ইসলামকে একটি মধ্যপন্থার ধর্ম বলে উল্লেখ করা হয়েছে। এ ছাড়া ধর্ম নিয়ে বাড়াবাড়ি করার ব্যাপারে নিষেধ করা হয়েছে। কোরআনে আরো বলা হয়েছে, আল্লাহ কোনো জাতির অবস্থার পরিবর্তন করেন না; যতক্ষণ না তারা নিজে তাদের ভাগ্য উন্নয়নে সচেষ্ট হয়। সে কারণেই আফগানিস্তানের সার্বিক উন্নয়নে এখন প্রয়োজন সব শ্রেণি-পেশার মানুষের অংশগ্রহণ। শিক্ষিত ও মেধাবী মানুষের অবদান। সে কারণেই বাধ্যতামূলকভাবে তালেবানের এখন সব জনগোষ্ঠীর প্রতিনিধিত্বমূলক একটি সরকার গঠন করা আবশ্যক।

বর্তমানে আফগানিস্তানের প্রায় চার কোটি মানুষের মধ্যে ৪৪ শতাংশই হচ্ছে পাখতুন বা পশতুন, অর্থাৎ পশতুভাষী। তারা পাঠান জাতি হিসেবে গর্ব করে থাকে। আহমদ শাহ দুররানি হচ্ছেন আফগানিস্তান বা আফগান জাতির পিতা, যিনি ১৭৪৭ সালে তাদের জন্য একটি সাম্রাজ্য প্রতিষ্ঠা করেছিলেন, যা দিল্লি পর্যন্ত বিস্তৃত ছিল। এ পশতুন গোত্রের অন্য শাসক দোস্ত মোহাম্মদ ১৮২৬ সালের পর থেকে একদিকে রাশিয়া ও অন্যদিকে ব্রিটিশ আগ্রাসনবাদী শক্তির হাত থেকে আফগানিস্তানের স্বাধীনতা ও অখন্ডতা রক্ষার জন্য ১৮৪২ সাল পর্যন্ত লড়াই করেছেন। আফগানিস্তান পর্যায়ক্রমে সোভিয়েত রাশিয়ার সামাজিক সাম্রাজ্যবাদ এবং পরিশেষে মার্কিন সাম্রাজ্যবাদের থাবা থেকে মুক্ত হয়েছে। এ জাতি কখনো কারো পরাভব মানেনি। সুতরাং বর্তমানে তারা যদি শরিয়া আইন কিংবা ইসলামী শাসনের নামে ধর্মান্ধতা সৃষ্টি কিংবা বাড়াবাড়ির কারণে একটি ব্যর্থ রাষ্ট্রে পরিণত হয়, তাহলে তার জন্য ইসলামকে দায়ী করা যাবে না। সে জন্য তালেবানই দায়ী হবে।

লেখক: বীর মুক্তিযোদ্ধা ও একুশে পদকপ্রাপ্ত সাংবাদিক, বাংলাদেশ সংবাদ সংস্থার (বাসস) সাবেক প্রধান সম্পাদক ও ব্যবস্থাপনা পরিচালক
e-mail: gaziulhkhan@gmail.com

২১ আগস্ট : ইতিহাসের জঘন্যতম রাজনৈতিক হামলা

ওয়ালিউর রহমান

শোকের মাস আগস্ট। বঙ্গবন্ধুর নৃশংস হত্যা এবং তার পরিবারের সবার হত্যার সুষ্ঠু বিচার নিয়ে যখন আমরা উদ্বিগ্ন, যখন আমরা জাতির পিতাকে হারানোর পর শোকে কাতর, যখন আমরা তার আত্মার শান্ড়ির জন্য মসজিদ, মন্দির, গির্জায় প্রার্থনা করছি, ঠিক তখনই 'হাওয়া ভবনের' কালো হাত বঙ্গবন্ধুকন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যার জন্য ২০০৪ সালের ২১ আগস্ট এই গ্রেনেড হামলার পূর্ণ পরিকল্পনা বাস্তবায়ন করল। বঙ্গবন্ধু অ্যাভিনিউতে আওয়ামী লীগের কার্যালয়ের সামনে আমাদের প্রধানমন্ত্রী যখন তার বক্তব্য শেষ করে অস্থায়ী মঞ্চ থেকে নামবেন, ঠিক সেই মুহূর্তে মাত্র দেড় মিনিটে ১১টি গ্রেনেড হামলা হয়। তখন আমাদের সিনিয়র নেতারা তাকে ঘেরাও করে মানবঢাল তৈরি করেন, যাতে আমাদের বঙ্গবন্ধুকন্যার গায়ে আঘাত না লাগে। কোনো রকমভাবে তাকে বুলেটপ্রুফ গাড়িতে উঠিয়ে দিয়ে ধানমন্ডির ৫ নম্বর সুধা সদনে নিয়ে যাওয়া হয়। চারদিকে তখন আহাজারি। কারো হাত নেই, কারো পা নেই। সিনিয়র নেতা থেকে শুরু করে সবাই তখন রক্তে জর্জরিত। আমি তখন ছিলাম ১৫ আগস্টের হত্যাকান্ড বিষয়ক এক আলোচনা সভায় শেরাটন হোটেলে। খবর পাওয়ার সঙ্গে সঙ্গে ত্বরিতগতিতে চলে এলাম সুধা সদনে। এসে দেখি আমাদের নেত্রী শেখ হাসিনা ঘরের কোনায় চেয়ারে বসে আছেন। আমাকে দেখে বললেন: 'ওয়ালি ভাই, আপনি এসেছেন? ভালোই হলো। Now go and tell the whole world, this is the democracy of khaleda Zia.'

তার সঙ্গে কিছুক্ষণ কথোপকথনের পর আমি বেরিয়ে পড়ি বঙ্গবন্ধু অ্যাভিনিউর উদ্দেশে। ওখানে গিয়ে দেখি কী দুর্বিষহ অবস্থা। যেন নরকের এক প্রান্ত খোলা হয়েছে। নেতাকর্মীদের যে কোনোভাবে নিয়ে যাওয়া হচ্ছে হাস-পাতালে। আর লাশগুলো রাখা হচ্ছে এক গাড়িতে। সে কী লোমহর্ষক দৃশ্য। আমি ওখান থেকে তাড়াতাড়ি করে চলে গেলাম হাস-পাতালে। সাত-আটটা হাসপাতালে ভর্তি ছিল তিন শতাধিক মানুষ। ধানমন্ডির বাংলাদেশ মেডিকেল নামক এক বেসরকারি হাসপাতালে গিয়ে দেখি আরও ভয়াবহ দৃশ্য। আমি সেখানে গিয়ে ডাক্তারের সঙ্গে কথা বললাম, তারা আমাকে বলল যে, এখনই কিছু ইনজেকশন কিনতে হবে। আমি ইনজেকশন কেনার ব্যবস্থা করলাম। আমি ডিউটি ডাক্তারের সঙ্গে কথা বলে কিছু টাকা ও আমার সঙ্গে যোগাযোগের ব্যবস্থা তৈরি করলাম। ভয়াল সেই স্পিন্টারের আঘাতে আমাদের নেতাকর্মীরা দিনের পর দিন ভুগেছেন। তাদের মধ্যে এক জনের কথা না বললেই নয়। তিনি হচ্ছেন মেয়র হানিফ। তার মাথায় গ্রেনেডের আঘাত লেগেছিল। তা নিয়ে তিনি দীর্ঘদিন অসহনীয় যন্ত্রণা ভোগ করে ২০০৬ সালে ইন্তেকাল করেন। জনাব সুরঞ্জিত সেনগুপ্ত। তার সঙ্গে দেখা হলেই আমাকে স্পিন্টারে তার পায়ের আঘাত ও তার ব্যথা সম্পর্কে বলতেন। আমরা বন্ধু থাকায় তিনি আমাকে প্রায়সই এ নিয়ে কথা বলতেন। দিনের পর দিন তিনি কীভাবে এই ব্যথা সহ্য করে গেছেন, তা আমি দেখেছি।



২১ আগস্ট গ্রেনেড হামলা মামলায় যাবজ্জীবন কারাদন্ডে দন্ডিত পলাতক আসামি ইকবাল হোসেনকে গ্রেপ্তার করেছে র‍্যাব। মুফতি হান্নানের নির্দেশে ২০০৪ সালে গ্রেনেড হামলায় সরাসরি অংগ্রহণের কথা স্বীকার করেছে ইকবাল।

১৯৭৫ সালের ১৫ আগস্ট থেকে ২০০৪ সালের ২১ আগস্ট কিন্তু বেশি ব্যবধান নয়। বিএনপি-জামায়াত দিনের পর দিন তাদের একটি মাত্রই পরিকল্পনা- এই স্বাধীনতার শক্তি বঙ্গবন্ধুর আদর্শে চলা একমাত্র দল আওয়ামী লীগকে শেষ করে ফেলা, যার কারণে খালেদা জিয়া তার পুত্রকে এই জঘন্যতম হামলায় সাহায্য করেন। তার ছেলে তারেক রহমান, তার দলের তৎকালীন স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী লুৎফুজ্জামান বাবর, খালেদা জিয়ার রাজনৈতিক সচিব হারিছ চৌধুরী, জামায়াতে ইসলামীর মহাসচিব ও তৎকালীন সমাজকল্যাণমন্ত্রী আলী আহসান মোহাম্মদ মুজাহিদ- তাদের সবাইকে নিয়ে গুলশানের হাওয়া ভবনে এই পরিকল্পনা করেন। তারা পাকিস্তানীদের সাহায্য নিয়ে দিনের পর দিন এই দেশের ক্ষতি সাধন করে গেছে। তথ্যমতে দেখা যায়, তারা যে গ্রেনেড ব্যবহার করেছে, তা-ও পাকিস্তান থেকে এনেছে। তারা হুজি বাহিনীর সাহায্যও নিয়েছিল এই হামলায়। কতটা স্বাধীনতাবিরোধী হলে মানুষ এমন কাজ করতে পারে! যে স্বাধীনতার জন্য আমারা ৯ মাস যুদ্ধ করলাম, দেশ স্বাধীন করলাম, বঙ্গবন্ধুর সোনার বাংলাদেশ গড়ার জন্য দিনরাত পরিশ্রম করে যাচ্ছি, আর সেই স্বাধীনতার বিরোধীদের হাত ধরে তারা এমন নৃশংস কাজ করল! যে দেশ স্বাধীন, সে দেশে কীভাবে দুটো পক্ষ থাকে? কীভাবে স্বাধীনতার বিরোধিতা করে তারা এমন জঘন্য কাজ করতে পারে? ২০১৮ সালের ১০ অক্টোবর এর রায়ের কাজ সম্পূর্ণ হয়েছে। এমন হত্যাকান্ডের বিচার পেতে আমাদের ১৪টি বছর লেগে গেল। খালেদা জিয়া প্রধানমন্ত্রী থাকা অবস্থায় গ্রেনেড হামলার বিচার যেন অনেকটা হাস্যরসভাবে চলছিল। তার লোক দেখানো আসামি ও তার নিজের তৈরি করা সিআইডি টিম- সবকিছুই যেন এক নাটকীয় রূপ। বঙ্গবন্ধুর সোনার বাংলায় যেন কোনো স্বাধীনতাবিরোধী শক্তি না আসতে পারে, তা নিয়ে আমরা পণ করেছি, প্রতিনিয়ত আমরা তা নিয়ে কাজ করে যাচ্ছি। বঙ্গবন্ধু যে স্বপ্ন দেখেছেন, তা নিয়ে আমরা সব সময় কাজ করে যাব। আর কোনো স্বাধীনতাবিরোধী শক্তি যেন দেশের মানুষের ক্ষতি সাধন না করতে পারে, তার জন্য আমরা সদা জাগ্রত।

লেখক: সাবেক সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



STAR Photography

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all
Your Professional
Photography Like events
News Conference
Wedding Reception & Modelling

NEHER SIDDIQUEE
MSPS, MFPO
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

গ্রেটার বাফেলোর
বাংলাদেশী কমিউনিটি সহ
অন্যান্য খবর জানতে
বাফেলোর প্রথম
এবং
একমাত্র
বাংলা সংবাদপত্র
বাফেলো বাংলা
পড়ুন
www.buffalobangla.com

Homeopathy & Herbal
হোমিওপ্যাথিক এন্ড হারবাল
ডাঃ এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA) Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

মহিলাদের:* অনিয়মিত ঋতুস্রাব * স্তনের টিউমার * চুল পড়া * শ্বেতপ্রদর বা লিউকোরিহিয়া * ডিম্বাশয়ের টিউমার (Ovarian Cyst) * Endometriosis, * জরায়ুর টিউমার (Uterus Tumors), * বন্ধ্যাত্ব * ঋতুস্রাবে বিলম্ব ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন ষ্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

37-15 73rd Street, Jackson heights, NY 11372.
Cell: 917-285-4804, Ph: 718-898-0939
www.vhvshop.com
Business Hours: Monday-Friday: 12:00PM-8:00PM, Saturday-Sunday: 12PM-5PM

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

পার্কচেস্টারে
অভিজ্ঞ বাংলাদেশি ডাক্তার

আমরা
সব ধরনের ইন্স্যুরেন্স
গ্রহণ করে থাকি

এখানে বাংলাদেশী মহিলা গাইনোকলজিষ্ট, কার্ডিওলোজী, গ্যাস্ট্রো এন্ট্রোলজী, ফিজিক্যাল থেরাপী, পেইন ম্যানেজমেন্ট সহ সব ধরনের চিকিৎসা সুবিধা রয়েছে

ডা. আতাউল চৌধুরী (তুষার) এম.ডি
মেডিসিন বিশেষজ্ঞ (বোর্ড সার্টিফাইড)

ডা. মঞ্জিলা রহমান
গাইনোকলজিষ্ট



TEL: 917-634-9600
917-634-9601
FAX: 888-776-0872

We Provide EKG, Echocardiogram, TLC Exam, Different blood test and much more

1268 White Plains Road, Bronx, NY 10602
E-mail: nyccommunitymedicalcare@gmail.com
Web: www.nyccommunitymedicalcare.com
372 East 204th Street, Bronx, NY 10467

ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



Tusher Bhuiyan
Licensed Real Estate Agent

▼ বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
▼ অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21
Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

Each Office is Independently Owned and Operate

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন

পপুলার ড্রাইভিং স্কুল

Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট
917-301-2063

OPEN 7 DAYS

6 Hours
DDC Class
Good For TLC



বাসা থেকে ফ্রি পিকআপ এন্ড ড্রপ

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীদের ড্রাইভিং লাইসেন্স পেতে কি ধরনের কাগজপত্র বা ডকুমেন্টস লাগবে তা জানতে যোগাযোগ করুন: ৯১৭-৩০১-২০৬৩

- ২৬ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্বাবধানে ড্রাইভিং শিখুন।
- ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ৫, ১০ ও ১৫ লেসনের প্যাকেজ ডীল।
- প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা (শনিবারসহ)

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

- 5 Hours Class Certificate
- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন ফ্রি বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট বই

Please Call

718-426-9453, 917-301-2063

Popular Driving School Inc.

72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave) ডিজিটাল ওয়ান এর উপরে

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৩ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে

(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

ই-মেইল :
শধফবৎরশরনৎরধ@মসধরষ.পড়স

ঠিকানা :
ঝৎ ঙ ইধহববৎ ঝধহমববঃ অপধফবসু
১৪৬ গধৎষনড়ৎড়ঁমষ জড়ধফ
টঢ়ঢ়বৎ উধৎষু, চঅ ১৯০৮২

বাংলা পত্রিকা পড়তে ভিজিট করুন
banglapartikausa.com

CREDIT REPAIR

যত দ্রুত সম্ভব ক্রেডিট লাইন রিপেয়ার করুন

আমরা দীর্ঘ অভিজ্ঞতা সম্পূন্য ব্যক্তিদের মাধ্যমে গ্যারান্টি সহকারে ক্রেডিট রিপেয়ার করি।



বাড়ি, গাড়ি কেনা থেকে নিজেকে কেন বঞ্চিত করছেন?

ক্রেডিট লাইনে যে কোন ঝামেলাই আমরা রিমুভ করি।

Southeast USA Group Inc.
74-09 37th Avenue, Suit # 206, Jackson Heights, NY 11372
Phone: 718-639-6207, 917-566-1612 Fax: 718-412-3249

সাক্ষাৎকার

দুর্নীতিবাজ কাউকেই ছাড় দেওয়া হবে না : মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্

সাক্ষাৎকার গ্রহণ: হকিকত জাহান হকি

দুর্নীতি দমন কমিশনের (দুদক) চেয়ারম্যান মঈনউদ্দীন আবদুল্লাহ্ ১৯৮৩ সালে জনপ্রশাসনে যোগ দেন। বিগত সময়ে তিনি ঢাকা বিভাগের বিভাগীয় কমিশনার, গৃহায়ন ও গণপূর্ত এবং শিল্প মন্ত্রণালয়ের সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক এবং কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব হিসেবে কর্মরত ছিলেন। ২০১৮ সালের আগস্ট মাসে সরকারি চাকরি থেকে অবসর গ্রহণের পর ২০১৯ সালের জুলাই মাসে রাষ্ট্রায়ত্ত উন্নয়ন সংস্থা পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের (পিকেএসএফ) ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পান তিনি। মঈনউদ্দীন আবদুল্লাহ্ ঢাকা বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকা বিজ্ঞান বিভাগ থেকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। তার জন্ম ১৯৫৯ সালে কুমিল্লায়।

প্রশ্ন : দুর্নীতি দমন কমিশনের (দুদক) চেয়ারম্যান হিসেবে দায়িত্ব গ্রহণ করায় সমকালের পক্ষ থেকে আপনাকে অভিনন্দন। দেশ থেকে দুর্নীতি নির্মূল করতে আপনি কীভাবে কাজ শুরু করতে চান?


মঈনউদ্দীন আবদুল্লাহ্ : দুর্নীতি দমন কমিশনের আইনি ম্যান্ডেট এবং সবার সার্বিক সহযোগিতা নিয়ে আমাদের ওপর অর্পিত দায়িত্ব পালন করতে চাই। সমাজের সবার সহযোগিতা এবং বিদ্যমান আইনের নিখুঁত প্রয়োগই হবে আমাদের পথচলার ভিত্তি। কারণ, দুর্নীতি কোনো একক প্রতিষ্ঠানের পক্ষে কাঙ্ক্ষিত মাত্রায় নিয়ন্ত্রণ করা প্রায় অসম্ভব। এ কারণে সমাজের প্রতিটি স্তর থেকে সহযোগিতা প্রয়োজন। সবার দায়িত্ব যদি স্বচ্ছতার সঙ্গে পরিপালিত হয়, তাহলে দুদকের কাজ অনেকাংশে কমে যাবে।

প্রশ্ন : গত ১০ মার্চ দায়িত্ব গ্রহণের পর আপনি বলেছিলেন, শুধু আইন দ্বারা দুর্নীতি দমন করা দুরূহ ব্যাপার। এ জন্য সবার সহযোগিতা প্রয়োজন। দুর্নীতি দমন ও প্রতিরোধে আপনি কাদের সহযাত্রী হিসেবে চান এবং কীভাবে চান?

মঈনউদ্দীন আবদুল্লাহ্ : যে কোনো পরিবর্তন কেবল আইন প্রয়োগের মাধ্যমে পুরোপুরি অর্জন করা সত্যিই দুরূহ। আমাদের অনুধাবন করতে হবে, সামাজিকভাবে আমরা দুর্নীতিকে কতটা প্রতিরোধ করতে পেরেছি। সামাজিকভাবে দুর্নীতিপরায়ণদের কতটা প্রত্যাখ্যান করতে পেরেছি- এ প্রশ্ন সবার। তবে আমি ব্যক্তিগতভাবে আশাবাদী মানুষ। আমি বিশ্বাস করি, জাতি মুক্তিযুদ্ধের মাধ্যমে দেশ স্বাধীন করেছে। তারা দুর্নীতির মতো অপরাধকে সমাজ থেকে তীব্র সামাজিক আন্দোলনের মাধ্যমে প্রতিরোধ করবে বলে আমি বিশ্বাস করি। স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানও দুর্নীতির বিরুদ্ধে সামাজিক আন্দোলনের ডাক দিয়েছিলেন। মূলত সমাজের শক্তিগুলো যখন দুর্নীতির বিরুদ্ধে দৃঢ় অবস্থান নেবে, তখনই দুর্নীতিপরায়ণরা পরাভূত হবে। মানুষ যত সচেতন হবে, দুর্নীতি-পরায়ণরা ততই দুর্বল হবে। এ জন্য কৃষক থেকে শুরু করে ছাত্রছাত্রী, শিক্ষক, বুদ্ধিজীবী, সুশীল সমাজ, গণমাধ্যম, রাজনীতিবিদ, ব্যবসায়ী, সরকারি কর্মচারীসহ সবার সমন্বিত প্রচেষ্টা জরুরি।

প্রশ্ন : সরকারের উচ্চ পর্যায় থেকে মাঠ প্রশাসন পর্যন্ত সর্বত্র দুর্নীতি। সাধারণ মানুষ সেবা নিতে গিয়ে হয়রানি-দুর্নীতির শিকার হচ্ছে। জনগণ যাতে দুর্নীতিমুক্ত সেবা পায়, তার জন্য আপনি কী ধরনের পদক্ষেপ নেবেন?

মঈনউদ্দীন আবদুল্লাহ্ : বাংলাদেশের সংবিধানের ২১(২) অনুচ্ছেদে বলা হয়েছে, সকল সময়ে জনগণের সেবা করিবার চেষ্টা করা প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত ব্যক্তির কর্তব্য। অর্থাৎ সাধারণ মানুষকে হয়রানি বা দুর্নীতিমুক্তভাবে সেবা প্রদান করা সরকারি কর্মচারীদের সাংবিধানিক দায়িত্ব। সেবা গ্রহণকারীকেও সচেতন হতে হবে। কেউ ঘুষ চাইলেই ঘুষ দেবেন না। ঘুষ দেওয়া, ঘুষ নেওয়া- দুটিই ফৌজদারি অপরাধ। যিনি ঘুষ চান তার বিরুদ্ধে তারই ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে অভিযোগ জানানোর সুযোগ রয়েছে। ঘুষ চাওয়ার বিষয়টি দুদককে অবহিত করার সুযোগ রয়েছে। দুদক প্রয়োজনে ফাঁদ পেতে ওইসব অপরাধীকে গ্রেপ্তার করবে।



প্রশ্ন : একটি কথা প্রচলিত- বড় দুর্নীতিবাজরা ধরা পড়ছে না। সে ক্ষেত্রে আপনি কতটুকু শক্ত হবেন?

মঈনউদ্দীন আবদুল্লাহ্ : দুর্নীতি ছোট বা বড় বলে কোনো বিষয় নয়। দুর্নীতি দুর্নীতিই। সেটা ছোট হোক আর বড় হোক। দুদকের জালে যেমন ছোট দুর্নীতিবাজ ধরা পড়ছে, আবার অনেক বড় দুর্নীতিবাজও ধরা পড়েছে। অনেক কথিত বড় দুর্নীতিবাজের বিরুদ্ধেও মামলা হয়েছে। অনেকের শাস্তি হয়েছে, অনেকে কারাগারে আছেন। অনেকের মামলা আদালতে বিচারাধীন। আমি দৃঢ়তার সঙ্গে বলতে পারি- কাউকেই ছাড় দেওয়া হবে না। আমাদের দায়িত্ব হচ্ছে দুর্নীতির তথ্য-উপাত্ত বিশ্লেষণ করে দালিলিক প্রমাণাদির ভিত্তিতে আইনি ব্যবস্থা গ্রহণ করা। আমরা এ দায়িত্ব পালনে অঙ্গীকারবদ্ধ।

প্রশ্ন : বিদেশে অর্থ পাচার রোধ ও পাচার অর্থ ফেরত আনতে আপনার কার্যকর পদক্ষেপ সম্পর্কে জানতে চাই।

মঈনউদ্দীন আবদুল্লাহ্ : বিশ্ব চতুর্থ শিল্পবিপ্লবের যুগে প্রবেশ করেছে। এ যুগে অর্থ পাচার, ট্যাক্স ফাঁকি একটি বৈশ্বিক চ্যালেঞ্জ। পাচার অর্থ ফেরত আনতে আন্তর্জাতিক যে আইন রয়েছে; কমিশন তার সর্বোচ্চ ব্যবহারের চেষ্টা করছে। বাংলাদেশ জাতিসংঘ দুর্নীতিবিরোধী সনদে স্বাক্ষরকারী রাষ্ট্র ও ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স এগমন্ড গ্রুপের সদস্য। অর্থ পাচার দমন ও প্রতিরোধে আন্তর্জাতিকভাবে যে আইনি পরিকাঠামো রয়েছে, তার সঙ্গে বাংলাদেশ যুক্ত। অর্থ পাচার রোধ ও পাচার অর্থ ফেরত আনতে যেসব কৌশল ও আইনি পরিকাঠামো রয়েছে, সেগুলোর সঠিক ব্যবহারের সর্বোচ্চ চেষ্টা করছে কমিশন।

প্রশ্ন : দুর্নীতি দমনে রাজনৈতিক সদিচ্ছা কতটুকু জরুরি বলে আপনি মনে করেন?

মঈনউদ্দীন আবদুল্লাহ্ : দেখুন, দুর্নীতি দমনে সর্বোচ্চ রাজনৈতিক অঙ্গীকার তো আমাদের সংবিধানেই রয়েছে। বাংলাদেশের সংবিধানের ২০(২) অনুচ্ছেদে বলা হয়েছে, রাষ্ট্র এমন অবস্থা সৃষ্টির চেষ্টা করিবে, যেখানে সাধারণ নীতি হিসাবে কোন ব্যক্তি অনুপার্জিত আয় ভোগ করিতে সমর্থ হইবেন না। এটাই তো সবচেয়ে বড় রাজনৈতিক সদিচ্ছা। আমার জানামতে, দেশের প্রায় প্রতিটি রাজনৈতিক দল তাদের ম্যানিফেস্টোতে দুর্নীতির বিরুদ্ধে দৃঢ় অবস্থানের কথা বলেছে। এমন কোনো রাজনৈতিক দল নেই- যারা দুর্নীতিকে সমর্থন করে। আরেকটা বিষয় আমাদের অনুধাবন করতে হবে, প্রায় সব ধর্মগ্রন্থেই দুর্নীতির বিরুদ্ধে দৃঢ় বাণী উচ্চারণ করা হয়েছে। আমাদের সমাজে ধর্মের ব্যাপক চর্চাও রয়েছে। এর পরও কেন দুর্নীতি হচ্ছে- ধর্মীয় নেতাদেরও এ প্রশ্নের জবাব নিয়ে ভাবতে হবে।

প্রশ্ন : আগের কমিশন দুর্নীতি প্রতিরোধে সরকারের বিভিন্ন মন্ত্রণালয়, দপ্তরে নানা সুপারিশ পেশ করেছিল। সেগুলো বাস্তবায়নে আপনারা কীভাবে কাজ করবেন?

মঈনউদ্দীন আবদুল্লাহ্ : বিজনেস প্রসেস রি-ইঞ্জিনিয়ারিংয়ের বিষয়টি সময়সাপেক্ষ। তাদেরও সময় দিতে হবে। আমরা উপযুক্ত সময়েই পদক্ষেপ নেব। এ নিয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সঙ্গে আমাদের যোগাযোগ রয়েছে। এ ক্ষেত্রে আন্তঃমন্ত্রণালয় সমন্বয় প্রয়োজন। সমন্বিত প্রচেষ্টার মাধ্যমে কমিশনের সুপারিশগুলো বাস্তবায়নে যথাসময়ে দৃঢ় পদক্ষেপ গ্রহণ করা হবে।

প্রশ্ন : দুর্নীতি দমন কাজে প্রভাবশালী মহল তাদের প্রভাব বিস্তার করতে চায়। কমিশনকে এসবের ঊর্ধ্বে উঠে কাজ করতে হবে। আপনার বক্তব্য জানতে চাই।

মঈনউদ্দীন আবদুল্লাহ্ : আপনি প্রশ্নেই বলেছেন- প্রভাবশালী মহল। এসব মহলের কেউ কেউ প্রভাব বিস্তার করতে চাইতে পারে- এটা হয়তো ধারণাগতভাবে স্বাভাবিক। কিন্তু প্রশ্ন হলো- তাদের প্রভাবে দুদক প্রভাবিত হবে কিনা। এর উত্তর পরিষ্কার- দুদক কোনো মহলের প্রভাবেই প্রভাবিত হবে না। দুদক আইন অনুসারে একটি স্বাধীন ও নিরপেক্ষ প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানের ওপর চাপ প্রয়োগের কোনো আইনি সুযোগ নেই। কোনো প্রকার প্রভাব, আবেগ, সামাজিক বা রাজনৈতিক বা পেশাগত কিংবা ধর্মীয় কোনো পরিচয়ই দুদকের কাছে মুখ্য বিষয় নয়। দুদক চলে আইন নির্ধারিত পথে।

প্রশ্ন : বেসিক ব্যাংক কেলেঙ্কারি একটি আলোচিত বিষয়। ব্যাংকটির অর্থ আত্মসাতের ৫৬ মামলার চার্জশিট গত সাড়ে পাঁচ বছরেও দেওয়া হয়নি। এ ক্ষেত্রে আপনি কী পদক্ষেপ নেবেন?

মঈনউদ্দীন আবদুল্লাহ্ : এ বিষয়ে আমি দায়িত্ব গ্রহণের প্রথম দিনেই বলেছিলাম, আমার জানামতে পূর্ববর্তী কমিশনগুলো এসব মামলা করেছে। মামলাগুলোর তদন্ত জটিল প্রক্রিয়ার। তদন্ত কর্মকর্তারা নিরলসভাবে কাজ করছেন। তদন্ত এখনও শেষ হয়নি। তবে আমরা চেষ্টা করছি, দ্রুততর সময়ের মধ্যে এসব তদন্ত কার্যক্রম সম্পন্ন করা হবে।

প্রশ্ন : দুর্নীতি দমনে জনগণের প্রত্যাশা পূরণে আপনার বক্তব্য জানতে চাই।

মঈনউদ্দীন আবদুল্লাহ্ : জনগণের প্রত্যাশাকে আমরা সব সময় সর্বোচ্চ গুরুত্ব দিয়ে থাকি। কারণ জনগণই প্রজাতন্ত্রের মালিক। আমি সবাইকে প্রথমে আহ্বান জানাব- আসুন, আমি, আমার পরিবার ও আমার প্রতিষ্ঠানকে দুর্নীতিমুক্ত করি। নিজে দুর্নীতিমুক্ত না থাকলে কীভাবে দুর্নীতি প্রতিরোধ করবেন? তাই প্রথমে নিজেকেই শুদ্ধাচারী হতে হবে। তবেই আপনি অন্যের দিকে আঙুল তুলতে পারবেন। দেশের ভবিষ্যৎ নেতৃত্ব তরুণদের প্রতি আমার অনুরোধ, আপনাদের পিতামাতা দুর্নীতিগ্রস্ত কিনা- এটা আপনারাই সবচেয়ে ভালো জানেন। এটা আপনারাই অনুসন্ধান করতে পারেন। আয়ের সঙ্গে ব্যয়ের সংগতি না থাকলেই তো নৈতিক মানদণ্ডের অবস্থান নিশ্চিত হওয়া যায়। যদি দেখেন, আপনার পিতামাতাই দুর্নীতিগ্রস্ত, তাহলে কী করণীয়? এই নিষ্পাপ তারুণ্যই পরিবারের ভেতরের ওই অনৈতিকতা প্রতিরোধ করতে পারে। এই তরুণ সমাজই আগামী দিনে দুর্নীতিমুক্ত একটি পরিশুদ্ধ রাষ্ট্র গড়ে তুলবে বলে আমি বিশ্বাস করি।

প্রশ্ন : সময় দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ।

মঈনউদ্দীন আবদুল্লাহ্ : আপনাকেও ধন্যবাদ। সমকালের জন্য শুভকামনা।

সাপ্তাহিক বাংলা পত্রিকা ২৫ বছরে
The Weekly Bangla Patrika

স্মৃতিতে অম্লান : সাংবাদিক মিজানুর রহমান তোতা

অধ্যাপক মো: মসিউল আযম

সাংবাদিকতা জীবনে চলার পথে মিজানুর রহমান তোতা ছিলেন আমার অতি প্রিয় ঘনিষ্ঠজন। তার মতো এত নম্র ভদ্র শান্ত বিনয়ী স্বভাবের মানুষ আমি খুব কমই দেখেছি। হাসি-খুশি ভরা মুখটিতে সবসময় ফুটত ঝিলিক।

১৭ জুলাই সকালে যশোর থেকে আমার ছোট ভাই শাহিকুল আজমের কাছ থেকে তোতার মৃত্যু সংবাদটি জানতে পাই। করোনাকালে কিছুদিন যাবৎ ঢাকায় মেয়ের বাসায় অবস্থান করছি। খবরটি শোনার পর কিছুক্ষণ আমি বাকরুদ্ধ হয়ে পড়ি। পরে মেয়ের ডাকে আমার সম্বিত ফিরে আসে। তার এই অকাল মৃত্যু কিছুতেই মেনে নিতে পারছি না। বিশ্বাস করতে পারছি না এত তাড়াতাড়ি আমাদের মাঝ থেকে হারিয়ে যাবেন। বিদায় নেবেন চিরতরে।


তোতা ছিলেন সত্যিকারভাবেই মনেপ্রাণে একজন জাত সাংবাদিক। রক্তে অস্থিমজ্জায় ছিল সাংবাদিকতার পরশ। একজন কবি, ছড়াকার, লেখক, সাহিত্যিক ও সমাজ উন্নয়নকর্মী হিসেবেও বহুল পরিচিতি লাভ করেছিলেন। হাসি-খুশিতে ভরা মুখে সবসময় হাসির ছোঁয়া যেন লেগেই থাকত। তার মতো অমায়িক বিনয়ী নম্র-ভদ্র, শান্ত চরিত্রের উচ্চ হৃদয়ের অধিকারী মানুষ আমি খুবই কম দেখেছি।

সাংবাদিক তোতার প্রতি ছিল আমার বিশেষ দুর্বলতা তার জন্মস্থান ঝিনাইদহে। আমার মাতুলালয় ঝিনাইদহে। সাংবাদিকতার পেশার সূত্রে তার যশোর আগমন। প্রায় ৫০ বছর ধরে যশোরে থাকার আগে স্বাধীনতা পূর্বকাল থেকেই তার সাথে আমার পরিচয় ছিল।

তার সাথে সুদীর্ঘকালের সম্পর্কের মাঝে কোনো চিড় ধরেনি বা ভুল বোঝাবুঝির সৃষ্টি হয়নি কখনো। তার সাথে বহুকাল যাবৎ কাজ করার সুবাদে মনে পড়ছে অনেক স্মৃতি, যা কোনো দিন ভোলা যায় না।

বাংলাদেশ স্বাধীনতার পর যশোর থেকে মিয়া আবদুস সাত্তার সম্পাদিত দৈনিক স্ফুলিঙ্গ পত্রিকা আত্মপ্রকাশ করে। মিজানুর রহমান তোতা ১৯৭৯ সালে দৈনিক স্ফুলিঙ্গ পত্রিকার স্টাফ রিপোর্টার হিসেবে যোগ দেন। এর আগে ১৯৭৬ সাল থেকেই ছড়া কবিতা ও সংবাদপত্রে লেখার জগতে প্রবেশ। দৈনিক গণকণ্ঠ, সাপ্তাহিক ছুটি, সাপ্তাহিক পূর্ণিমা, দৈনিক আজাদ এবং ১৯৯৩ সালে দৈনিক ইনকিলাব পত্রিকায় যশোর সংবাদদাতার দায়িত্ব পালন করেছেন। দৈনিক স্ফুলিঙ্গ পত্রিকা বন্ধ হওয়ার পর আশির দশকে যশোর প্রেস ক্লাব থেকে আবুল হোসেন মীর সম্পাদিত দৈনিক ঠিকানা পত্রিকা বের হতো। তোতা ওই পত্রিকার নির্বাহী সম্পাদক পদে যোগদান করেন।

১৯৮০ সালের কথা। বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট ঢাকার বাইরে সাংবাদিকদের একটি প্রশিক্ষণের আয়োজন করে। খুলনা বিভাগের সাংবাদিকদের ২৮ দিনব্যাপী এই প্রশিক্ষণে যশোরে সাংবাদিকদের মধ্যে ছিলাম জমির আহমেদ টুন, আমি; খান হাফিজুর রহমান, ফরাজী আজমল হোসেন, আতিউর রহমান, প্রমুখ। দৈনিক স্ফুলিঙ্গ স্টাফ রিপোর্টার মিজানুর রহমান তোতাও ওই প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। খুলনা বিভাগের বিভিন্ন জেলার সাংবাদিকদের জন্য খুলনা শহরের বিভিন্ন রেস্ট হাউজে থাকার ব্যবস্থা করা হয়। আমার ও মিজানুরের স্থান হয়েছিল সার্কিট হাউজের দু'টি কক্ষে। প্রশিক্ষণ শেষে প্রেস ইনস্টিটিউট কর্তৃপক্ষ প্রশিক্ষণার্থীদের জন্য পাঁচ দিনব্যাপী নৌভ্রমণের ব্যবস্থা করে। আমাদের বহনের জন্য নৌবাহিনী ও বন বিভাগের জাহাজের ব্যবস্থা করা হয়। আমরা ওই জাহাজে হিরণপয়েন্ট, দুবলার চর, কটকাসহ সুন্দরবনের বিভিন্ন দর্শনীয় স্থান ভ্রমণ করি। যশোর দৈনিক ইনকিলাব অফিসে গেলে তোতা সেই নৌভ্রমণের মধুর দিনগুলোর কথা আমাকে স্মরণ করিয়ে দিতেন। তার অফিসে গেলে আমাকে কিভাবে খাওয়াবেন, এই নিয়ে পিয়নকে ব্যতিব্যস্ত করে তুলতেন।



১৯৯৩ সালের মাঝামাঝি। আমি তখন দৈনিক ইনকিলাবের যশোর প্রতিনিধি। একদিন রাতে দৈনিক ইনকিলাবের সম্পাদক এম বাহাউদ্দিন আমাকে টেলিফোনে বলেন, 'আমরা পত্রিকার যশোর অফিস খোলার চিন্তা করছি। আপনি যে কলেজে আছেন, সেখানে আপনি যে বেতনভাতা পান তা যদি আমরা দেয়ার ব্যবস্থা করি। আপনি কলেজ ছেড়ে পূর্ণ সময় পত্রিকা অফিসের দায়িত্ব গ্রহণ করবেন?' আমি তখন প্রায় ২৮ বছর চাকরি করছি কলেজে। একটি দায়িত্বপূর্ণ পদেও আছি। ফলে আমার পক্ষে এই প্রস্তাব গ্রহণ করা সম্ভব হয়নি।

মিজানুর রহমান তোতা আমাকে বললেন, ভাই, আপনি চাকরি করেন। ভাবীও সরকারি চাকরিতে। আমার রুটি-রুজির ব্যাপারের বিষয়টি আপনি বিবেচনা করুন মানবিক দিক দিয়ে। এই কথা শোনার পর আমি তাৎক্ষণিক সিদ্ধান্ত নেই। একটি কাগজে পদত্যাগপত্র লিখে তাকে দিই। বাস্তবিকই তার এই আবেদনটি ছিল সম্পূর্ণ মানবিক। রুটি-রুজির প্রশ্ন। আমার এই পদত্যাগের বিষয়টি অনেকেই ভালো চোখে দেখেননি। তারা এটি মেনে নিতে চাননি। কিন্তু বিষয়টি খুব সহজভাবে গ্রহণ করেছিলাম। এই নিয়ে আমার ও তোতার মাঝে কখনো ভুল বোঝাবুঝি বা সম্পর্কের অবনতি হয়নি। আমার এই ত্যাগ ও উদারতার কথা বিভিন্ন মহলে বহুবার ব্যক্ত করেছেন। একজন অনুজ প্রতীম সাংবাদিক হিসেবে তার প্রতি স্নেহ মমতার কোনো ঘাটতি ছিল না। তবে আমার জীবনে একটি কষ্ট, একটি আফসোস রয়ে গেল সারা জীবনের মতো- শেষবার তার মুখটি দেখতে পেলাম না। শরিক হতে পারলাম না নামাজে জানাজায়। করোনাকালে ঢাকায় মেয়ের বাসভবনে অবস্থান করায় যশোরে যাওয়া সম্ভব হয়নি।

২০০৭ সালের ১৬ জুলাই সন্ধ্যায় যশোরের প্রখ্যাত সাংবাদিক শামছুর রহমান নিজের পত্রিকা অফিসে দুর্বৃত্তদের হাতে নিহত হন। তোতার ইনকিলাব পত্রিকা ও জনকণ্ঠ অফিস ছিল পাশাপাশি। পুলিশ সন্দেহজনকভাবে তাকে গ্রেফতার করে। পরে তাকে ঢাকায় বিশেষ একটি গোয়েন্দা শাখার অফিসে নিয়ে নির্যাতন করা হয়। তোতা তাদের বারবার বলে আসছিলেন, তিনি নির্দোষ। এরপর তাকে আটকে রাখা হয় অনেক দিন।

পরবর্তীকালে তদন্তের সময় একটি রহস্য উন্মোচিত হয়। তোতার পালবাড়ি বাসভবনের পাশেই তোতা মিয়া নামে একজন ইটভাটা ব্যবসায়ী বসবাস করতেন। সেখানে একটি সাইন বোর্ডে লেখা ছিল 'তোতা বিরিক্স'। ষড়যন্ত্রকারীরা গোয়েন্দাদের কাছে দরখাস্ত দেয়, এটি সাংবাদিক তোতার ব্যবসায় প্রতিষ্ঠান। সাংবাদিকতার মাধ্যমে কালো টাকা আয় করে তার এই ব্যবসায় প্রতিষ্ঠান, বাড়ি ইত্যাদি গড়েছেন। বিষয়টি নিয়ে আরো গভীর তদন্ত চলাকালে সব মিথ্যা বলে প্রমাণিত হয়। জেল থেকে তিনি বেকসুর ছাড়া পান। পরে তোতার সাথে আমার দেখা হলে বলতাম 'তোতা বিরিক্স' তোমার ইট ব্যবসাপাতি কেমন চলছে?

সাংবাদিক তোতা জেলে থাকাকালে পত্রিকা অফিসে ছিল গোয়েন্দা নজরদারি। ফলে ভয়ে অনেকেই যেত না তার অফিসে। ওই সময় তার স্ত্রী রেবা রহমানকে পত্রিকা অফিস চালানোর দায়িত্ব দেয়া হয়। সময় পেলেই ছুটে যেতাম ইনকিলাব অফিসে। এতে রেবা খুবই খুশি হতেন এই ভেবে যে, তাদের এই দুর্দিনে আমি খোঁজখবর নিচ্ছি। তোতা এ নিয়েও আমার প্রতি কৃতজ্ঞ ছিলেন।

১৯৯২ সালে যশোর প্রেস ক্লাব নির্বাচনকালীন একটি চমকপ্রদ ঘটনার কথা মনে পড়ে। আমি যশোর প্রেস ক্লাবে সিনিয়র সহ-সভাপতি ছিলাম। আমাকে প্রেস ক্লাবের সভাপতি প্রার্থী হিসেবে দাঁড় করানো হয়। আমার প্রতিদ্বন্দ্বী প্রার্থী ছিলেন আমারই কলেজজীবনের সহপাঠী, সাপ্তাহিক দেশ হিতৈষী পত্রিকার সম্পাদক নুরুল আলম। দু'জনের মধ্যে ছিল খুবই বন্ধুত্বপূর্ণ সম্পর্ক। তোতাকে বললাম, 'ফলো মি' অর্থাৎ আমাকে অনুসরণ করো। তার মোটরসাইকেলে সোজা নুরুল আলমের পোস্ট অফিস পাড়ার বাসভবনে। আমি তোতাকে সাক্ষী মেনে নুরুল আলমকে জানালাম : বন্ধুর সাথে আমাদের নির্বাচনী লড়াই হতে পারে না। আমাদের বন্ধুত্ব চির অটুট থাকুক। আমি প্রার্থিতা প্রত্যাহার করে নিলাম। বলে উভয়েই বুক জড়িয়ে আলিঙ্গন করলাম তখন। পরে সংবাদপত্রে বিবৃতি পাঠিয়ে প্রত্যাহারের বিষয়টি সব মহলে অবহিত করি। এরপর মিজানুর রহমান তোতা আমাকে বলতেন, 'ভাই, ফলো মি'।

তোতার জীবনসাথী রেবাকে হারানোর পরই শোককে শক্তিতে পরিণত করে কবিতা লেখার মাঝে। কবিতা লিখেই সারা সময় চর্চা। সাংবাদিকতার চেয়েও মনে হতো মুখ্য হলো, কবিতা রচনায় ব্যস্ত সময় পার করা। তোতা-রেবার ছেলে শাহেদ রহমান ও যমজ মেয়ে লতা-পাতার সন্তান নাতি মহারাজ ও নাতনী মহারানীকে কোলে পিঠে নিয়ে আনন্দে মেতে উঠতেন।

লেখক: প্রবীণ সাংবাদিক ও উন্নয়নকর্মী



একুশে আগষ্ট স্মরণে সভা ও দোয়া

(শেষের পাতার পর)

সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়। উল্লেখ্য, ১৭ বছর আগে ২০০৪ সালের ২১ ঢাকায় আগষ্ট ইতিহাসের নৃশংস হত্যাযজ্ঞ সংগঠিত হয়েছিল। এই ঘটনায় আওয়ামী লীগের মহিলাবিষয়ক সম্পাদক আইভি রহমানসহ ২৪ জন নিহত হন।

যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সহসভাপতি সৈয়দ বসারত আলীর সভাপতিত্বে অনুষ্ঠত আলোচনা সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াকত ও বিশেষ মোনাজাত ছাড়াও গীতা থেকে পাঠ করে প্রার্থনা করা হয়। এরপর সকল শহীদের প্রতি সম্মান জানিয়ে ১ মিনিট নিরবতা পালন করা হয়।

অনুষ্ঠানে আওয়ামী লীগ এবং সহযোগী ও ভাতৃপ্রতীম সংগঠনের পক্ষ থেকে ফুল দিয়ে গ্রেনেড হামলায় নিহতদের প্রতি শ্রদ্ধা জানানো হয়। দিনটি স্মরণে আলোচনা সভায় বক্তব্য রখেন আবুল মনসুর খান, কাজী কয়েছ আহমদ, শরাফ সরকা র, ফরিদ আলম, ডা. আব্দুল বাতেন, নিউইয়র্ক ষ্টেট আওয়ামী লীগের শাহিন আজমল, মহিলা আওয়ামী লীগের খাইরুন নাহার চৌধুরী, নার্গীস আহমদ বিউটি এবং জেসমিন বুখারী, সাবেক ছাত্রনেতা ও বর্তমান আওয়ামী লীগ নেতা সোহান আহমদ টুটুল, শেখ মখলু মিঞা, ফারুক লস্কর, মোঃ নুরুদ্দিন, যুক্তরাষ্ট্র সেচ্ছাসেবক লীগের সভাপতি নুরুজ্জামান সরদার, এইচ ইকবাল, যুক্তরাষ্ট্র আওয়ামী যুবলীগের যুগ্ম আহবায়ক জামাল হোসেন, ইফজাল হোসেন মাযহারুল এহসান মুরাদ, এডভোকেট এম আই শেখ, আশরাফ হুসেন টিটু, লিটন জাকারিয়া, রাজু আহমদ প্রমুখ। সভা পরিচালনা করেন দরুদ মিয়া রনেল।

সভায় বক্তারা বলেন, ২০০৪ সালের এই দিনে কেন্দ্রীয় আওয়ামী লীগ কার্যালয়ের সামনে তৎকালীন বিরোধীদলীয় নেতা শেখ হাসিনার সমাবেশে অতর্কিতে গ্রেনেড হামলা চালানো হয়। ২১ আগস্টের রক্তাক্ত হামলার ঘটনায় ঘটনাস্থলেই নিহত হন ১৬ জন। পরে সব মিলিয়ে মারা যান আওয়ামী লীগের মহিলাবিষয়ক সম্পাদক আইভি রহমানসহ ২৪ জন। আহত হন শেখ হাসিনাসহ পাঁচ শতাধিক নেতা-কর্মী।

বক্তারা বলেন, পঁচাত্তরের ১৫ আগষ্টের মধ্য দিয়ে যে ষড়যন্ত্র শুরু হয়েছিল, ২১ আগস্টের ঘটনা তারই ধারাবাহিকতা। মূলত: আওয়ামী লীগকে নেতৃত্বশূন্য করতে সংগঠনের সভাপতি শেখ হাসিনাসহ দলের প্রথম সারির নেতাদের হত্যার উদ্দেশ্যেই ওই ঘৃণ্য হামলা চালায় ঘাতক চক্র। সেই ষড়যন্ত্র এখনো চলছে বলে বক্তারা অভিযোগ করে বলেন, এই হত্যার ধারাবাহিক ষড়যন্ত্র বন্ধে ১৫ ও ২১ আগস্টের ঘটনার নেপথ্যের কারিগর খুঁজে বের করতে কমিশন গঠনেরও দাবি জানান তারা।

প্রতারণা মামলায় জেকব মিল্টন নির্দোষ



SUPREME COURT OF THE STATE OF NEW YORK
COUNTY OF QUEENS

JACOB MILTON
Plaintiff
Index: 0153184/2014
AMENDED
JUDGMENT

-against-

NOOR MOHAMMED, MAYRA MACIAS
JUAN C ALVAREZ, LORENA ALVAREZ, HECTOR
SANDOVAL, MARTHA VITERI DOING BUSINESS AS
EL [redacted] RESTAURANT, ISLAND TRADING
INC, AND JUAN B ALVAREZ,
GUACLENIO
Defendant

The Plaintiff having brought an action against the Defendants for making false claims against him regarding property purchase and sale; and identity Theft [redacted] and after Defendants Counsel withdrew, the Plaintiff was awarded Judgment by default and a Jury inquest has ordered.

(শেষের পাতার পর)

আইনী লড়াই ম্যানহাটান সুপ্রীম কোর্ট পর্যন্ত গিয়ে পৌঁছে। ম্যানহাটান সুপ্রীম কোর্টের প্রদত্ত রায়ে তিনি (জেকব মিল্টন) জয়ী হন। এদিকে প্রতারণা মামলার অভিযোগকারীদের বিরুদ্ধে জেকব মিল্টনের পাল্টা দায়ের করা মানহানী মামলায় অভিযোগকারীদের বিরুদ্ধে ১২.৫ মিলিয়ন ডলার জরিমানার নির্দেশ দিয়েছেন আদালত। মঙ্গলবার (১৭ আগষ্ট) সন্ধ্যায় জ্যাকসন হাইটসের নিজের অফিসে আয়োজিত এক সংবাদ সম্মেলনে জেকব মিল্টন উপরোক্ত তথ্য জানান। খবর ইউএনএ'র।

সংবাদ সম্মেলনে জেকব মিলন্টন বলেন, ২০০৬ সালে গ্রীফিন মর্টগেজ ব্যাংকে কর্মরত কতিপয় ব্যক্তি আমার বিরুদ্ধে প্রতারণার অভিযোগ এনে পুলিশের কাছে রিপোর্ট করে। তথাকথিত সেই অভিযোগের প্রেক্ষিতে পুলিশ কোন প্রকার তদন্ত ছাড়াই আমাকে গ্রেফতার করে। তিনি বলেন, আমার বিরুদ্ধে অনীত অভিযোগগুলোর মধ্যে ছিলো অভিযোগকারী মায়রা মেসিয়াস, জুয়ান বি আলভারেজ, জুয়ান সি আলভারেজ ও হেক্টর স্যান্ডেভাল-এর পরিচয় চুরি করে একাধিক বাড়িঘর ক্রয়, তাদের নামে ক্রেডিট কার্ড বানিয়ে হোম ডিপোতে শপিং এর মাধ্যমে অভিযোগকারীদের এক মিলিয়ন ডলার ক্ষতি প্রভৃতি। জেকব মিল্টন অভিযোগ করে বলেন, উল্লিখিত অভিযোগকারীরা নূর মোহাম্মদ নামের এক বাংলাদেশীর সাথে ব্যবসায়িক চুক্তির ভিত্তিতে যৌথভাবে কিছু বাড়িঘর ক্রয় করে। কিন্তু অভিযোগকারীরা ঐ চুক্তির বিষয়টি লুকিয়ে রেখে জেকব মিল্টন-এর বিরুদ্ধে প্রতারণার অভিযোগ করার পর পুলিশ তাকে গ্রেফতার করে এবং তার পরদিনই কোন প্রকার তদন্ত এবং জিজ্ঞাসাবাদ ছাড়াই তৎকালীন কুইন্স কাউন্টির ডিষ্ট্রিক্ট এটর্নী রিচার্ড ব্রাউন (প্রয়াত) আমাকে দোষী সাব্যস্ত করে সংবাদ সম্মেলন করে। যা বিভিন্ন মিডিয়ায় প্রকাশিত হয়। কিন্তু অভিযোগ ছিলো সম্পূর্ণরূপে বানোয়াট ও মিথ্যা।

পরবর্তীতে মামলার তদন্তকারী কর্মকর্তারা তাদের ভুল বুঝতে পেরে মামলাটি ডিসমিস করার জন্য আমার (জেকব মিল্টন) কাছে বিভিন্ন ধরণের প্রস্তাব নিয়ে আসে। কিন্তু আমি তা প্রত্যাখ্যান করলে আমাকে 'টেরোরিষ্ট মামলা'য় আটকের হুমকি সহ নিউইয়র্কে বসবাসকারী আমার বোন ও তার সন্তানকেও স্পর্শকাতর অভিযোগে আটকের ভয় দেখায়। এমনকি তদন্তকারী কর্মকর্তারা এক পর্যায়ে আমাকে কুইন্স ক্রিমিনাল কোর্টের বারান্দায় অ্যাম্বুশ করে জোর পূর্বক কাগজে স্বাক্ষর নেয়। তিনি বলেন, তখন সদ্য পাশ হওয়া যুক্তরাষ্ট্রের 'পেট্রিয়ট আইন'-এর ভয়ে এবং চাপের মুখে আমার বোন ও সন্তানের কথা ভেবে সব মেনে নিতে হয়। পরবর্তীতে 'জেকব মিল্টন অপরাধ স্বীকার করেছে' মর্মে নিউইয়র্কের বাংলা ভাষার দুটি মিডিয়া সহ বিভিন্ন মিডিয়ায় খবরটি প্রকাশিত হয়।

জেকব মিল্টন বলেন, এরপর আপিলেট ডিভিশন সেকেন্ড ডিপার্টমেন্টে আমার বিরুদ্ধে আনিত মিথ্যা অভিযোগটি চ্যালেঞ্জ করলে আপীলেট ডিভিশন আমার বিরুদ্ধের 'কনভিকশন'টি ডিসমিস করে দেয়। তিনি বলেন, মূলত: আমার বিরুদ্ধে প্রতারণা মামলার অভিযোগকারীরাই প্রতারণা করেছে এবং অজ্ঞাত কারণে পুলিশ তদন্ত ও জিজ্ঞাসাবাদ ছাড়াই আমাকে মিথ্যা তথ্যের ভিত্তিতে গ্রেফতার করেছিল। অভিযোগকারীরা ব্যবসায়ীক চুক্তির মাধ্যমে বাড়ি ক্রয় করার পর নিজেরাই ঐ বাড়ীগুলোতেই বসবাস করতো এবং নিজেরাই মর্টগেজ পে করার পরেও আমার বিরুদ্ধে অভিযোগ করেছে। তারা বাড়ী ক্লোজিং-এর সময়ও উপস্থিত ছিল। মিডিয়ায় প্রকাশিত এ ধরণের একটি মামলায় 'কনভিকশন' পেলে তার ক্যারিয়ার এর উন্নতি হবে চিন্তা করে মামলার প্রসিকিউটর অনেক ডকুমেন্ট লুকিয়ে রেখেছিলো বলে জেকব মিল্টন অভিযোগ করেন।

জেকব মিলন্ট বলেন, আমার বিরুদ্ধে ক্রেডিট কার্ড জালিয়াতির অভিযোগে বলা হয়েছে যে, আমি অন্যের নামে ক্রেডিট কার্ড করে হোম ডিপোতে শপিং করেছি। অভিযোগকৃত ট্রানজেকশনে মাত্র ৩৯ ডলারের শপিং করা হয়েছে। আর শপিং ভিডিও-তে আমি নই, দু'জন আফ্রিকান পুরুষ ও নারীকে দেখা যায়।

এক প্রশ্নের উত্তরে জেকব মিল্টন বলেন, কুইন্স কাউন্টি'র কোন কোর্টে ন্যায় বিচার পাওয়া সম্ভব নয় বিবেচনা করেই ম্যানহাটন সুপ্রীম কোর্টে অভিযোগকারীদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়। ম্যানহাটন সুপ্রীম কোর্টে জেকব মিল্টন-এর বিরুদ্ধে অভিযোগকারীদের আনীত অভিযোগ মিথ্যা এবং জুরীদের রায়ে তিনি (জেকব মিল্টন) নির্দোষ প্রমাণিত হন বলে জানান। বর্তমানে তিনি কুইন্স কাউন্টি ডিষ্ট্রিক্ট এটর্নী অফিসের বিরুদ্ধে ফেডারেল কোর্টে মামলার প্রস্তুতি নিচ্ছেন এবং ঐ মামলাতেও তিনি জয়ী হবেন বলে আশাবাদ ব্যক্ত করেছেন।

অপর এক প্রশ্নের উত্তরে তিনি বলেন, ইতিমধ্যে উক্ত মামলার রায় নিয়ে নিউ ইয়র্ক পোষ্ট একটি 'বিকৃত সংবাদ' প্রচার করায় তার (জেকব মিল্টন) এটর্নীর পক্ষ থেকে ইতিমধ্যেই নিউ ইয়র্ক পোষ্টকে রিজয়েন্ডার দেয়ার জন্য লিগ্যাল নোটিশ পাঠানো হয়েছে। পত্রিকাটির কাছ থেকে সন্তোষজনক জবাব না পেলে আইনগত ব্যবস্থা নেয়া হবে বলে তিনি জানান।

'নো টাইম টু ডাই'র নতুন মুক্তির তারিখ ঘোষণা

(শেষের পাতার পর)

আগামী ৩০ সেপ্টেম্বর বিশ্বব্যাপী মুক্তি পেতে যাচ্ছে সিনেমাটি। এর দুইদিন আগে লন্ডনে 'নো টাইম টু ডাই'র প্রিমিয়ার অনুষ্ঠিত হবে। টুইটারে ০০৭ বন্ড অফিশিয়াল অ্যাকাউন্ট থেকে মুক্তির তারিখ ঘোষণা করা হয়। একই সঙ্গে, ৩০ সেপ্টেম্বর যুক্তরাজ্যে মুক্তির এক সপ্তাহ পর ৮ অক্টোবর যুক্তরাষ্ট্রে সিনেমাটি মুক্তি পাবে বলেও জানানো হয়।

এর আগে, বিশ্বজুড়ে তুমুল জনপ্রিয় জেমস বন্ড সিরিজের পরবর্তী সিনেমা 'নো টাইম টু ডাই'র ট্রেলার উপমহাদেশের ১০টি ভাষায় প্রকাশ করে চমকে দিয়েছে সিনেমাটির নির্মাতারা। রয়েছে বাংলাও। '০০৭' হিসেবে ড্যানিয়েল ক্রেগের সবশেষ সিনেমা হতে যাচ্ছে 'নো টাইম টু ডাই'। তাই বড় পর্দায় জেমস বন্ডের ভূমিকায় ক্রেগকে দেখার জন্য মুখিয়ে আছে সারা বিশ্বের অগণিত ভক্ত।

হলিউড চলচ্চিত্র নির্মাতা প্রতিষ্ঠান ইউনিভার্সাল পিকচার্স ২৫তম জেমস বন্ড সিনেমা 'নো টাইম টু ডাই' পরিচালনা করেছেন ক্যারি ফুকুনাগা। এর আগে এই সিরিজের সিনেমার নির্মাতা ছিলেন ড্যানি বয়েল। সিনেমাটির সৃজনশীল ক্ষেত্রে ভিন্নতার অভিযোগ তুলে ২০১৮ সালের আগস্টে তিনি জেমস বন্ড থেকে নিজেকে সরিয়ে নেন।

বোস্টনের 'আমানাস কিচেন'

(শেষের পাতার পর)

এর উপর পড়াশুনা, আর নেওয়া হচ্ছে একের পর এক সার্টিফিকেট। পেন্ডামিকের সময়, চারিদিকে যখন সবকিছু বন্ধ, অনেক উৎকণ্ঠার মধ্যে সবাই যখন দিন কাটাচ্ছিল, তখন সাহস করে ওপেন করেন নিজের কিচেন। নিজের ঘরেই শুরু করেন রান্নাবান্না, ব্যাপক সাড়া মিলতে থাকে, বোস্টন সহ আশেপাশের এলাকাগুলোতে। বলছিলাম আমানা রশিদ চুনির কথা, আমানাস কিচেন বোস্টন স্বত্তাধিকারী।

অতি অল্পসময়ে জনপ্রিয় হওয়া, তার কিচেনে তৈরী হয়ে থাকে-বাংলাদেশী, ইন্ডিয়ান, চাইনিজ এবং আরাবীয়ান আইটেমের খাবার। আরও তৈরী হয়ে থাকে নানা প্রকারের মিষ্টান্ন জাতীয় খাবার। বোষ্টন ছাড়াও আশেপাশের এলাকা থেকে মানুষজন আসেন খাবারের জন্য। বাংলাদেশীরা ছাড়াও আসেন আমেরিকান, আফগান, পাকিস্তানী, স্প্যানিস ও ইন্ডিয়ানরা। স্প্যানিসরা অবশ্য আসেন ঝাল জাতীয় খাবার আর ইন্ডিয়ানরা আসেন বিভিন্ন প্রকারের ভেজিটেবল খাবার খেতে।

এছাড়াও বোষ্টনে অবস্থানরত বাংলাদেশী কলেজ স্টুডেন্টরা, যারা পরিবার ছেড়ে অনেক দুরে, তারাও প্রতিনিয়ত ছুটে আসেন আমানা রশিদ চুনির কাছে। তারা বলেন "তাদের মায়ের হাতের রান্নার স্বাদের মতো আমানাস কিচেনের খাবারের স্বাদ"। দুরদুরান্ত থেকে খাবার অর্ডার দেওয়া ব্যক্তিরা, নিজেরাই এসে নিয়ে যায়, এতে করে আমানা রশিদ চুনির কষ্ট একটু কম হয়।

বাংলাদেশে থাকাকালীন সময়ে বিভিন্ন কুকিং শোতে অংশ নিয়ে জিতেছেন অনেক পুরস্কার। রান্না করার পাশাপাশি, রান্নার টিউটোরিয়াল মূলক ইউটিউব চ্যানেলে টেডিশনাল, অর্থেন্টিক, ফিউশন এবং নিজের কিছু রেসিপি ভিডিও আপলোড করেন প্রতিনয়ত।

স্বামী মোহাম্মদ হারুন রশীদ এবং ২ মেয়ে আতফা ও আতিকা নিয়ে সংসারের ব্যস্ততার মাঝেও অবসর সময়টুকু ব্যয় করেন নিজের শখের পিছনে। ২০০৮ বাংলাদেশ ক্ষুদ্র নারী উদ্যেক্তা ১৩ জন এর মধ্যে তিনি একজন, এছাড়াও প্রথম আলোর ঈদ ফ্যাশন ২০০১-এর প্রতিযোগীতায় ৭ম স্থান দখল করেন। তার এই কার্যক্রমের সাথে, সবাই সহযোগীতা করলে অদুর ভবিষ্যতে আরও অনেক দুর এগিয়ে যেতে পারবেন বলে, আশাবাদ ব্যক্ত করেন আমানা রশিদ চুনি।

বিদেশের দালালদের পরিনতি!

(শেষের পাতার পর)

প্রাণ বাঁচানোর জন্য মানুষের প্রানান্ত চেষ্টা! পালাচ্ছে। যে যেদিকে পারছে ছুটছে! বিমানবন্দরের নিরাপত্তা বেস্টনী ভেঙ্গে রানওয়েতে ঢুকে পড়ছে। চলন্ত প্লেনের পিছু পিছু, কেউ বিমানের ছাদে কেউ চাকার সাথে ঝুলছে! গত দু'দিন সিএনএন আল জাজিরায় এমনসব অবিশ্বাষ্য দৃশ্যই দেখছিলাম।

আফগানিস্তানের ঘটনায় আসলে এটাই প্রমান হলো স্বার্থ উদ্ধার হয়ে গেলে বা প্রয়োজন ফুরিয়ে গেলে কোন বিদেশী প্রভুই আর পেছন ফিরে তাকায় না। দালালদেরকে তখন রাস্তায় কুকুরের মত মরতে হয়, প্রাণভয়ে ভিন দেশে ছুটতে হয়, প্রভুদেশও এদেরকে ঠাঁই দেয় না। বিদেশী শক্তির ওপর ভরষা করে যারা ক্ষমতায় টিকে থাকে-এরা আসলে ভীরু কাপুরষ। নৈতিক মনোবলহীন এবং দুর্বল চিত্তের। এরা ততদিনই বাহাদুর যতদিন প্রভু তাদেরকে নিরাপত্তা দেয়, ক্ষমতায় টিকিয়ে রাখে। পরশু রাতে আমেরিকান প্রেসিডেন্ট বাইডেনের প্রেস ব্রিফিংটি লাইভ শুনছিলাম। ভদ্রলোক অনেক কথার মধ্যে একটা ভাল কথা বলেছেন। 'কেউ যদি যুদ্ধ করতে অস্বীকার করে আমরা কেন তাদের জন্য মরতে যাবো।' মরতে তারা গেছিলেন এবং মরেওছেন। বিশ বছরে ট্রিলিয়ন ট্রিলিয়ন ডলার খরচ করে হাজার হাজার আমেরিকান সৈন্যের প্রাণের বিনিময়ে কি অর্জনটা করে এলেন! গণতন্ত্র কায়েম দুরের কথা একটা শক্তিশালী সেনাবাহিনী টেকসই সমাজ কাঠামো বা জন সমর্থন- কোনটাই তো হলো না! শুধুমাত্র আল-কায়দা নিধন?- যেমনটা বাইডেন বললেন! এমন এক সরকারকে বিশ বছর খাইয়ে দাইয়ে হৃষ্টপুষ্ট করলেন যারা তালিবান আসছে শুনেই পালাতে শুরু করলো! এমন এক প্রেসিডেন্টকে প্রমোট করলেন যিনি কিনা পালালেন সবার আগে! এমন এক সেনাবাহিনী লালন পালন করলেন যারা তালিবানদের সাথে লড়াই করার পরিবর্তে দল বেঁধে সীমান্ত অতিক্রম করে ভিনদেশে আশ্রয় নিতে শুরু করলো! ন্যুনতম প্রতিরোধও মালুম করলো না তালিবানরা! আমেরিকান সৈন্য দেশত্যাগ করার সাথে সাথে একের পর এলাকা দখল- একেবারে বিনা বাধায়। রাজধানী কাবুলে ঢুকে গেলো হাঁটতে হাঁটতে। আমার মনে হয় এইরকম পরিস্থিতি দেখে তালিবানরা নিজেরাও বেকুব হয়ে গেছে!

বেকুব হয়ে গেছে বাঘা বাঘা সব সমরবিদ পন্ডিত গবেষক বিশ্লেষক। গোটা বিশ্ব হতবাক। মানব জাতির ইতিহাসে সম্ভবত: এই প্রথম একটি যুদ্ধ যেখানে ক্ষুদ্র একটি গোষ্ঠী লড়াই করেছে গোটা বিশ্বের বিরুদ্ধে। কেউ ছিল না পক্ষে। প্রকাশ্যে তো নয়ই গোপনে কেউ সাহায্য সহযোগীতা করলেও প্রকাশ্যে অস্বীকার করেছে। আমি বিস্ময়াভিভূত! তালিবানরা শুধু আফগানিস্তান দখল করে নাই, ইতিহাসে এক অনন্য নজীর স্থাপন করলো!

আমি তালিবানদের রাজনীতি কম বুঝি। একবিংশ শতকে প্রযুক্তির এই উৎকর্ষের যুগে দেড় হাজার বছর আগের সমাজ কাঠামো বা রীতি নীতির সমন্বয় কিভাবে ঘটাবে সেটাও পরিষ্কার না, তবে তাদের দেশপ্রেম, সাহস, লক্ষ্যের প্রতি অবিচল আস্থা মূল্যবোধের দৃঢ়তাকে সম্মান জানাই। টানা দুই দশক দখলদার শক্তির বিরুদ্ধে লড়াই করে জয়লাভ করেছে- এ বিজয় অন্যান্ন নিপীড়িত পরাধীন জনগোষ্ঠীর জন্যও উৎসাহব্যাঞ্জক, সন্দেহ নাই। 'তালিবান' অর্থ ছাত্র। প্রথম আন্দোলনটি শুরু করেছিল মাদ্রাসা মক্তবের ছাত্ররা। সেই থেকে 'তালিবান'। তবে কালেক্রমে এতে শুধু ছাত্ররাই থাকে নাই যুক্ত হয়েছে শিক্ষকরা ধর্মীয় গুরুরা, অন্যান্ন শ্রেনী পেশার মানুষ। এখন যারা দেশ চালাবে তারাও ছাত্র নয়। রাজনীতিবিদরাই দায়িত্ব নেবেন। সঙ্গত কারনেই যোদ্ধারা অনভিজ্ঞ। বিশটি বছর কেটেছে পাহারে বনে জঙ্গলে। আধুনিক ডিপ্লোমেসি, ঘোরেল সব প্লেয়ারদের সাথে চালবাজিতে কতটা পেরে উঠবেন, কতদিন তারা এক ধাকতে পারবেন, কতদিন অন্যের দাবার গুটি হওয়া থেকে নিজেদেরকে বাঁচিয়ে রাখতে পারবেন তার ওপর নির্ভর করছে ক্ষমতায় তালিবানদের স্থিতিকাল।

আমি আফগানিস্তান নামের দেশটায় স্থিতিশীলতা কামনা করি, মানুষ যেন আর কোন নিপীড়ন নির্যাতনের শিকার না হয়। এগিয়ে যাক শান্তি সমৃদ্ধির পথে। আর কোন দখলদার যেন এসে ঘাঁটি গাড়তে না পারে এই দেশটায়।

আমের আঁটির গুণ

(শেষের পাতার পর)

কপার ও ফলেট। আমের আঁটি ম্যাঞ্জিফেরিন নামের অ্যান্টি অক্সিডেন্টের খুব ভালো উৎস। এ বিশেষ ধরনের অ্যান্টিঅক্সিডেন্ট সেলুলার ড্যামেজ কমিয়ে শরীরে ক্যানসারের মতো মারাত্মক রোগের ঝুঁকি হ্রাস করে।

কয়েক হাজার বছর আগে থেকে আয়ুর্বেদ চিকিৎসায় এর ব্যবহার হয়ে আসছে। বর্তমান সময়ে অনেক রোগের ওষুধ বানাতে আমের আঁটি ব্যবহার করা হচ্ছে। এ ছাড়া স্কিন কেয়ার পণ্য তৈরিতে শিয়া বাটার আর কোকো বাটারের মতোই বেশ গুরুত্বপূর্ণ স্থান দখল করে আছে ম্যাংগো বাটার বা অয়েল। এটি বানানো হয় আমের বীজের সাদা শাঁস থেকে।

সাধারণত কোল্ড প্রেস পদ্ধতির মাধ্যমে আমের বীজ থেকে ম্যাংগো বাটার বা অয়েল বানানো হয়। আমাদের দেশে শিয়া বাটার এবং কোকো বাটার পাওয়া গেলেও ম্যাংগো বাটার বাণিজ্যিকভাবে উৎপাদন বা আমদানি করা হয় না। কিন্তু চাইলে ঘরেই এটি বানিয়ে নিতে পারবেন কোনো রকম ঝামেলা ছাড়াই। এ জন্য পাঁচটি আমের আঁটির শাঁস আর এক কাপ নারকেল বা জলপাইয়ের তেল নিন।

শাঁসগুলো এক দিন রোদে শুঁকিয়ে গুঁড়ো করে নিন। এরপর নারকেল তেলের সাথে মিশিয়ে একটি বোতলে রেখে দিন। সাত দিন পর এটি ব্যবহারের উপযোগী হবে। ব্যবহারের আগে সম্ভব হলে এই মিশ্রণ রোদে দিতে হবে প্রতিদিন। আমের মৌসুমে আঁটিগুলো ফেলে না দিয়ে তার গুঁড়ো সংরক্ষণ করে অনেক দিন ব্যবহার করতে পারেন।

ম্যাংগো বাটারে রয়েছে ওলিয়েক, স্টিয়েরিক, লিনোলিয়েক নামে ফ্যাটি অ্যাসিড। আরো আছে ট্রাইগ্লিসারাইডস। এসব কটি উপাদান ত্বকের আর্দ্রতা ধরে রাখতে সহায়তা করে। তাই যাদের ত্বক অতিরিক্ত শুষ্ক, তারা নির্দ্বিধায় ম্যাংগো বাটার ব্যবহার করতে পারেন। এ ছাড়া এটি ত্বকের ইনফ্ল্যামেশন এবং অস্বস্তিকর চুলকানি, জ্বালাপোড়া কমাতে পারে।

এতে আছে উচ্চমানের ভিটামিন এ, সি ও ই। এ তিনটি ভিটামিন ত্বককে পরিবেশগত দূষণ, সূর্যের আলো এমনকি কম্পিউটার বা স্মার্টফোনের বু লাইটের ক্ষতিকর প্রভাব থেকে সুরক্ষা দেয়। ম্যাংগো বাটারের ভিটামিন সি শরীরে কোলাজেন উৎপাদনে বিশেষভাবে সহায়তা করে। কোলাজেন এমন এক ধরনের প্রোটিন, যা ত্বককে সহজে বুড়িয়ে যেতে দেয় না।

এ ছাড়া এটি ত্বকের দাগছোপ দূর করে এবং পায়ের গোড়ালি ফেটে গেলে এ বাটার লাগালে উপকার পাওয়া যাবে। ম্যাংগো বাটার সব ত্বকের জন্য উপযোগী। তবে সবচেয়ে বেশি ভালো শুষ্ক ত্বকের জন্য। এটি নন-কমিডোজেনিক। অর্থাৎ এটি ত্বকের লোমকূপ বক করে না। এতে আছে অনেক অ্যান্টিব্যাকটেরিয়াল, অ্যান্টিমাইক্রোবিয়াল উপাদান, যা ব্রণ বা র‍্যাশ প্রতিরোধ করতে পারে। তবে ব্রণ সারানোর জন্য ত্বকে ম্যাংগো বাটার সরাসরি লাগানো যাবে না। এতে হিতে বিপরীত হতে পারে।

সুন্দর ঝলমলে সিল্কি চুলের জন্য মাথায় ম্যাংগো বাটার লাগানো যেতে পারে। এটি স্ক্যাল্পের গভীরে ঢুকে পুষ্টি জুগিয়ে চুলের গোড়া মজবুত করে। আর এর অ্যান্টিব্যাকটেরিয়াল বৈশিষ্ট্যের জন্য মাথার ত্বকের খুশকি নিরাময়ে এটি অনেক কার্যকর। -ইন্টারনেট।



সিলেট বিএনপি'র

(প্রথম পাতার পর)

শামসুজ্জামান জামান। এবারো তার ব্যত্যয় ঘটেনি। এবার জামান কেবল দলই ছাড়েননি, জানিয়েছেন মনের ক্ষোভও। জামানের এই পদত্যাগ নিয়ে টালমাটাল এখন সিলেট বিএনপি। শুধু তাই নয়, এ ঘটনার পর সিলেট বিএনপি'র চাপা ক্ষোভ এখন প্রকাশ্যে এসেছে। সিলেট বিএনপি এখন দুই ধারায় বিভক্ত। এক ধারায় নেতৃত্ব দিচ্ছেন বিএনপি চেয়ারপার্সনের উপদেষ্টা খন্দকার আব্দুল মুক্তাদির ও অপর ধারার নেতৃত্ব দিচ্ছেন সিলেট সিটি করপোরেশনের মেয়র আরিফুল হক চৌধুরীসহ সিলেটে অবস্থানরত দলের কেন্দ্রীয় নেতারা। প্রবীণ নেতা এমএ হকের জীবদ্দশায় তিনি বিএনপির ভেতরে বহমান এই বিভক্তিকে দৃশ্যমান হতে দেননি। নিজে থেকেই বিবাদ মেটানোর চেষ্টা চালিয়ে গেছেন। আর এম এ হকও ছিলেন বিএনপির সব বলয়ের নেতাদের কাছে আস্থার প্রতীক। কিন্তু এম এ হকের মৃত্যুর পর বিএনপির ভেতরকার দ্বন্দ্ব ফের চাঙ্গা হয়েছে। সিলেট-১ আসনে বিগত জাতীয় সংসদ নির্বাচনে অনেকটা একাই খেলা দেখিয়েছেন খন্দকার আব্দুল মুক্তাদির। সে সময় সিলেটের কোর্ট পয়েন্ট এলাকায় অবস্থান নিয়ে নিজে তার উপর চলা নির্বাচনী অবিচারের বিচার দাবি করেন। ওই সময় অসহায় পরিস্থিতির সৃষ্টি হলেও তার সঙ্গে সিলেট বিএনপির সিনিয়র নেতাদের পাননি। গ্রেপ্তার ও মামলার ভয়ে কেউ এগিয়ে আসেননি। খন্দকার আব্দুল মুক্তাদির সিলেট-১ আসনে এখনো বিএনপির অপ্রতিদ্বন্দ্বী প্রার্থী। কারণ বিএনপির ভাইস চেয়ারম্যান শমসের মুবীন চৌধুরী ও সাবেক নেতা ইনাম আহমদ চৌধুরী দল ছেড়েছেন অনেক আগেই। ফলে খন্দকার আব্দুল মুক্তাদির একক নেতা হিসেবে রাজনীতি করছেন। আর সিটি করপোরেশন দখলে বিএনপির আরেক কেন্দ্রীয় নেতা আরিফুল হক চৌধুরীর। আরিফ বলয়ের নেতারা জানিয়েছেন, পরপর দুইবার সিটি করপোরেশন নির্বাচনে আরিফুল হক চৌধুরী বিএনপির অপর বলয়ের তেমন সহযোগিতা পাননি। দুইবার সিটি করপোরেশনের মেয়র নির্বাচিত হওয়ার পর এখন সিলেট-১ আসনেও চোখ রয়েছে আরিফুল হক চৌধুরীর। এ কারণে সিলেট বিএনপির নিয়ন্ত্রক খন্দকার আব্দুল মুক্তাদির ও আরিফুল হক চৌধুরী এখন একে অপরের দূরত্বে অবস্থান করছেন। এই দ্বন্দ্বের মধ্যে অনেকটা স্বতন্ত্র ভূমিকায় সিলেটের রাজনীতির আলোচিত নেতা এডভোকেট শামসুজ্জামান জামান। মামলার পর মামলায় বিপর্যস্ত হওয়ার পর তিনি চলে গিয়েছিলেন ব্যাংকফুটে। এই সময়ে প্রথমে সিলেটে ছাত্রদলকে সাজাতে গিয়ে জামান অনুসারীদের 'মাইনাস' প্রক্রিয়ায় নিয়ে যাওয়া হয়। পরে যুবদল, এরপর জেলা বিএনপি এবং সর্বশেষ স্বেচ্ছাসেবক দলে জামান অনুসারীদের বাদ দেয়া হয়েছে। এতে ক্ষুব্ধ হয়েছেন জামান। কেন্দ্রীয় নেতা হিসেবে জামানের সঙ্গে সম্পর্ক হয়েছে এক সময়ের রাজনীতিক প্রতিপক্ষ মেয়র আরিফুল হক চৌধুরী, কেন্দ্রীয় নেতা আব্দুর রাজ্জাক, ডা. শাহরিয়ার হোসেন চৌধুরীসহ কয়েকজন নেতার। তারাই কেন্দ্রীয় নেতা হিসেবে সিলেট বিএনপিতে আধিপত্য বিস্তারের চেষ্টা চালাচ্ছেন। তাদের যুক্তি হচ্ছে– সিলেট বিএনপিতে যা কিছু হবে তাদের মতেই এবং তাদের সিদ্ধান্তে হতে হবে। অপরদিকে খন্দকার মুক্তাদিরের দিকে ঝুঁকছেন সিলেটের পদ-পদবির লবিংয়ে থাকা নেতারা। ফলে দিন দিন বহর বড় হচ্ছে খন্দকার আব্দুল মুক্তাদিরের। খন্দকার আব্দুল মুক্তাদিরের পিতা খন্দকার আব্দুল মালিক ছিলেন বিএনপির দুর্দিনের কাণ্ডারি। তার নেতৃত্বেই সিলেট বিএনপি শক্তিশালী হয়ে উঠেছিল। ফলে বিএনপির প্রবীণ নেতাদের কাছে এখনো গ্রহণযোগ্য নেতা হিসেবে খন্দকার আব্দুল মালিকের নাম উচ্চারিত হয়। আর পিতার রাজনীতির সূত্র ধরে খন্দকার আব্দুল মুক্তাদিরও সিলেটে খুব সহজেই অবস্থান সুদৃঢ় করেন। খন্দকার আব্দুল মুক্তাদিরের এই সুদৃঢ় অবস্থানের কারণেই সিলেটে অবস্থান করা বিএনপির কেন্দ্রীয় নেতারা নাখোশ। অবশ্য এডভোকেট শামসুজ্জামান সংবাদ সম্মেলনে তার বক্তব্যে খন্দকার আব্দুল মুক্তাদিরের নাম উচ্চারণ করেননি। তেমনি আরিফুল হক চৌধুরীর প্রসঙ্গও টেনে আনেননি। জামানের পদত্যাগের পর সিলেট বিএনপিতে রীতিমত ভূমিকম্প হচ্ছে। এই অবস্থায় দুই বলয়ের নেতারা যার যার অবস্থান থেকে সুবিধাজনক বক্তব্য দিচ্ছেন। তবে- আফসোসের প্রসঙ্গটি তুলে এনেছেন জামানের দীর্ঘদিনের রাজনৈতিক সহকর্মী স্বেচ্ছাসেবক দলের নতুন আহ্বায়ক আব্দুল আহাদ খান জামাল। তিনি গণমাধ্যমকে বলেছেন, 'আমি জামান ভাইয়ের সঙ্গে দীর্ঘদিন রাজনীতি করেছি। আমার এই প্রাপ্তিতে তার খুশী হওয়ার কথা। এখানে তিনি যদি বিরোধিতা করেন সেটি হবে তার নিজস্ব বিষয়। এখানে কিছুই বলার নেই।' তবে- সিলেট সিটি করপোরেশনের মেয়র ও বিএনপি নেতা আরিফুল হক চৌধুরী ও আরেক কেন্দ্রীয় নেতা আবুল কাহের শামীম জামানের এই পদত্যাগকে ব্যাখ্যা করেছেন ভিন্নভাবে। আরিফুল হক চৌধুরী গণমাধ্যমকে জানিয়েছেন, 'জামান তার ক্ষোভ থেকে পদত্যাগ করেছে। যখন ত্যাগী নেতাকর্মীরা দলে অবমূল্যায়িত হয় তখন খারাপ লাগাটাই স্বাভাবিক।' আর কেন্দ্রীয় সদস্য ও জেলা বিএনপির সাবেক সভাপতি আবুল কাহের শামীম বলেছেন- 'অনেক সময় হয়তো ত্যাগীরা মূল্যায়িত হন না। কিন্তু দলের প্রতি কমিটমেন্ট থাকলে আজ হোক আর কাল হোক কাজের মূল্যায়ন হবেই। আন্দোলন সংগ্রামে জামানের অনেক অবদান আছে, কিন্তু দলের বিরুদ্ধে সে যেভাবে বিতর্কিত কথা বলেছে সেটা গ্রহণযোগ্য নয়। অভিমান করে তার দলত্যাগ উচিত হয়নি।

কে এই মহিব্বুল্লাহ

(প্রথম পাতার পর)

সংগঠনটির প্রধানের দায়িত্ব পেলেন ৮৬ বছর বয়সী এই আলেম। ভারপ্রাপ্ত আমীর মহিব্বুল্লাহ বাবুনগরী প্রয়াত জোনায়েদ বাবুনগরীর আপন মামা। তিনি ফটিকছড়ির বাবুনগর মাদ্রাসার পরিচালক। এতদিন তিনি সংগঠনটির প্রধান উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেছেন। ১৯৩৫ সালের ফেব্রুয়ারিতে ফটিকছড়ির বাবুনগর গ্রামে জন্মগ্রহণ করেন মহিব্বুল্লাহ বাবুনগরী। তার পিতা হারুন বাবুনগরীও ছিলেন দেশের শীর্ষ আলেম। দেশের চতুর্থ বৃহত্তম কওমি মাদ্রাসা আজিজুল উলুম বাবুনগরের প্রতিষ্ঠাতা ছিলেন হারুন বাবুনগরী। মুহিব্বুল্লাহ বাবুনগরী পিতার প্রতিষ্ঠিত বাবুনগর মাদ্রাসায় প্রাথমিক শিক্ষা শেষে হাটহাজারী মাদ্রাসায় অধ্যয়ন করেন। পরবর্তীতে ভারতের বিখ্যাত দেওবন্দ মাদ্রাসায় দাওরায়ে হাদিস শেষ করে ১৯৫৯ সালে বাবুনগর মাদ্রাসায় শিক্ষক হিসেবে যোগদান করেন। বর্তমানে তিনি প্রতিষ্ঠানটির প্রধান হিসেবে দায়িত্ব পালন করছেন। ব্যক্তিগত জীবনে ১১ সন্তানের জনক মহিব্বুল্লাহ বাবুনগরী। স্ত্রী মরিয়ম খাতুন চলতি আগস্ট মাসের ৪ তারিখ করোনা আক্রান্ত হয়ে মারা যান। তার বড় ছেলে আইয়ুব বাবুনগরী হেফাজতের বর্তমান কমিটির সহকারী মহাসচিব। খোঁজ নিয়ে জানা যায়, মহিব্বুল্লাহ বাবুনগরী কওমি অঙ্গনে সর্বজন শ্রদ্ধেয় আলেম। আর বয়সের দিক দিয়েও তিনি বর্তমান কমিটির সবচেয়ে সিনিয়র নেতা। মূলত তার কারণেই আল্লামা শফীর মৃত্যুর পরে একটি অংশের বিরোধিতা সত্ত্বেও ভাগ্নে জোনায়েদ বাবুনগরী হেফাজতের আমীর নির্বাচিত হয়। জানা যায়, মহিব্বুল্লাহ বাবুনগরীর ভারপ্রাপ্ত আমীর হওয়ার মধ্য দিয়ে হেফাজতে ইসলামীর আবারো চট্টগ্রামের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা হলো। কারণ মহাসচিব মাওলানা নুরুল ইসলাম জিহাদী ঢাকায় বসবাস করলেও তিনি মূলত চট্টগ্রামের ফটিকছড়ির বাসিন্দা। দলটির উপর সারির নেতাদের উল্লেখযোগ্য একটি অংশও একই জেলার বাসিন্দা। এদিকে মহিব্বুল্লাহ বাবুনগরীর বিষয়ে হেফাজতের সাংগঠনিক সম্পাদক মাওলানা মীর ইদ্রিস মানবজমিনকে বলেন, 'পরামর্শের ভিত্তিতে আল্লামা মহিব্বুল্লাহ বাবুনগরীকে ভারপ্রাপ্ত আমীর ঘোষণা করা হয়েছে। তিনি আমাদের সবার মুরব্বি। এখন শূরা বৈঠক ডাকা পর্যন্ত তিনিই সংগঠনের নেতৃত্ব দেবেন।' শূরা বৈঠক কখন হবে জানতে চাইলে তিনি বলেন, 'হুজুর মাত্র মারা গেছেন। এখন সবাই শোকাহত। সবকিছু স্বাভাবিক হলে আমরা বসে সিদ্ধান্ত নিবো। তখন আপনারা জানতে পারবেন।'

শফি সামির ভাবনা

(প্রথম পাতার পর)

সচিব সি এম শফি সামি। তার মতে, গুরুত্বপূর্ণ স্টেকহোল্ডারদের অংশগ্রহণে কাবুলে (মোটামুটিভাবে ইনক্লুসিভ) সরকার গঠনের যে প্রক্রিয়া শুরু হয়েছে তা কতোটা কার্যকর হয়, তা দেখে ঢাকার পলিসি নির্ধারণ করা উচিত। এক্ষেত্রে সরকারকে খানিকটা 'ধীরে চলো' নীতি অবলম্বনের পরামর্শ দিয়েছেন দক্ষিণ এশিয়ায় পরস্পর বৈরী অবস্থানে থাকা ভারত ও পাকিস্তান- দুই দেশে পেশাদারিত্ব এবং সফলতার সঙ্গে হাইকমিশনারের দায়িত্বপালনকারী সি এম শফি সামি। তিনি বলেন, আফগান প্রশ্নে আমাদের অগ্রাধিকার হচ্ছে কাবুলের ওপর সতর্ক পর্যবেক্ষণ জোরদার করা। একই সঙ্গে আঞ্চলিক বন্ধু রাষ্ট্রগুলোর সঙ্গে আমাদের আলাপ-আলোচনা এবং মনোভাবের আদান-প্রদান বাড়ানো। প্রয়োজনে তাদের সঙ্গে সমন্বয় রেখে আমাদের পলিসি নির্ধারণ করতে হবে। আফগান নাগরিকদের আশ্রয় দিতে মার্কিন যুক্তরাষ্ট্রের প্রস্তাব প্রত্যাখ্যান বিষয়ে মানবজমিনের পক্ষ থেকে দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি বলেন, কাউকে আশ্রয় দেয়ার মতো অবস্থায় নেই আমরা। আমাদের সুযোগ এবং সম্পদ খুবই সীমিত। এ অবস্থায় এমন বাড়তি বোঝা চাপিয়ে দেয়া সমীচীন হবে না।

তাছাড়া ১১ লাখ রোহিঙ্গাকে মানবিক কারণে আশ্রয় দিয়ে বাংলাদেশ নানাবিধ সামাজিক ও নিরাপত্তা সংক্রান্ত অসুবিধায় রয়েছে। কারণ আন্তর্জাতিক সমপ্রদায় তাদের সুরক্ষায় বিরাট কোনো উদ্যোগ গ্রহণ করেনি, যা সবাইকে হতাশ করেছে।

আফগানিস্তানে মার্কিন যুক্তরাষ্ট্রের সামরিক নীতি পরাজিত হয়েছে মন্তব্য করে তিনি বলেন– এটা আমেরিকানরাও অস্বীকার করেন না। তাছাড়া গত ক'বছর ধরে কাবুল বিষয়ে রাজনৈতিক সমাধানের যে চেষ্টা চলছিলো তাও সফল হয়নি বরং সময়টা অপচয় হয়েছে। তবে আশার দিক হচ্ছে- কাবুলে সব পক্ষের প্রতিনিধিত্বশীল সরকার গঠনের প্রক্রিয়াটি বন্ধ হয়নি। তাছাড়া তালেবানরা নারী স্বাধীনতায় অহেতুক হস্তক্ষেপ না করার ঘোষণা দিয়েছে। সেই ঘোষণা কতোটা বাস্তবায়ন হয় তা দেখতে আমাদের অপেক্ষায় থাকতে হবে। কোনো বাংলাদেশি আফগানিস্তান থেকে ফিরলেই আইনের আওতায় আনার সরকারি ঘোষণার সঙ্গে দ্বিমত করে ওই কূটনীতিক বলেন, অবশ্যই এই পরিস্থিতিতে কেউ আফগানিস্তান থেকে ফিরলে তার সম্পর্কে বিস্তারিত খোঁজখবর নিতে হবে। কিন্তু এদের বিষয়ে ঢালাও মন্তব্য উচিত নয়। কারণ দেশটিতে মানবাধিকারসহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার কর্মী হিসেবে আমাদের অনেকে গিয়ে থাকতে পারেন। কেউবা কর্মের সন্ধানে তৃতীয় দেশে যাওয়ার পথে পাচারের শিকার হয়েও আটকা পড়তে পারেন। তাদের অবশ্যই দেশে ফেরার অধিকার রয়েছে। এ কারণে প্রত্যাবাসনের বিষয়গুলো কেস বাই কেস দেখতে হবে। তবে দেশের অভ্যন্তরে কিংবা রোহিঙ্গাদের মধ্যে উগ্রপন্থার উত্থান চেষ্টার বিষয়ে আইনশৃঙ্খলা বাহিনীর নজরদারি তো বটেই, সদা সজাগ দৃষ্টি রাখার তাগিদ দেন মন্ত্রী পদমর্যাদায় তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টার দায়িত্বপালনকারী এই পেশাদার কূটনীতিক।

বিশ্বে করোনায় মৃত্যু ৪৪ লাখ ২৮

(প্রথম পাতার পর)

সুস্থ হওয়ার হার ৯৮ শতাংশ এবং মারা যাওয়ার হার ২ শতাংশ। সারা বিশ্বে বর্তমানে করোনায় আক্রান্তদের মধ্যে গুরুতর অবস্থায় রয়েছে এক লাখ ৯ হাজার ৩৪৯ জন এবং বাকিদের অবস্থা স্থিতিশীল।

বিশ্বে করোনায় ক্ষতিগ্রস্ত দেশের তালিকায় সবার ওপরে রয়েছে যুক্তরাষ্ট্র। সে দেশে এখন পর্যন্ত করোনাভাইরাসে আক্রান্ত হিসেবে শনাক্ত হয়েছে তিন কোটি ৮৩ লাখ ৯৮ হাজার ৫৯৬ জন এবং মারা গেছে ছয় লাখ ৪৪ হাজার ২৮১ জন।

বিশ্বে করোনায় ক্ষতিগ্রস্ত দেশের তালিকায় যুক্তরাষ্ট্রের পর যথাক্রমে রয়েছে ভারত, ব্রাজিল, রাশিয়া, ফ্রান্স, ব্রিটেন, তুরস্ক, আর্জেন্টিনা, কলম্বিয়া ও স্পেন।

ভারতে এখন পর্যন্ত করোনাভাইরাসে আক্রান্ত হিসেবে শনাক্ত হয়েছে তিন কোটি ২৩ লাখ ৯৩ হাজার ২৮৬ জন এবং মারা গেছে চার লাখ ৩৩ হাজার ৯৯৮ জন।

ভারতের পরের অবস্থানে থাকা ব্রাজিলে মোট আক্রান্ত হয়েছে দুই কোটি পাঁচ লাখ ২৮ হাজার ৯৯ জন এবং মারা গেছে পাঁচ লাখ ৭৩ হাজার ৬৫৮ জন।

সন্ত্রাসী হামলার ভয়ে

(প্রথম পাতার পর)

শুক্রবার এ সতর্কতা জারি করে। দ্য ন্যাশনাল টেরোরিজম অ্যাডভাইজরি সিস্টেম বুলেটিনে বলা হয়েছে, যুক্তরাষ্ট্র অভ্যন্তরীণ ও বিদেশী উভয় সন্ত্রাসীর দ্বারা উচ্চতর হুমকির পরিবেশের মুখোমুখি। এতে আরো বলা হয়, সহিংস কর্মকাণ্ডকে এগিয়ে নিতে ও প্রভাবিত করতে অনলাইন ফোরামগুলোর ব্যবহার বেড়ে গেছে।

হোমল্যান্ড সিকিউরিটি ডিপার্টমেন্ট বলছে, সরকারবিরোধী ও জাতিগতভাবে অনুপ্রাণিত চরমপন্থীদের কাছ থেকে দেশ ক্রমবর্ধমান ও তীব্র হুমকির মুখোমুখি। এসব সহিংস চরমপন্থী কোভিড-১৯-এর বিধিনিষেধে শিথিলতার সুযোগ নিতে পারে। উল্লেখ্য, যুক্তরাষ্ট্রে ২০০১ সালের ১১ সেপ্টেম্বরের বিমান হামলার পর হোমল্যান্ড সিকিউরিটি ডিপার্টমেন্ট বা ডিএইচএস গঠন করা হয়। এটি নিয়মিতই সন্ত্রাসী হুমকির বিষয়ে পরামর্শ দিয়ে আসছে।

আমেরিকান নাগরিকদের কাবুল

(প্রথম পাতার পর)

যেতে নিষেধ করা হয়েছে।

কাবুলের মার্কিন দূতাবাস সিকিউরিটি অ্যালার্ট সংক্রান্ত বার্তায় বলেছে, যুক্তরাষ্ট্রের নাগরিকদের বিমানবন্দরের বাইরে গেটে নিরপত্তার ঝুঁকি রয়েছে।

আলোচনার শুরুতে বক্তব্য রাখেন বিয়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতি পেনসিলভেনিয়া ইনকের সভাপতি মাশুকুল ইসলাম খান, এরপর ধারাবাহিকভাবে আলোচনা করেন বেসাপের উপদেষ্টা আওতাদ চৌধুরী, সিনিয়র এবং কমিউনিটি লিডার আবু আমিন আহম্মেদ, প্রফেসর জিয়া উদ্দিন আহম্মেদ, ড. নিনা আহম্মেদ, ডা. আব্দুল মালেক, কাউন্সিলার শেখ সিদ্দিক, বিটিএসপি'র সভাপতি তোজাম্মেল হক, নিউইয়র্ক থেকে আগত বিশিষ্ট কমিউনিটি লিডার খসরুজ্জামান, আওয়ামী লীগ-ট্রাই ষ্টেট কাউন্টির সভাপতি প্রফেসর খায়রে মোহাম্মদ মিয়া, বেসাপের প্রধান উপদেষ্টা সাদেক কাপ্তান মিয়া, বিএসপি'র প্রেসিডেন্ট এ বি এম আলতামাস বাবুল, কাউন্সিলার মনসুর আলী মিঠু, কাউন্সিলার এম এ তৈয়ুব, বিটিএসপির প্রাক্তন সভাপতি সাইকুল ইসলাম, বেসাপ'র প্রাক্তন উপদেষ্টা জাকারিয়া চৌধুরী, যুবলীগ সভাপতি আলীম উদ্দিন, বেসাপের প্রধান নির্বাচন কমিশনার আব্দুল্লাহ নান্নু, সাংবাদিক শেখ খুরশান, বাংলাদেশ থেকে আগত ভোরের কাগজের সিনিয়র সাংবাদিক রিপন, বিটিএসপি'র প্রাক্তন সভাপতি হায়দার আলী, বর্তমান উপদেষ্টা মোহাম্মদ সেলিম, হবিগঞ্জ ডিষ্টিক্ট সোসাইটি অব পেনসিলভেনিয়ার সভাপতি লুৎফর রহমান, বেসাপ'র সভাপতি জনি সিকদার, সিনিয়র সহ সভাপতি জয়নাল আবেদিন এবং মহিলা সম্পাদিকা জোহরা খাতুন কলি প্রমুখ। -প্রেস বিজ্ঞপ্তি।

কানকুন যাচ্ছে বাংলা ট্যুর



নিউইয়র্ক: প্যান্ডামিকের কারণে দীর্ঘ বিরতির পর আবার আন্তর্জাতিক ভ্রমণ শুরু করেছে নিউইয়র্কে বাংলাদেশী পরিচালিত ভ্রমণ প্রতিষ্ঠানবাংলা ট্যুর। আগামী ২৯ আগস্ট বাংলা ট্যুরের একটি ভ্রমণ গ্রুপ মেক্সিকোর সবচেয়ে গুরুত্বপূর্ণ পর্যটন কেন্দ্র 'ক্যানকুন' যাচ্ছে বলে জানিয়েছেন প্রতিষ্ঠানের সিইও হাবিব রহমান।

তিনি জানান, গ্রুপটি প্রাচীন মায়ান সভ্যতার নিদর্শন 'চিচেন ইতজা' ছাড়াও নানান পর্যটক আকর্ষন কেন্দ্র পরিদর্শন করবে। ভ্রমণ শেষে গ্রুপটি ১ সেপ্টেম্বর আবার নিউইয়র্ক ফিরে আসবে। বাংলা ট্যুরের আরো দুটি গ্রুপ যথাক্রমে ১৫ অক্টোবর পানামা এবং ১৫ নভেম্বর হাওয়াই দ্বীপে যাবে বলে প্রতিষ্ঠানটির পক্ষ থেকেজানানো হয়েছে। আগ্রহীরা ৩৪৭ ২৮০ ৭২৬৯ এই নাম্বারে যোগাযোগ করে হুকুম দিতে পারবেন। -প্রেস বিজ্ঞপ্তি।



আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

Dr. Tahera Nasreen, MD
Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center

Dr. Ataul Osmani, MD
Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন, হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট, **TLC/Motor Vehicle Exam,** মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT — 8 Weeks Course; 4 Hours Each Class; Total 32 Classes (4 days/week); Total Cost : $2000.00; Time : 2 pm to 6 pm

SHSAT — 8 Weeks Course; 5 days/week; Total Cost : $2000.00; Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH — 1st Grade to 6th Grade; 8 weeks course; 3 Hrs./day, 4 days/week; Cost : 600.00

Get 25% Discount sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Congratulations to all our Students who made into Specialized High School

Quality Education Is Our Priority!



Mohammed M. Alam
M.Com (Management). LL.B

জ্যামাইকা হিলসাইড ট্যাক্স অফিস
167-11 Hillside Ave. 2nd Floor Jamaica, NY 11432
Tel: 718-480-3313, Cell: 917-600-4937
Email: mahbubtax@yahoo.com

AUTHORIZED IRS e-file PROVIDER

ট্যাক্স • ইমিগ্রেশন ফরম পুরন • নোটারী

আমাদের সেবা সমূহ

- ফেডারেল এবং সকল স্টেট ট্যাক্স
- বিজনেস ট্যাক্স, করপোরেশন ট্যাক্স
- সেল্‌স ট্যাক্স, পে-রোল ট্যাক্স
- ওপেন নিউ বিজনেস
- ওপেন সেল্‌স ট্যাক্স আইডি
- ফ্যামিলী পিটিশন
- স্পন্সরশীপ ফরম পুরন
- সিটিজেনশীপ ও পার্সপোর্ট
- ডুয়েল সিটিজেনশীপ প্রোসেস
- পাওয়ার অব এ্যাটর্নী ড্রাফট

সকল ষ্টেটের ট্যাক্স এবং ফরম পূরনে সহায়তা করা হয়।

কন্ডো বিক্রয়

ব্রঙ্কস, পার্কচেস্টার, নিউইয়র্ক, ১ বেডরুমের কন্ডো বিক্রয় হবে। ৬ ট্রেন সাবওয়ে এবং মেসির নিকটে। Asking price $210000. Please contact # **934-234-7361**

সেমিবেসমেন্টভাড়া

ব্রঙ্কস পার্কচেস্টার কাছে ৬ ট্রেনে ২২৫৭ নিউ বল্ড এভিনিউ সেমিবেসমেন্ট ২ বেড রুমের বাসা ভাড়া হবে। **যোগাযোগঃ ৭১৮-৮৬৪-৭৩৬৭**

আবশ্যক

এলমহার্স্টে একটি মেডিক্যাল অফিসের রিসেপশনিষ্ট হিসেবে পার্ট টাইম লোক আবশ্যক। প্রয়োজনে প্রশিক্ষণ দেওয়া হবে। যোগাযোগ: ৭১৮-৭৪৯-৪৭৭২
আ-১৬/২৩

আবশ্যক

ব্রঙ্কসের ১৭০৮ ইউনিভার্সিটি এভিনিউস্থ একটি ফ্রাইড চিকেন এন্ড পিজা স্টোরের ফ্রন্ট ও ব্যাক পজিশনে কাজ করার জন্য লোক আবশ্যক। যোগাযোগ: ৩৪৭-৬৫৪-২৩৬১
আ-১৬/২৩/৩০

তান্দুরী শেফ আবশ্যক

আলবেনীতে একটি বাংলাদেশী রেষ্টুরেন্টে একজন তান্দুরী শেফ আবশ্যক। থাকা ফ্রি বেতন আলোচনা সাপেক্ষে। যোগাযোগ: মি. রহমান (৫১৮-৫০৬-৯৮৮২)
আ-১৬/২৩

সেমিবেসমেন্টভাড়া

১৯০ স্ট্রীট এবং ৯০ এভিনিউ, ইসাইবনে মরিয়ম মসজিদের পাশে ২ বেডরুমের সেমিবেসমেন্ট সাথে কিচেন এবং বাথসহ ভাড়া হবে। যোগাযোগঃ ৩৪৭-৬২৪-৩১৩৫

রুম ভাড়া

কুইন্সের পার্সন্স বলেভার্ড ও হিলসাইড এভিনিউ এলাকায় কর্মজীবি সিঙ্গেল অথবা স্বামী স্ত্রী'র কাছে একটি প্রাইভেট হাউজের রেনোভেটেড রুম ভাড়া হবে (দুটি ফুল বাথরুম আছে)। নিরাপদ ও শান্তিপূর্ণ পরিবেশ। যোগাযোগ: ৯১৭-৮০৬-৪৩৮৮
আ-০২

রুম ভাড়া

করোনায় সেভেন ট্রেন সাবওয়ে থেকে দুই ব্লক দূরে একটি এপার্টমেন্টের এক বেডরুম একজন কর্মজীবির পুরুষের কাছে ভাড়া দেওয়া হবে। মাসিক ভাড়া ৩৫০ ডলার (গ্যাস ও ইলেক্ট্রিসিটি অন্তর্ভুক্ত নয়)। বাসায় গেষ্ট নেওয়া যাবে না। যোগাযোগ: ৭১৮-৫০৭-৪১৬৯
আ-০২

এপার্টমেন্ট ভাড়া

এস্টোরিয়ার ৩১-১৩ ২১স্ট্রীট ঠিকানার তিন বেডরুম, লিভিং রুম, কিচেন, একটি ফুল বাথ-এর এপার্টমেন্টে বাসা (থার্ড ফ্লোর) ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: ৯১৭-৫৪১-১৭৭৯
আ-০২

আবশ্যক

নিউইয়র্কের বেসাইড এলাকায় সেভেন ইলেভেন/গ্যাস ষ্টেশন-এ কাজ করার জন্য জরুরী ভিত্তিতে পার্ট টাইম/ফুল টাইম লোক আবশ্যক। যোগাযোগ: ৩৪৭-৭৪৪-৫৯৮৯
আ-০২

বাসা ভাড়া

ইষ্ট এলহার্স্ট-এর নর্দান বুলেভার্ড এলাকায় ৩১ ও ৩২ এভিনিউর উপরে প্রথম তলায় একটি দুই বেডরুমের বাসা ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: ৯১৭-৩০১-২০৬৩
আ-০২

এপার্টমেন্ট ভাড়া

জ্যামাইকার ১৪৬ স্ট্রীট এবং ১০৫ এভিনিউতে তিন বেডরুম এবং দুই বাথরুমের এপার্টমেন্ট ভাড়া দেওয়া হবে। তিন ব্লকের মধ্যে এলআইআরআর এয়ার ট্রেন এবং সাবওয়ে। যোগাযোগ: ৭১৮-৮৮৬-০৮৫৪
জুলা-০৫/১২

রুমমেট চাই

ব্রুকলীনের চার্চ-ম্যাকডোনাল্ডের সন্নিকটে ৪৬৫ ওশান পার্কওয়ে অ্যাপার্টমেন্ট বাসায় বিশাল একটি রুমে অধুমপায়ী পুরুষ রুমমেটের নিকট ভাড়া দেওয়া হবে। যোগাযাগে: ৬৩১-৫৬৮-১১৭৩
জু-২৮/জু-০৫

মহিলা হাউস কিপার আবশ্যক

কুইন্সে ছোট পরিবারের জন্য একজন মহিলা হাউস কিপার আবশ্যক। মান সম্পন্ন রান্না অঅর সাধারণ পরিচ্ছন্নতার কাজ। সপ্তাহে ৫/৬দিন কাজ। বেতন এবং সময়সূচী আলোচনা সাপেক্ষে। যোগাযোগ: ৭১৮-২০৭-৩৭৫৭
জু-২৮/জু-০৫

অ্যাটিক ভাড়া

ব্রঙ্কসের পার্কচেষ্টার এলাকায়, জেরেগা সাবওয়ে থেকে মাত্র দুই ব্লকের মধ্যে এক বেডরুম, এক বাথরুম, লিভিং রুম, ডাইনিং স্পেস ও কিচেন সহ অ্যাটিক ভাড়া দেয়া হবে। বাংলাদেশী গ্রোসারী, মসজিদ ও স্কুল এক ব্লকের মধ্যে।
জু-২৮/জু-০৫

বেসমেন্ট ভাড়া

জ্যামাইকা স্টেটের ৮৭ এভিনিউ এবং ১৮৮ স্ট্রীটের মাঝে দুই বেডরুমের বেসমেন্ট আগষ্ট মাস থেকে ভাড়া হবে। যোগাযোগ: ৩৪৭-৬০৭-৩১৯৮ অথবা ৩৪৭-৫৫৮-৭৭৪
জু-২৮/জু-০৫

আবশ্যক

বাংলাদেশী পরিবারের একটি দশ বছরের বাচ্চাকে সোমবার থেকে শুক্রবার বেলা ২:৩০ থেকে সন্ধ্যা ৮টা পর্যন্ত দেখাশুনা করার জন্য একজন বাংলাদেশী মহিলা প্রয়োজন। ৩৫-৪৭ বছর বয়সী প্রার্থীকে ভালো ইংলিশ জানতে হবে। সেলারী ১৭ ডলার ঘন্টা। যোগাযোগ: ৯১৭-২৮৫-৩৭৯৪ অথবা ৩৪৭-৫৭৯-৯৮৭৮
জু-২৮/জু-০৫

বেসমেন্ট ভাড়া

কুইন্সের বেলরোজে অত্যন্ত ভালো ও নিরিবিলি পরিবেশে হিলসাইড এভিনিউ সংলগ্ন ২৪৬ স্ট্রীট ও ৮৫ এভিনিউতে প্রাইভেট বাসার আপডেটেড বেসমেন্ট শুধুমাত্র স্বামী-স্ত্রী অথবা কর্মজীবী মহিলার কাছে ভাড়া দেওয়া হবে। সহজলভ্য পাবলিক ট্রান্সপোরটেশন। ভাড়া আলোচনা সাপেক্ষ। যোগাযোগ: ৯২৯-৩৯৩-৯০০২ অথবা ৯১৭-৬০০-৪০৭৪
জুন-২১

বাসা ভাড়া

জ্যামাইকার হিলসাইড এভিনিউ ও হাইল্যান্ড এভিনিউর মাঝে ১৬৯ স্ট্রীটে ৩ বেডরুম, লিভিং রুম,ডাইনিং, কিচেন ও ২ বাথরুম সহ বাসা জুলাই মাস থেকে ভাড়া দেওয়া হবে।
জুন-২১/২৮

বেসমেন্ট ভাড়া

কুইন্স ভিলেজের নিরিবিলি পরিবেশে দুজন থাকার জন্য বেসমেন্ট স্টুডিও এপার্টমেন্ট সকল ইউটিলিটি ও ইন্টারনেট ভাড়া হবে। কিউ২ ও কিউ৮৩ বাস কাছাকাছি। ভাড়া ১১০০ ডলার। যোগাযোগ: ৩৪৭-৭৪৪-৭৩৩৯ অথবা ৩৪৭-৯২৩-১২৯৯
জুন-২১/২৮

বেসমেন্ট ভাড়া

কুইন্স ভিলেজের ১৬০-১৯ ৭৬ এভিনিউতে বেসমেন্ট স্টুডিও এপার্টমেন্ট ইউটিলিটি এবং ইন্টারনেট ২জনের কাছে ভাড়া হবে। কিউ-২ এবং কিউ-৮৩ কাছাকাছি। শান্ত পরিবেশ। যোগাযোগ: ৩৪৭-৭৪৪-৭৩৩৯ অথবা ৩৪৭-৯২৩-১২৯৯
জুন-১৪/২১

বাসা ভাড়া

জ্যামাইকার হিলসাইড এভিনিউ ও হাইল্যান্ড এভিনিউর মাঝে ১৬৯ স্ট্রীটে ৩ বেডরুমের বাসা জুলাই মাস থেকে ভাড়া দেওয়া হবে। লিভিং রুম, ডাইনিং, কিচেন ২ বাথরুম সহ। যোগাযোগ: ৯২৯-৩৯৮-৮২৮৩
জুন-১৪/২১

বাসা ভাড়া

ওজোনপার্কের ১০৬-২৪ ৭৫ স্ট্রীটের সেকেন্ড ফ্লোরে এক বেডরুমের বাসা জুলাই মাস থেকে ভাড়া হবে। যোগাযোগ: ৩৪৭-৬০৩-৩১৯৭ অথবা ৩৪৭-৫৫৮-৬৭৭৪
জুন-১৪/২১

বাড়ী বিক্রি

কুইন্স ভিলেজের ৮৯-৫৩ ২০৮ স্ট্রীটে ২২০০ স্কয়ার ফিট সেমি ডিটাচ ৩ বেডরুম, ১.৫ বাথরুম, লিভিং রুম, ডাইনিং রুম, ইট এন্ড কিচেন, ফুললী ফার্নিসড বাড়ী মালিক কর্তৃক বিক্রি হবে। মূল্য: ৬৯৫,০০০ ডলার। যোগাযোগ: ৯১৭-৯৩২-৫৭৪২ (তাহসিন) অথবা ৩৪৭-৯১২-৩১৯৫ (ইসরাত) জুন-১৪/২১

বাসা ভাড়া

ইস্ট এলমহাসবট এর নর্দান বুলেভার্ড এলাকায় ৩১ এবং ৩২ এভিনিউর মাঝে ৮১ স্ট্রীটটের উপর দোতালায় একটি এক বেডরুমের বাসা ভাড়া হবে। যোগাযোগ: ৯১৭-৩০১-২০৬৩
জুন-১৪/২১

স্টুডিও ভাড়া

জ্যামাইকার ১২৫ ষ্ট্রীট ও হিলসাইড এভিনিতে স্বামী-স্ত্রী বা কর্মজীবী মহিলার কাছে স্টুডিও রুম ভাড়া দেওয়া হবে। জুন-০৭/১৪

বেসমেন্ট ভাড়া

ফ্রেসমেডোর ১৬০-১৯ ৭৬ এভিনিউতে বেসমেন্ট স্টুডিও এপার্টমেন্ট ইউটিলিটি এবং ইন্টারনেট ২জনের কাছে ভাড়া হবে। কিউ-২ এবং কিউ-৮৩ কাছাকাছি। শান্ত পরিবেশ। যোগাযোগ: ৩৪৭-৭৪৪-৭৩৩৯ অথবা ৩৪৭-৯২৩-১২৯৯
জুন-০৭/১৪

বেসমেন্ট ভাড়া

ব্রুকলীনের ওজোনপার্কে পিটকিন এভিনিউ ও ৮৩ স্ট্রীটের কাছে বেসমেন্ট ভাড়া হবে। যোগাযোগ: ৩৪৭-৬০৩-৩১৯৮ অথবা ৩৪৭-৫৫৮-৬৭৭৪
জুন-০৭/১৪

আবশ্যক

নর্থ ব্রঙ্কসের একটি কন্সট্রাকশন কোম্পানীতে কাজের জন্য পুরুষ ও মহিলা কর্মী আবশ্যক। বেতন যোগ্যতা অনুসারে। যোগাযোগ: ৯১৭-৪১৬-৫৯৩৯
আ-০২/০৯

HELP WANTED
A growing New York based company looking for an well motivated individual for it's **Sales and Customer Service** position. Candidates with some of the Sales, Marketing and Customers handling experience will be given priority. Pay may start at 20.00 - 25.00 per hour, space to learn and such potential to grow. It is a full time in-office job. Excellence in rapport and communication skill is a must. Total position available: 3 (three).

email: sunjob2016@gmail.com
Text: 917 468-3317

আবশ্যক

জ্যামাকাইকার একটি গ্রোসারী স্টোরে কাজ করার জন্য একজন লোক আবশ্যক। লটো ও কুইক ড্র বিষয়ে অভিজ্ঞ হতে হবে।
যোগাযোগ:
৬৪৬-৩৩৮-৭১৩৬
আ-২৩/৩০

অবশ্যক:
কুইন্সে খুবই চোট একটা পরিবারের জন্য একজন মহিলা কুক (Cook) অবশ্যক। মান সমপন্ন রান্না (fine cookings) এবং সাথে হাউসকিপিং এর কাজ। সপ্তাহে কয় দিন, আওয়ারস এবং বেতন সাক্ষাতে আলোচনা হবে।
Call: 718 207-3757

আবশ্যক

ফ্লোরিডার কিওয়েষ্ট-এ গ্রোসারী স্টোরে কাজের জন্য জরুরী ভিত্তিতে লোক আবশ্যক। ভালো সুযোগ-সুবিধা সহ থাকার ব্যবস্থা রয়েছে। শান্তিপ্রিয় এলাকা, জিরো ক্রাইম, যাতায়াতের জন্য গাড়ীর প্রয়োজন নেই। বাসা থেকে স্টোর হাঁটা পথ। প্রার্থীর কমপিউটার ব্যবহার জানা থাকলে ভালো।

যোগাযোগ: ৩০৫-৮৯৬-৯৫৪৭

জুন-২১/২৮

বিনামূল্যে হেলথ ইন্স্যুরেন্স চান

আপনি কি বিনামূল্যে নিউইয়র্ক ষ্টেট অনুমোদিত হেলথ ইন্স্যুরেন্স পেতে চান? তাহলে আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে হেলথফাস্ট, ফিডালিস কেয়ার, মেট্রোপ্লাস, ইউনাইটেড হেলথ কেয়ার সহ অন্যান্য ইন্স্যুরেন্স প্লান পেতে সহায়তা করব!

শেখ সিরাজ, বাংলাদেশ সেন্টার
Bangladesh Center Inc
ফোন: ৯১৭-৫৪৭-৬৮৩২

মুসলিম কাজী অফিস

Imam & Khatib
Bangla Bazar Jame Masjid
1351 Odell St, Bronx, NY 10462
ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো হয় এবং নিউইর্ক সিটি ল অনুযায়ী ম্যারিজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।



Quazi Moulana Abul Kashem Eahea
Ba (Hons), MA (Bangla)- Kamil-Hadith, Tafsir, Fiqh
Marriage Registrar New York State
(Muslim Nikah & Marriage Solemnization NYC)
Tel: 347-208-9055
Email:abuleahea@gmail.com

MATRIMONIAL SERVICE

কাজী অফিস (NYC Registered)

GET MARRIED ISLAMIC WAY BY
KAZI MOWLANA MD. ABUL KHAIR
IMAM & KHATUB
MASJID AL-ABRAR CULTURAL CENTER USA INC.
70-50, Broadway (Basement), Jackson Heights, NY 11372.
Phone: 646-732-7125, 929-277-7444





দ্যুতির ২০ তম জন্মদিন ও হার্ভার্ড গমন উপলক্ষ্যে

(শেষের পাতার পর)

দ্যুতি ছড়িয়ে এবার বিশ্বাঙ্গনে দ্যুতি ছড়াতে যাচ্ছেন বিশ্ব বিখ্যাত শিক্ষা প্রতিষ্ঠান হার্ভার্ড-এ। তার এই সাফল্যে গর্বিত পিতা-মাতার পাশাপাশি গর্বিত প্রবাসী বাংলাদেশীরাও।

দ্যুতি'র ২০তম জন্মদিন আর হার্ভার্ডে গমন উপলক্ষ্যে গত ১৮ আগষ্ট বুধবার সন্ধ্যায় সিটির ফ্লাসিংস্থ ওয়ার্ড ফেয়ার মেরিনায় ব্যতিক্রমী অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে নিউইয়র্কে বসবাসরত মিডিয়া ছাড়াও বাঙালী শিল্প, সাহিত্য, সংস্কৃতি অঙ্গনের বিশিষ্ট ব্যক্তিবর্গ সপরিবারে উপস্থিত ছিলেন। সর্বস্তরের বিশিষ্ট ব্যক্তিদের উপস্থিতিতে সন্ধ্যাটি বেশ জমে উঠে। চমৎকার আয়োজেন অনুষ্ঠানে ছিলো আড়াডা, কেক কাটা, নাচ-গান আর নৈশভোজ।

অতিথিদের আগমনে বিকেলের পর থেকেই ওয়ার্ল্ড ফেয়ার মেরিনার নদীর পাড় চত্বর জমে ওঠে আড্ডা। এরপর মেরিনার হলে ছিলো ডিনার এবং বলরুমের আন্তরিক পরিবেশে কথায়, গানে, নাচে আড্ডা চলে মধ্যরাত পর্যন্ত।

অনুষ্ঠানে আহকাম-দোলা দম্পতির বক্তব্যে তাদের বিশ্ববিদ্যালয় জীবন, মধুময় প্রেম, পালিয়ে বিয়ে, তারপর সংসার, প্রথম বাবা মা হবার অনুভুতি প্রভৃতি উঠে আসে। এছাড়াও আনন্দ আড্ডায় অংশগহণকারী সবাই উপভোগ করেন সেদিনের সন্ধ্যাটি, আশীর্বাদ এবং শুভেচ্ছা জানায় দ্যুতির পথচলাকে। শুভেচ্ছা জানান দ্যুতির গর্বিত বাবা-মা আহকাম-দোলা -কে। ছবি: নিহার সিদ্দিকী

বাংলাদেশের তরুণ প্রজন্ম কেন

(প্রথম পাতার পর)

নিজের সম্পর্কে কিছু তথ্য দিতে বলা হয়। সেগুলোর মধ্যে একটি হলো রাজনৈতিক দর্শন, অর্থাৎ ওই ব্যবহারকারী রাজনৈতিকভাবে কোনো মতাদর্শে বিশ্বাস করেন। ফেসবুকে বেশির ভাগ তরুণই নিজের রাজনৈতিক মতাদর্শ গোপন করে রাখেন। যারা গোপন করেন না তাদের একটি বড় অংশই লিখেন 'আমি রাজনীতি পছন্দ করি না' কিংবা 'রাজনীতি আমার কাজ নয়'। সেখানে অনেকে 'আদার ব্যাপারীর জাহাজের খবর নিয়ে লাভ কি?' জাতীয় মন্তব্য যেমন লিখেন, আবার অনেকেই রাজনীতি নিয়ে বাজে মন্তব্যও করে থাকেন। সরাসরি রাজনীতিতে যুক্ত এমন অনেক তরুণকেই কেবল 'আমি এই (নিজের পছন্দের দলের নাম) দল করি' জাতীয় মন্তব্য লিখতে দেখা যায়। সুতরাং সাধারণভাবে দেখা যায়, বাংলাদেশের তরুণ প্রজন্ম রাজনীতি নিয়ে নেতিবাচক মনোভাব পোষণ করেন। অতীতে যেমন তরুণদের অনেকেই রাজনীতিতে আসতে চাইতেন হাল আমলে সে রকম সক্রিয় রাজনীতিবিদ দেখতে পাওয়া যাচ্ছে না। হালুয়া রুটির ভাগ নিতে আসা তথাকথিত তরুণ রাজনীতিবিদদের অবশ্য গোনায় ধরে লাভ নেই। সবচেয়ে ভয়ানক বিষয় রাজনীতিতে আসা দূরে থাক, অনেক তরুণই রাজনীতিকে এবং রাজনীতিবিদদের ঘৃণা করেন। আরও ভয়ানক তারা সেটা প্রকাশ্যে স্বীকার করতেও কুণ্ঠাবোধ করেন না! সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা রাশেদা কে চৌধূরী এ প্রসঙ্গে ২০১৫ সালে তার এক কলামে লিখেছিলেন, 'সহিংস কর্মকাণ্ডের কারণে সাধারণ মানুষ, বিশেষ করে তরুণ সমাজ দুই দল এবং রাজনীতির প্রতি বিমুখ হয়ে উঠছে। সামাজিক যোগাযোগমাধ্যমে তরুণেরা সে রকম মন্তব্যই করে যাচ্ছে। বিষয়টি দেশের রাজনীতির জন্য ভালো কোনো সংবাদ বহন করে না। সবচেয়ে বড় কথা, আমাদের রাজনীতিতে বর্তমানে অনুকরণীয় কেউ নেই। সেই অবস্থায় দুই দলের সংঘাত দেশকে আরও বেশি করে নেতৃত্বশূন্যতার দিকে ঠেলে দেবে।' বর্তমান রাজনৈতিক প্রেক্ষাপট ও নেতৃত্বসহ রাজনীতির সামগ্রিক পরিস্থিতি নিয়ে সাধারণ মানুষের মধ্যেও অনেক নেতিবাচক মনোভাব রয়েছে। উন্নয়নশীল দেশ হিসেবে অনেক অলঙ্ঘনীয় বাস্তবতাকে জনগণ মেনে নিলেও তাদের হতাশার জায়গাও কম নয়। মানুষ দেখতে পাচ্ছে, নব্বইতে স্বৈরাচার উৎখাতের পর দেশে গণতান্ত্রিক চেতনা ও সংস্কৃতি বিকাশের সম্ভাবনা সৃষ্টির পরও ইতিবাচক ধারায় পরিবর্তনের গতি অত্যন্ত ধীর। এ ব্যাপারে রাজনীতিবিদ ও সামাজিক নেতৃত্বের উদাসীনতা ও উদ্যোগের অভাবে তারা অনেক বেশি আশাহত। এতে অধিকাংশ মানুষ দেশের রাজনীতির ভবিষ্যৎ নিয়ে শঙ্কা প্রকাশ করেন। আত্মপ্রচারের সংস্কৃতি, দ্বি-দলীয় বিভাজন, ক্ষমতাকেন্দ্রিক মানসিকতা, রাজনীতিতে ধর্মীয় প্রভাব, আদর্শহীনতা, দুর্বৃত্তায়ন ও পৃষ্ঠপোষকতার সংস্কৃতি এই শঙ্কার পেছনে অন্যতম কারণ।

একথা অস্বীকার করার কোনো সুযোগ নেই যে, নির্বাচন সুষ্ঠু কিনা তা নিয়ে অনেক প্রশ্ন থাকলেও নব্বইয়ের পর (এক এগারো বাদে) প্রতি ৫ বছর পরপর দেশে নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে এবং সেগুলোর সবগুলোতেই বড় দলগুলো (২০১৪ বাদে) অংশ নিচ্ছে। কিন্তু এসব নির্বাচন নিয়েও তরুণ প্রজন্মের মধ্যে তেমন এমটা উত্তেজনা কাজ করে না যতোটা না কাজ করে বহুদূরের দুই অপরিচিত দেশের মধ্যে ৪ বছর পর পর অনুষ্ঠিত ফুটবল ম্যাচ নিয়ে! এই রসায়ন বুঝতে হলে, তরুণ প্রজন্মকে ঢালাওভাবে দোষারোপ না করে এর মূলে যেতে হবে। কারণ তরুণেরা ধরেই নিয়েছেন, নির্বাচনের মাধ্যমে সাধারণ মানুষের জীবনমানের তেমন কোনো বড় ধরনের পরিবর্তন হবে না, হবে শুধু ক্ষমতার পালাবদল। এ ছাড়া নির্বাচনকেন্দ্রিক কিংবা সাধারণ সময়ে অনুষ্ঠিত অনেক আন্দোলনের তিক্ত অভিজ্ঞতাও তরুণ প্রজন্মের রাজনীতিবিমুখতার কারণ। উদাহরণস্বরূপ- এক/এগারোর আগের লগি-বৈঠা আন্দোলন, এক/এগারোতে সব বড় রাজনৈতিক দলের বাঘা বাঘা নেতাদের জেলে যাওয়া, ২০১৩ সালে শাহবাগে যুদ্ধাপরাধের বিচারের দাবিতে সমাবেশ এবং শাপলা চত্বরে হেফাজতের সমাবেশ, ২০১৪ সালের ৫ই জানুয়ারি নির্বাচনকেন্দ্রিক এবং পরের বছরের জ্বালাও পোড়াও, নিকট অতীতে ২০১৮ সালের নির্বাচনকেন্দ্রিক বিভিন্ন সহিংসতা দেখেও তরুণদের অনেকে ভীত হয়ে কিংবা বীতশ্রদ্ধ হয়ে রাজনীতি থেকে মুখ ফিরিয়ে নিয়েছেন।

তরুণরা দেখতে পাচ্ছেন, আজ যাকে রাজনৈতিক দলগুলো হিরো বানাচ্ছে, কালই তাকে ছুড়ে ফেলে দিচ্ছে! কাল যে ছিল তার কাছে রোল মডেল, আজ সে রীতিমতো বড় মাপের ভিলেন! আজ যে নেতা অমুক দলের আদর্শের কাছে 'মাথা নত' করে সেই দলে যোগ দিয়েছে, কালই সে ওই দল থেকে বেরিয়ে তাকে গালমন্দ করছে। নির্বাচনে আগে যে রাজনৈতিক দল বড় কোনো দলের সঙ্গে জোট বেঁধেছে, নির্বাচনের ফল ঘোষণার আগেই সেই দল তাকে খারাপ বলছে। সকালে যে নেতা নির্বাচনে যাবো বলছেন, বিকালে তিনি 'নির্বাচন সুষ্ঠু হবে না' বলে রাতেই আবার নির্বাচনের পক্ষে সাফাই গাইছেন। চোখের সামনে দিনের পর দিন, বছরের পর বছর এমনকি অনেক 'বরেণ্য' বা বয়োজ্যেষ্ঠ রাজনীতিবিদদের 'দুই নম্বরি'তে তরুণ প্রজন্ম এখন অভ্যস্ত। তাদের কাছে রাজনীতিবিদরা হয়ে যাচ্ছেন খল অভিনেতা কিংবা কমেডিয়ান। সে কারণেই অনেক রাজনীতিবিদদের 'অনন্ত জলিল' কিংবা 'হিরো আলম'-এর সঙ্গে জড়িয়ে ব্যাপকভাবে ট্রোল করা হয় সামাজিক যোগাযোগ মাধ্যমে।

রাজনীতি বা রাজনীতিবিদদের উপর তরুণদের বিরক্তির উদ্রেক হওয়ার পেছনে অন্যতম আরেকটি কারণ রাজনীতিবিদদের অযাচিত, অশালীন কথাবার্তা। কেবল নিজ দলের শীর্ষ নেতাকে খুশি করার জন্য কিংবা কেবল ব্যক্তিগত আক্রোশের জায়গা থেকে কিংবা কেবলই আত্মপ্রচারের জন্য অনেক রাজনীতিবিদ ঢালাওভাবে মিথ্যা কথা বলে, মুখ খারাপ করেন। তারা বুঝেন না তরুণ প্রজন্ম এসব নিয়ে ফেসবুকে হাসিঠাট্টা করলেও প্রকৃতপক্ষে এসব ভালোভাবে নেয় না। তাছাড়া আজকাল বিজ্ঞান ও প্রযুক্তির কারণে সবাই জানেন সত্যটা কি। নিজ মুখে মনগড়া ইতিহাস রচনা করে দিলেই যে তরুণ প্রজন্ম তা মেনে নেবে- সেটা ভাবা আর বোকার স্বর্গে বসবাস করা একই কথা। গতকাল এক তথ্য দিয়ে আজ সম্পূর্ণ ভিন্ন তথ্য প্রচার করবেন, তাতেও লাভ নেই। সবকিছুরই রেকর্ড থেকে যাচ্ছে।

এতসবের পরও হাল আমলে তরুণ প্রজন্মের অনেকে রাজনীতিতে এসে আলোচিত হলেও তাদের প্রায় সবাই রাজনৈতিক পরিবারের সন্তান। কিন্তু তাদের অনেকেই তুমুল জনপ্রিয়তা লাভের পরও রাজনীতি থেকে নিজেদের গুটিয়ে নিয়েছেন যা দেখে তাদের ভক্ত-অনুসারী অনেক তরুণ রাজনীতির প্রতি আকর্ষণ হারিয়ে ফেলছেন। উদাহরণস্বরূপ, বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদের ছেলে আওয়ামী লীগের নেতৃত্বাধীন মহাজোট সরকারে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মতো গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীর দায়িত্ব পেলেও কিছুদিন পর পদত্যাগ করেন বা করতে বাধ্য হন। সাবেক মন্ত্রী নাজিউর রহমান মঞ্জুর ছেলে, সাবেক এমপি, তুমুল জনপ্রিয় বক্তা, 'স্মার্ট রাজনীতিবিদ' হিসেবে পরিচিত ব্যারিস্টার আন্দালিব রহমান পার্থ প্রায় দুই দশক বিএনপি জোটের সঙ্গে থেকে এক পর্যায়ে নিজ দল নিয়ে জোট থেকে বেরিয়ে যান বা বেরিয়ে যেতে বাধ্য হন। বিশিষ্ট আইনজীবী ও সংবিধান বিশেষজ্ঞ ড. কামাল হোসেনের নেতৃত্বাধীন গণফোরামে যোগদানের দেড় বছরের মাথায় দলটি ছাড়ার ঘোষণা দেন বা দিতে বাধ্য হন সাবেক অর্থমন্ত্রী শাহ এ এম এস কিবরিয়ার ছেলে, বিশ্বব্যাংকের লোভনীয় চাকরি ছেড়ে দেশে রাজনীতি করতে আসা ড. রেজা কিবরিয়া।

বিএনপিতে ঢাকার সাবেক মেয়র, প্রয়াত সাদেক হোসেন খোকার ছেলে ইঞ্জিনিয়ার ইশরাক হোসেন প্রেস ক্লাব এলাকায় নিজ কর্মীকে পুলিশের হাত থেকে উদ্ধার করে ব্যাপক আলোচনায় এসেছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনার চাচাতো ভাই শেখ হেলাল উদ্দীনের ছেলে শেখ তন্ময় বেশ অল্প বয়সে জাতীয় সংসদের সদস্য হয়েছেন। কিন্তু তাদের পথচলা শুরু মাত্র। দিতে হবে বহুপথ পাড়ি। তাছাড়া দু' একটি ঘটনা দিয়ে তাদের জনপ্রিয়তা মাপতে রাজি নন রাজনৈতিক সচেতন মহলও।

তবে এটা ঠিক, অনেকে দেশের বর্তমান রাজনৈতিক সংকটকে হঠাৎ সৃষ্ট কোনো সংকট বলে মনে করেন না। বাংলাদেশের রাজনীতিতে মুক্তিযুদ্ধ ও এরপর ঘটে যাওয়া বিভিন্ন ঘটনার কারণে যেসব অমীমাংসিত ইস্যু রয়েছে সেসব ইস্যুর সমাধান না হওয়া পর্যন্ত এই সংকট থাকবে বলে তাদের মত। আসলে এসব বিষয় নিয়ে দেশের শুধু রাজনীতিবিদ নন, সাধারণ মানুষের মধ্যেও দুটি ধারা লক্ষণীয়। কিন্তু রাজনীতিবিদরা এসব ইস্যু নিয়ে খুব একটা সৎ নন। তাদের কারও কারও অবস্থান যেমন অস্পষ্ট তেমনি কেউ কেউ নির্বাচনী বৈতরণী পার হতে এসব ইস্যুকে ব্যবহার করছেন দিনের পর দিন। ফলে সংকট দীর্ঘায়িত হচ্ছে এবং এর সমাধান না হওয়া পর্যন্ত সংকট বজায় থাকবে। আর সে সংকটের কারণে তরুণ প্রজন্মের একটা বড় অংশ রাজনীতি-বমুখ হয়েই থাকবে।

তাছাড়া এসব দেখে অনেক তরুণ মনে করছেন, রাজনীতি হলো ক্ষমতায় যাওয়ার প্রতিযোগিতার এক দৌড়। এর সঙ্গে সাধারণ মানুষের কোনো সম্পর্ক নেই। বাংলাদেশের রাজনীতি কেবল নিজের জন্য, মানুষের জন্য নয়। নির্বাচন হলে হবে। কিন্তু তাতে সাধারণ মানুষের কিছু হবে না। হবে শুধু ক্ষমতার পালাবদল। কারণ রাজনৈতিক নেতাদের মধ্যে চিন্তার যে বন্ধ্যত্ব, তাদের মধ্যে ক্ষমতার যে মোহ এবং নির্বাচনকেন্দ্রিক যে রাজনীতি তাতে আশার কোনো জায়গা নেই।

তরুণদের অনেকেই মনে করেন, রাজনৈতিক চিন্তার বন্ধ্যত্বের কারণে দেশ আজ গভীর সংকটে। খুব সহজেই বা সহসাই এই সংকট থেকে উত্তরণ ঘটবে না। সেজন্য দেশের রাজনীতিতে যেমন প্রয়োজন গুণগত পরিবর্তন, তেমনি প্রয়োজন সৎ এবং যোগ্য নেতৃত্ব। দেশের রাজনীতির বর্তমান অবস্থা, তরুণ প্রজন্মের রাজনীতিবিমুখতার কারণ এবং এ থেকে উত্তরণের উপায় সম্পর্কে বিভিন্ন সময় বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দও মুখ খুলেছেন।

গেল বছর এক অনুষ্ঠানে প্রয়াত সাবেক প্রধানমন্ত্রী, বিএনপি নেতা, বর্ষীয়ান আইনজীবী ও লেখক ব্যারিস্টার মওদুদ আহমদ দেশে সৎ রাজনীতিবিদের অভাব বলে মন্তব্য করে বলেছিলেন, 'আজ দেশপ্রেমের যে অভাব, প্রতিবাদ করার যে শক্তি আমরা হারিয়ে ফেলেছি-এর চেয়ে চরম দুর্ভাগ্য একটি স্বাধীন দেশের জন্য হতে পারে না। আজকে যে জাতীয় সংকট- সৎ মানুষের অভাবের সংকট। সৎ রাজনীতিবিদের অভাবের সংকট। মিথ্যাচার এখন সত্যাচারে পরিণত হয়েছে। মিথ্যাচারের সংস্কৃতি বাংলাদেশের রাজনীতিতে প্রকট আকারে ধারণ করেছে।'

গেল বছরের শুরুতে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক, বর্ষীয়ান রাজনীতিবিদ, সড়ক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এক অনুষ্ঠানে বলেছিলেন, 'রাজনৈতিক দ্বিধাবিভক্তি এখন চরমে, যা রাজনীতি ও গণতন্ত্রের জন্য অশুভ। রাজনীতিতে সৌজন্যে বিল বোর্ড-পোস্টার- ফেস্টুন থাকলেও সৌজন্যবোধ হারিয়ে গেছে।

রাজনীতিতে খুবই খারাপ সময় চলছে, ষড়যন্ত্রের গন্ধ পাচ্ছি। রাজনীতি ক্রমেই পক্ষপাতিত্ব হয়ে যাচ্ছে। রাজনীতি অসুস্থ হয়ে যাচ্ছে। রাজনীতিকরা এখন সামাজিক অনুষ্ঠান এবং মৃত্যুর সংবাদ শুনেও সেখানে যেতে অনীহা প্রকাশ করেন। এটি রাজনীতি এবং গণতন্ত্রের জন্য ক্ষতিকর। এ থেকে আমাদের বের হয়ে আসতে হবে।'

২০১৭ সালে অন্য আরেকটি অনুষ্ঠানে ওবায়দুল কাদের অনেকটাই ব্যারিস্টার মওদুদ আহমদের সুরে বলেছিলেন, 'বাংলাদেশের রাজনীতিতে সততার অভাব রয়েছে। সততার ঘাটতি পূরণ করতে হলে সৎ মানুষদের রাজনীতিতে নিয়ে আসতে হবে। ভালো মানুষ রাজনীতিতে আসলেই রাজনীতি ভালো হয়ে যাবে। ভালো মানুষ রাজনীতি না করে দূরে সরে গেলে খারাপ লোকেরা রাজনীতির মঞ্চ দখল করবে, এমপি-মন্ত্রী হবে। তারা দেশ চালাবে কিন্তু তাতে দেশের ভালো হবে না। রাজনীতিতে যত ভালো মানুষ আসবে, এমপি-মন্ত্রী হবে তখন রাজনীতি জনগণের কাছে আকর্ষণীয় হবে।'

তবে বিশেষজ্ঞরা বলছেন, দেশের রাজনৈতিক সংস্কৃতির ইতিবাচক পরিবর্তনে রাজনীতিবিদদের যেমন দায়িত্ব রয়েছে, তেমনি নাগরিকদেরও রয়েছে করণীয়। তাছাড়া দেশের সংকট উত্তরণের জন্য মানুষ এখনো রাজনীতিবিদদের উপরই বেশি আস্থাশীল বলেও তারা মনে করেন।

সভাপতি হেলাল, সম্পাদক ইকবাল

(শেষের পাতার পর)

সৈয়দ শাহেদুল হক (সাপ্তাহিক ঠিকানা, নিউইয়র্ক), সেলিম আহমদ (এনটিভি প্রতিনিধি), কামরুজ্জামান হেলাল (প্রতিনিধি আর টিভি), সহ-সাধারণ সম্পাদক ফারজানা চৌধুরী পাঁপড়ি (প্রতিনিধি, প্রথম আলো উত্তর আমেরিকা), সাংগঠনিক সম্পাদক তোফায়েল রেজা সোহেল (দৈনিক যুগান্তর), কোষাধ্যক্ষ আশিকুর রহমান (দৈনিক বাংলাদেশ প্রতিদিন), জুয়েল খাঁন (দৈনিক উত্তরপূর্ব, সিলেট), দফতর সম্পাদক রফিকুল হাসান চৌধুরী তুহিন (হবিগঞ্জের মুখ), ক্রীড়া সম্পাদক দেওয়ান কাউসার (মীর পরবাস) এবং সাহিত্য ও সংস্কৃতি সম্পাদক শফিকুর রহমান (প্রতিনিধি, সাপ্তাহিক ঠিকানা, নিউইয়র্ক)। কার্যকরি কমিটির সদস্যরা হলেন- শামীম আহসান (সম্পাদক, দৈনিক খোয়াই), চিন্ময় আচার্য (সম্পাদক, সুপ্রভাত মিশিগান), মোস্তফা কামাল (ফ্রিলান্স সাংবাদিক), পার্থ সারথি দেব (প্রতিনিধি উত্তর আমেরিকা প্রথম আলো) ও সাইফুল আজম সিদ্দিকী (ফ্রিলান্স সাংবাদিক)। সাধারণ সদস্য মনোনীত হয়েছেন মাহফুজুর রহমান শাহীন (টিভিএন ২৪) ও সাহেল আহমদ (প্রতিনিধি, দৈনিক মানব কণ্ঠ)।

উল্লেখ্য, মিশিগান যুক্তরাষ্ট্রের দ্বিতীয় বৃহত্তম বাংলাদেশী অভিবাসীর বসবাস। এখানে ইতিপূর্বে কোন প্রেসক্লাব ছিলনা।

আন্তর্জাতিকমানের সম্মেলন উপহার দেয়ার প্রত্যয়

(শেষের পাতার পর)

মধ্যেও সিডিসি'র স্বাস্থ্য বিধি মেনে সজিব ও সচল পৃথিবী ও সামাজিক অঙ্গীকারে এই সম্মেলন আয়োজন করা হচ্ছে। যুক্তরাষ্ট্রের লেবার ডে উকেন্ডে অর্থাৎ আগামী ৩, ৪ ও ৫ সেপ্টেম্বর ওয়াশিংটন ডিসি সংলগ্ন ভার্জিনিয়া রাজ্যের আলিংটনের হিলটন ক্রিস্টাল সিটিতে এই সম্মেলন অনুষ্ঠিত হবে। সম্মেলনে থাকবে বাংলাদেশের স্বাধীনতার ৫০ বছর, ঢাকা বিশ্ববিদালয়ের জন্মশত বার্ষিকীর অনুষ্ঠান ছাড়াও ব্যবসা-বাণিজ্য ও সাংবাদিকতা বিষয়ক সেমিনার। আরো থাকবে দেশ ও প্রবাসের শিল্পীদের নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান। আমেরিকার নির্বাচিত জনপ্রতিনিধি ও মূলধারার রাজনীতিক সহ বাংলাদেশের বিশিষ্ট ব্যক্তিবর্গ অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি থাকবেন। সম্মেলনের আয়োজক সংগঠন হচ্ছে 'স্বাদেশ' নামক সামাজিক সংগঠন।

নিউইয়র্কের জ্যাকসন হাইটসের একটি মিলনায়নে শনিবার অপরাহ্নে আয়োজিত এক সাংবাদ সম্মেলনে মোহাম্মদ হোসেন খান ও কাজী সাখাওয়াত হোসেন আজম নেতৃত্বাধীন ফোবানার নেতৃবৃন্দ উপরোক্ত তথ্য জানান।

সংবাদ সম্মেলনের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন ফোবানা সম্মেলনের কনভেনর শরাফত হোসেন বাবু। এরপর পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের পর ফোবানা সম্মেলন বিষয়ে লিখিত বক্তব্য রাখেন সম্মেলনের মেম্বার সেক্রেটারী কবীরুল ইসলাম। পরবর্তীতে উপস্থিত সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন ফোবানার চেয়ারম্যান মোহাম্মদ হোসেন খান, এক্সিকিউটিভ সেক্রেটারী কাজী সাখাওয়াত হোসেন আজম, কনভেনর শরাফত হোসেন বাবু ও কো-চেয়ারম্যান আলী ইমাম। এক পর্যায়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন ফোবানার সাবেক কনভেনর শাহ নেওয়াজ, জনপ্রিয় ও প্রবীণ অভিনেতা আহমদ শরীফ, জনপ্রিয় কণ্ঠশিল্পী বেবী নাজনীন এবং মরমী শিল্পী আব্দুল আলীমের কন্যা, সঙ্গীত শিল্পী জোহরা আলীম।

সংবাদ সম্মেলনে ফোবানার সাবেক সদস্য সচিব ফিরোজ আলম ও প্রবাসের জনপ্রিয় রানো নেওয়াজ সহ ফোবানা কর্মকর্তাদের মধ্যে মাকসুদুল হক চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন।

এক প্রশ্নের উত্তরে ফোবানা নেতৃবৃন্দ জানান, আমরা কোন অনিয়মের কাছে নতি শিকার করবো না। ফোবানা'র নিয়ম-নীতি মেনে, স্বচ্ছতার ভিত্তিতে সম্মেলনের সকল কর্মকান্ড এগিয়ে চলছে।

অপর এক প্রশ্নের উত্তরে ফোবানা নেতৃবৃন্দ বলেন, বিভক্ত ফোবানা ঐক্যবদ্ধ করার প্রক্রিয়া চলছে এবং ঐক্যের ব্যাপারে আমরা আশাবাদী।

মানসিক স্বাস্থ্য সবার জন্য


মাদকাসক্তি পরিষেবাসমূহ

হতাশায় সাহায্য

বিপদে সহায়তা

24/7 কাউন্সেলিং

এবং আরো অনেক কিছু



সেবার জন্য যোগাযোগ:
1-888-692-9355 বা ভিজিট করুন
mentalhealthforall.nyc.gov

আপনি যেই হোন না কেন। আপনার যাই প্রয়োজন হোক না কেন।
NYC আপনার পাশে আছে।

NYC

বাংলা পত্রিকা

প্রান্তিক পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

বাংলা পত্রিকা | The Weekly Bangla Patrika // Monday // August 23 // 2021

আমি পাগল হয়ে কামড়ানো শুরু করবো: পরীমণি




বাংলা পত্রিকা ডেস্ক : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে করা মামলায় তৃতীয় দফায় রিমান্ড শেষে আদালতে তোলা হয়েছে আলোচিত নায়িকা পরীমণিকে। শনিবার (২১ আগস্ট) বিকেল পৌনে তিনটায় আদালতে তোলা হলে তার আইজীবীরা তার সঙ্গে আইনি পরামর্শ নিয়ে কথা বলার আবেদন করলে তা খারিচ করে কারাগারে পাঠানোর আদেশ দেন আদালত। এসময় আদালতে কাষ্টরিতে দাঁড়িয়ে আইনজীবীদের উপর ক্ষিপ্ত হন পরীমণি। আইনজীবীদের উদ্দেশ্যে পরীমণি বলেন, 'আপনারা কি করছেন? আমার সঙ্গে দেখা করার কি আছে? এতোদিন হলো এখনও জামিন করাতে পারলেন না? বুঝেন আমার কি কষ্ট হচ্ছে? আমি তো পাগল হয়ে যাচ্ছি। আমি তো পাগল হয়ে পরে কামড়ানো শুরু করবো।'

লেবার ডে উইকেন্ডের ফোবানা সম্মেলন নিয়ে স্বেচ্ছাচারিতার অভিযোগ







আতিকুর রহমান সালু। সাবেক চেয়ারম্যান গিয়াস আহমেদের পরিচালনায় সভায় অন্যান্যের মধ্যে আলোচনায় অংশ নেন ফোবানার সাবেক চেয়ারম্যান ডা. খন্দকার মাসুদুর রহমান, প্রবীর সাংবাদিক ও বীর মুক্তিযোদ্ধা জয়নাল আবেদীন, নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক সালাহউদ্দিন আহমেদ, বাংলাদেশ সোসাইটির কোষাধ্যক্ষ মোহাম্মদ আলী, বিশিষ্ট ব্যবসায়ী আসিফ বারী টুটুল, মোস্তফা কামাল পাশা বাবুল, তারেক হাসান খান, আব্দুল খালেক, সাবেক কর্মকর্তা নিয়াজ আহমেদ জুয়েল, এনায়েত আলী, আহসান হাবিব, বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব বাবরউদ্দিন, কমিউনিটি নেতা আনোয়ারুল ইসলাম, যুবদল নেতা এম এ বাতিন, ওয়ার্ল্ড হিউম্যান রাইটস ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট শাহ শহীদুল হক সাঈদ, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট তৈমুর জাকারিয়া, মোহাম্মদ নাজমুল আলম শ্যামল প্রমুখ।

সভায় বক্তারা ফোবানা নেতৃত্বের কোন্দল আর বিভক্তিকে দায়ী করে ঐক্যবদ্ধভাবে এক ও অভিন্ন ফোবানা সম্মেলন আয়োজনের পাশাপাশি ঐতিহ্য ফিরিয়ে আনার উপর গুরুত্বারোপ করে বলেন, ফোবানার দ্বিধা-বিভক্তিতে কমিউনিটি বিরক্ত। অযোগ্য নেতৃত্বে ফোবানা নিপতিত। ফোবানায় নেই স্বচ্ছতা আর জবাবদিহীতা। অথচ দলমত নির্বিশেষে সকল বাংলাদেশী আমেরিকানের ঐক্যবদ্ধ প্ল্যাটফর্ম হচ্ছে ফোবানা বাংলাদেশ সম্মেলন।

সভায় লেবার ডে উইকেন্ডে অনুষ্ঠিতব্য ফোবানা সম্মেলনের অনিয়ম দূর করতে গঠন ৫ সদস্যের কমিটি গঠন করা হয়। কমিটির সদস্যরা হলেন- আতিকুর রহমান সালু, গিয়াস আহমেদ, ডা. খন্দকার মাসুদুর রহমান, খন্দকার ফরহাদ এবং আসেফ বারি টুটুল।



বঙ্গবন্ধু পরিষদের উদ্যোগে জাতীয় শেক দিবস পালন

নিউইয়র্ক (ইউএনএ): যুক্তরাষ্ট্র বঙ্গবন্ধু পরিষদের উদ্যোগে 'জাতির জনক' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাত বার্ষিকীতে দোয়া মাহফিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গত ১৫ আগষ্ট শনিবার জ্যামাইকার একটি মিলনায়তনে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। উল্লেখ্য, বাংলাদেশ আওয়ামী লীগের অন্যতম উপদেষ্টা এবং বঙ্গবন্ধু পরিষদের সাধারণ সম্পাদক ডা. এস এ মালেক এর নির্দেশে এই কর্মসূচী পালিত হয় বলে সংশ্লিষ্টরা বার্তা সংস্থা ইউএনএ প্রতিনিধিকে জানান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের উপদেষ্টা নাসির আলী খান পল। খবর ইউএনএ'র।

যুক্তরাষ্ট্র বঙ্গবন্ধু পরিষদের সাধারণ সম্পাদক খান শওকতের পরিচালনা অনুষ্ঠানে বিশেষ দোয়া পরিচালনা করেন সংগঠনের সহ সভাপতি পীরজাদা নুরুল আবদীন। আলোচনায় বক্তব্য রাখেন সংগঠনের উপদেষ্টা আইরিন পারভিন, কণ্ঠযোদ্ধা শহীদ হাসান, উপদেষ্টা আখতার হোসেন, সহ সভাপতি এ কে এম আলমগীর, জুনেদ খান, আব্দুস সালাম, মানিকগঞ্জ উপজেলার প্যানেল চেয়ারম্যান কবি সালেহা ইসলাম, ফার্মাসিষ্ট আউয়াল সিদ্দিকী, আব্দুল কাইউম, আবৃত্তি শিল্পী শ্যামলিপি শ্যামা, সহ সভাপতি রাজু আহমেদ মোবারক, আনোয়ার পারভেজ, আলী হোসেন, ড. টমাস দুলু রায়, আবুল কালাম আজাদ, প্রিয়তোশ দে, শেখ জামাল হোসেন, নিলুফার খান স্বপ্না, আলমগীর ভুইয়া, শাহাদাত হোসেন, সীমন আরবাব, নুরুজ্জামান সরদার প্রমুখ। সমগ্র অনুষ্ঠান উপস্থাপনা ছিলেন আশরাফুল হাসান বুলবুল।

বক্তারা তাদের বক্তব্যে বাঙালী জাতির স্বাধীনতা অর্জনে 'জাতির জনক' বঙ্গবন্ধুর আজীবন সংগ্রামের কথা, স্বাধীনতা বিরোধীদের চক্রান্তে স্বপরিবারে তার হত্যা এবং ষড়যন্ত্রকারীদের বিচার বিষয়ে কমিশন গঠন করে অসমাপ্ত বিচারের উপর গুরুত্বারোপ করেন।

প্রবাসী কোম্পানীগঞ্জ আওয়ামী পরিবারের শোক দিবস পালন



বাংলা পত্রিকা ডেস্ক: নোয়াখালীর কোম্পানীগঞ্জে বিরাজমান হামলা-মামলা-হানাহানির ঘটনা বন্ধে ব্যবস্থা গ্রহনের জন্য সরকারের প্রতি জোর দাবি জানানো হয়েছে। কোম্পানীগঞ্জে স্বাভাবিক অবস্থা ফিরে না আসলে যুক্তরাষ্ট্র প্রবাসী কোম্পানীগঞ্জবাসীরা প্রবাস থেকে কঠোর কর্মসূচি নিয়ে মাঠে নামবে বলে হুসিয়ারী উচ্চারণ করা হয়।

বাংলাদেশের জাতীয় শোক দিবস উপলক্ষে ১৫ আগষ্ট রাতে ব্রুকলীন চার্চ-ম্যাকডোনাল্ডের রাঁধুনী রেষ্টুরেন্টে আয়োজিত যুক্তরাষ্ট্র প্রবাসী কোম্পানীগঞ্জ আওয়ামী পরিবারের উদ্যোগে আয়োজিত এক সভা ও দোয়া মাহফিলে উপরোক্ত দাবী জানানো হয়। অনুষ্ঠানে যুক্তরাষ্ট্র প্রবাসী কোম্পানীগঞ্জবাসী ছাড়াও যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

কোম্পানীগঞ্জের প্রবীণ আওয়মী লীগ নেতা, বাংলাদেশ সোসাইটির সাবেক প্রধান নির্বাচন কমিশনার আবু নাসেরের সভাপতিত্বে সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সহ সভাপতি শামসুদ্দীন আজাদ ও লুৎফুল করিম, কোম্পানীগঞ্জ সরকারি মুজিব কলেজ ছাত্রসংসদের সাবেক ভিপি সেলিম চৌধুরী বাবুল, নিউকার্ক ফ্রেন্ডস অ্যান্ড ফ্যামিলি ফাউন্ডেশনের সভাপতি আবদুল মান্নান, চট্রগ্রাম মেডিকেল কলেজের সাবেক ছাত্রলীগ নেতা ডা. মো. নুর আলম সিদ্দিক মুন্না, বীর মুক্তিযোদ্ধা আবুল মনসুর, কোম্পানীগঞ্জ সরকারি মুজিব কলেজ ছাত্রলীগের সাবেক সভাপতি মোশারফ হোসেন দুলাল প্রমুখ। অনুষ্ঠান (বাকি অংশ ৪১ পাতায়)



কমিউনিটি নেতা মরহুম কামাল আহমেদের ছেলের বিবাহ সম্পন্ন



নিউইয়র্ক: বাংলাদেশ সোসাইটির সভাপতি মরহুম কামাল আহমেদ-এর একমাত্র পুত্র রফি আহমদের সাথে তানবীর আহমেদ-এর একমাত্র কন্যা রাইসা নুনের বিবাহ গত ১৫ আগস্ট রোববার জয়া পার্টি হলে সম্পন্ন হয়। বিবাহ অনুষ্ঠানে কমিউনিটি নেতৃবৃন্দের সাবেক এমপি, ঠিকানা গ্রুপের চেয়ারম্যান এম এম শাহীন, বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি এম এ আজিজ ও আজমল হোসেন কুনু, বর্তমান ভারপ্রাপ্ত সভাপতি আব্দুর রহীম হাওলাদার, সাধারণ সম্পাদক রুহুল আমীন সিদ্দীকী ও কোষাধ্যক্ষ মোহাম্মদ আলী, সাবেক সাধারণ সম্পাদক আতাউর রহমান সেলিম, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা'র সভাপতি ময়নুল হক চৌধুরী হেলাল, সাবেক সভাপতি বদরুল হোসেন খান, সহ-সভাপতি আহবাব চৌধুরী খোকন, কোষাধ্যক্ষ ময়নুল ইসলাম, দি গ্রেটার নোয়াখালী সোসাইটির সাবেক সভাপতি আব্দুর রব মিয়া, সাধারণ সম্পাদক জাহিদ মিন্টু, বিয়ানীবাজার সমিতি ইউএসএ'র সাবেক সভাপতি আজিমুর রহমান বুরহান ও মাসুদুল হক চুনু, সাবেক সাধারণ সম্পাদক শামীম আহমদ, কমিউনিটি নেতা ময়নুল হক চৌধুরী, মরহুম কামাল আহমদের ভাই বাহার আহমদ, শাহীন আহমেদ, বিশিষ্ট ব্যবসায়ী সাহেদ আহমদ, নিজাম উদ্দীন, আলীম উদ্দিন, টাইম টেলিভিশনের পরিচালক (কমিউনিটি আউটরীচ) সৈয়দ ইলিয়াস খসরু, ইয়র্ক বাংলা সম্পাদক রশীদ আহমদ প্রমুখ মধ্যে উপস্থিত ছিলেন।



সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
Safwan Travel & Multi Services Corp.



Mohammed Abdul Khaleque
MLT A.D. (CUNY Bronx Community College)

IATA Accredited Approved Travel Agent

AUTHORIZED e-file PROVIDER

২০ বছরের বেশি ইনকাম ট্যাক্স ফাইলের অভিজ্ঞতা সম্পন্ন

Design, Printing, Flyer, Business Card, Banner, Poster & more!

We Provide
- Individual Tax
- Corporation Tax
- Partnership Tax
- Non-profit Tax
- Gift Tax
- Sale & Payroll Tax
- IRS & State Tax audit Representation
- Immigration
- Accounting
- Bookkeeping
- Business License
- Business Incorporation

লিগ্যাল মাধ্যমে সর্বোচ্চ ট্যাক্স রিটার্নের নিশ্চয়তা এবং বিনামূল্যে পরামর্শ দেওয়া হয়

দেশে যাওয়ার পথে ওমরাহ্ পালনের সুযোগ

এয়ার লাইন্স টিকেট সেল সর্বনিম্ন মূল্যে! ৬৪৯+

নাক্টোর শাড়ী ঘর

Special Eid-Sale

ঈদ উপলক্ষে ৫০% পর্যন্ত ছাড়



শাড়ী, সালোয়ার,কামিজ, বোরকা, পানজাবী, বেড সিট, হেজাব, লুঙ্গী এবং অন্যান কাপড়ের বিশাল সমাহার

এয়ার লাইন্স টিকেট ও নির্ভুল ট্যাক্স ফাইলিং এর জন্য একটি নির্ভরযোগ্য বিশ্বস্ত প্রতিষ্ঠান।

Phone: 347- 621- 4940,718-300-7429
1217 White Plains Road , Bronx , NY 10472

BOMBAY
TRAVELS & GRAPHICS INC.

Grand Opening Special Grand Opening Special Grand Opening Special

সব থেকে সস্তায় টিকেট গ্যারান্টি

টার্কিস এয়ারলাইন্সে সেল সাথে ৩টি লাগেজ ফ্রি

Domestic & International





Bahalul Syed (uzzal)
President

স্পেশাল সেল: সাউদিয়া এয়ারলাইন্স

Emirates | ETIHAD AIRWAYS | SAUDIA | QATAR AIRWAYS | KUWAIT AIRWAYS | TURKISH AIRLINES | SINGAPORE AIRLINES | AA American Airlines

DESIGN & PRINTING
- BANNER
- FLYER
- MAGAZINE
- POSTER
- CALENDAR
- BUSINESS CARD

PASSPORT PHOTO

168-25A Hillside Avenue, Jamaica NY 11432
Phone: 718-725-1332, Cell: 347-586-7124, Email: bombaytg@gmail.com

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS
Direct Lender
Low Closing Cost Good Rate
Call 718-507-LOAN for Approval
70-17, 37th Ave. Suite# 2F, Jackson Heights, NY 11372
Licensed Mortgage Banker of New York

M. Kamal, MLO
CPA

মিশিগানে বাংলা প্রেসক্লাব গঠিত

সভাপতি হেলাল, সম্পাদক ইকবাল

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রের মিশিগানে সাংবাদিকদের প্রাণের সংগঠন বাংলা প্রেসক্লাব, মিশিগান গঠিত হয়েছে। গত ১৫ আগষ্ট রোববার মিশিগানে কর্মরত সকল সাংবাদিক ওয়ারেন শহরের একটি রেষ্টুরেন্টে এ উপলক্ষে এক সভায় মিলিত হন। সভায় ব্যাপক আলাপ-আলোচনার পর সিনিয়র সাংবাদিক হেলাল উদ্দীন রানাকে (দৈনিক মানবজমিন ঢাকা, বাংলা পত্রিকা নিউইয়র্ক) সভাপতি ও ইকবাল ফেরদৌসকে (সম্পাদক/প্রকাশক বাংলা সংবাদ, মিশিগান) সাধারণ সম্পাদক করে ১৭ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। কমিটির সহ-সভাপতি হিসেবে নির্বাচিত হয়েছেন (বাকি অংশ ৪৪ পাতায়)




আপিল কোর্টেও ভাড়াটে উচ্ছেদ নিষেধাজ্ঞা বহাল

বাংলা পত্রিকা ডেস্ক: ফেডারেল আপিল কোর্টেও টিকে গেছে বাইডেন প্রশাসনের ভাড়াটে উচ্ছেদ নিষেধাজ্ঞা। এর ফলে ভাড়া না দিলেও বাসা থেকে উচ্ছেদ করা যাবেনা ভাড়াটেদের। গত মাসের ৩১ তারিখে ভাড়াটে উচ্ছেদ নিষেধাজ্ঞার মেয়াদ (বাকি অংশ ২০ পাতায়)



নবীজি (সা.)-এর দৃষ্টিতে সর্বোত্তম আমল

মুফতি মুহাম্মদ মর্তুজা

মহান আল্লাহর নৈকট্য অর্জনের অন্যতম মাধ্যম হলো নেক আমল। কোরআন-হাদিসের নির্দেশনা মোতাবেক নেক আমলের মাধ্যমে (বাকি অংশ ২০ পাতায়)



সাঈদ-উর-রব পাচ্ছেন জাতীয় ক্রীড়া পুরস্কার

বাংলা পত্রিকা রিপোর্ট: বাংলাদেশের ক্রীড়াঙ্গনে বিশেষ অবদান রাখার জন্য সাবেক জাতীয় অ্যাথলেট, মৌলভীবাজার জেলার কুলাউড়ার (বাকি অংশ ৩২ পাতায়)

২১ আগষ্ট গ্রেনেড হামলা দিবস পালন

হামলার মূলহোতা তারেক রহমান : ড. সিদ্দিক

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান বলেছেন, ২১ আগস্ট গ্রেনেড হামলার মূলহোতা তারেক রহমান। লন্ডন থেকে তাকে ফিরিয়ে এনে তার শাস্তি নিশ্চিত করতে হবে। ঢাকায় ২০০৪ সালের ২১ আগস্ট (বাকি অংশ ৩২ পাতায়)

একুশে আগষ্ট স্মরণে সভা ও দোয়া

নিউইয়র্ক: যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের উদ্যোগে একুশে আগষ্ট 'গ্রেনেড হামলা দিবস' হিসাবে পালন করা হয়েছে। এ উপলক্ষ্যে শনিবার (২১র আগষ্ট) জ্যাকসন হাইটের খাবার বাড়ি চাইনিজ রেস্টুরেন্টে এক আলোচনা (বাকি অংশ ১৮ পাতায়)

৩৫তম ফোবানা কমিটির সংবাদ সম্মেলন

আন্তর্জাতিকমানের সম্মেলন উপহার দেয়ার প্রত্যয়

বাংলা পত্রিকা রিপোর্ট: উত্তর আমেরিকা প্রবাসীদের সাথে দেশের সেতুবন্ধনকে আরো জোরদার এবং আন্তর্জাতিকমানের সম্মেলন উপহার দেয়ার প্রত্যয় ঘোষণা করেছেন ৩৫তম ফোবানা সম্মেলনের একাংশের নেতৃবৃন্দ। মহ-ামারী করোনার (বাকি অংশ ৪৪ পাতায়)



খেলার খবর

শিশিরকে নিয়ে ৯৬ তলায় সাকিব

বাংলা পত্রিকা ডেস্ক: কাচের পেছনে দেখা যাচ্ছে আলো ঝলমলে রাতের শিকাগো শহর। আর কাচের এই পাশে ৯৬ তলায় সাকিব আল হাসান-উম্মে আহমেদ শিশির। জায়গাটা (বাকি অংশ ৪১ পাতায়)

হেলথ টিপস

আমের আঁটির গুণ

বাংলা পত্রিকা ডেস্ক: এখন আমের মৌসুম। বাজারে আমের ছড়াছড়ি। পুষ্টিগুণে আম যেমন অনন্য, তেমন আমের আঁটিতেও রয়েছে অনেক পুষ্টি উপাদান। এতে আছে ভিটামিন এ, সি, ই, পটাশিয়াম, ম্যাগনেশিয়াম, (বাকি অংশ ১৮ পাতায়)

সাঈদ তারেক-এর কলাম

বিদেশের দালালদের পরিনতি!



ভিন দেশের দালালদের শেষ পরিনতি কি দাঁড়ায় একবার দেখেছিলাম '৭১এর ১৬ ডিসেম্বরের পর সদ্য স্বাধীন বাংলাদেশে, আর গত ক'দিন ধরে দেখছি আফগানিস্তানে! (বাকি অংশ ১৮ পাতায়)

দ্যুতির ২০ তম জন্মদিন ও হার্ভার্ড গমন উপলক্ষ্যে আনন্দ আড্ডা



বাংলা পত্রিকা রিপোর্ট: বাংলাদেশের জনপ্রিয় আবৃত্তি শিল্পী এএফএম আহকাম উল্লাহ ও বিশিষ্ট শিক্ষানুরাগী ড. বি-লকিস রহমান দোলার কন্যা আবিবা ইমাম দ্যুতি দেশ ও প্রবাসে (বাকি অংশ ৪৪ পাতায়

প্রতারণা মামলায় জেকব মিল্টন নির্দোষ



নিউইয়র্ক (ইউএনএ): নিউইয়র্কের কতিপয় ব্যক্তির দায়ের করা প্রতারণা মামলায় জেকব মিল্টন নির্দোষ প্রমাণিত হয়েছেন। বিগত ২০০৭ সালের দায়ের করা ঐ মামলাটির (বাকি অংশ ১৮ পাতায়)

যে প্রক্রিয়ায় বাড়ি বিক্রেতা প্রতারিত করতে পারেন



এম কামাল: এমনও হতে পারে বাড়ি বিক্রেতার দৃষ্টিতে সবচেয়ে বাজে রিয়েল এস্টেট এজেন্ট বিক্রয় এজেন্ট হিসাবে সবচেয়ে দক্ষ হতে পারেন-তারা জানেন, (বাকি অংশ ২০ পাতায়

বোস্টনের 'আমানাস কিচেন' জনপ্রিয় হয়ে উঠছে



আশরাফুল হাবিব মিহির: রান্না করা তার শখ, মজার মজার রান্না করে অন্যদের খাইয়ে নিজে খুব খুশী, তৃপ্তবোধও করেন। অনেক আগে থেকেই ইচ্ছে ছিলো নিজের শখটা পেশায় পরিণত করার। থেমে থাকেনি পথ চলা, কুকিং(বাকি অংশ ১৮ পাতায়)

কনস্যুলেটে'র উদ্যোগে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচী

নিউইয়র্ক: মুজিব বর্ষ ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৬তম শাহাদত বার্ষিকী উপলক্ষ্যে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল ও নিউইয়র্ক ব্লাড সেন্টার যৌথভাব স্বেচ্ছায় রক্তদান কর্মসূচী আয়োজন করে। শুক্রবার (২০ আগস্ট) দুপুর ১টা হতে (বাকি অংশ ২০ পাতায়)

বিনোদন

'নো টাইম টু ডাই'র নতুন মুক্তির তারিখ ঘোষণা

বিনোদন ডেস্ক: বিশ্বজুড়ে করোনার তান্ডবের কারণে বারবার পেছাচ্ছিল জেমস বন্ড সিরিজের পরবর্তী সিনেমা 'নো টাইম টু ডাই'র মুক্তির দিনক্ষণ। অবশেষে এলো সেই সুখবর! (বাকি অংশ ১৮ পাতায়)

সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
IATA Approved Travel Agent
সেল সর্বনিম্ন মূল্যে! নিউইয়র্ক-ঢাকা-নিউইয়র্ক ৬৪৯+ Tax
ওমরাহ
Tel: 347 - 621- 4940, Cell: 718-300 -7429
1217 White Plains Road,Bronx,NY 10472. E-Mail: Safwantravel@gmail.com

এস্টোরিয়ায় ডিজিটাল ট্রাভেলস
ফোন: 718-721-2012
বিস্তারিত ৭ পৃষ্ঠায় দেখুন

মজুমদার ফাউন্ডেশনের স্কুল সাপ্লাই বিতরণ রোববার

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্কের বিভিন্ন স্কুলে অধ্যয়নরত ছাত্রী-ছাত্রীদের মাঝে মজুমদার ফাউন্ডেশন আগামী ২৯ আগস্ট বিনামূল্যে স্কুল সাপ্লাই বিতরণ করবে। এদিন বিকেলে ব্রঙ্কসের (বাকি অংশ ২০ পাতায়)

জ্যাকসন হাইটসে
মেঘনা ট্রাভেলস
718-478-1920
718-930-1494
বিস্তারিত ৩৮ পাতায়

Largest & Most Reliable Travel Agent
CONCORDE
Travel Inc
Jackson Heights: 347-448-6175
Manhattan: 212-563-2800
Call: 917-355-7374
বিস্তারিত দেখুন ৩৭ পাতায়



Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com